# বারমুডা ট্রাইএঙ্গেল

এবং

# দাজ্জাল

মাওলানা আসেম উমর

# আপনি কি জানেন...?

- সাম্প্রতিক চলমান যুদ্ধসমূহ কি তৃতীয় বিশ্বযুদ্ধের ভূমিকা..?
- দাজ্জালের ব্যাপারে আপনি কতটুকু জানেন ? আন্তর্জাতিক সংগঠনগুলোর প্রকৃত বাস্তবতা সম্পর্কে আপনি কতটুকু জ্ঞান রাখেন !
- দিনদিন অবনতি হতে যাওয়া অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থাপনার সাথে দাজ্জালের কোন সম্পর্ক আছে কি ?
- মুসলিম ব্যবসায়ী ও কৃষক ভাইদের সফলতা কিভাবে সম্ভব..!!
- বারমুডা ট্রাইএঙ্গেলের অজানা গুপ্তরহস্য সম্পর্কে আপনি কতটুকু জানেন..!!
- ফ্লাইং সোসার্স কি এবং দাজ্জালের সাথে এর কি কোন সম্পর্ক রয়েছে..?
- ভারত কি অদূর ভবিষ্যতে সম্পূর্ণ মুসলমানদের দখলে চলে আসবে ?
- মিডিয়ার প্রচারকৃত মিথ্যা প্রোপাগান্ডা থেকে নিজেকে আপনি কিভাবে রক্ষা করতে পারেন..!
- ইমাম মাহদী প্রকাশের পর আপনি কি ইমাম মাহদীর বাহিনীর সাথে হবেন ? নাকি আমেরিকা এবং তার মিত্রদের সাথে ?
- আপনি যদি ইমাম মাহদীর সাথেই থাকার ইচ্ছা করেন, তবে বর্তমান সময়ে ইমাম মাহদীর বাহিনীকে শক্তিশালীকারী দলকে কেন সহযোগীতা করছেন না..!!

# সূচী.....


পঠনের পূর্বে কিছু কথা.....৭
ভূমিকা.....১০৭
*১ম ভাগ..*
শয়তানী সমুদ্র, বারমুডা ট্রাইএঙ্গেল এবং ফ্লাইং সোসার্স.....১৫
ড্রাগন ট্রাইএঙ্গেল/শয়তানী সমুদ্র.....১৬
শয়তানী সমুদ্রের অবস্থান.....১৬
সামুদ্রিক জাহাজ... অজানা গন্তেব্যের দিকে.....১৭
রাসায়ণিক সাবমেরিন গায়েব.....১৮
শয়তানী সমুদ্রে গায়েবকৃত বিমান.....১৯
*২য় ভাগ..*
বারমুডা ট্রাইএঙ্গেলের অবস্থান.....২০
বারমুডা ট্রাইএঙ্গেল কি আসলেই ট্রাইএঙ্গেলের আকৃতিতে.....২০
জাহাজের কবরস্থান.. বারমুডা ট্রাইএঙ্গেল.....২১
যাত্রী গায়েব..... জাহাজ উপকূলে.....২২
ডুবে যাওয়া জাহাজ ফেরত .....২৩
আরো একটি আশ্চর্য বার্তা.....২৪
বারমুডা ট্রাইএঙ্গেলে গায়েব হওয়া প্রসিদ্ধ কয়েকটি জাহাজ.....২৪
বারমুডার আকাশ..... বিমান শিকারস্থল.....২৫
ফ্লাইট ১৯.... ছয়টি প্লেনেরে ঐতিহাসিক ভ্রমণ.....২৭
বারমুডার আকাশে গুম হওয়া প্রসিদ্ধ কয়েকটি প্লেন.....২৯
বারমুডা ট্রাইএঙ্গেল এবং শয়তানী সমুদ্রের মধ্যে সম্পর্ক.....২৯
বারমুডা ট্রাইএঙ্গেল এবং কতিপয় মন্তব্য.....২৯
সামঞ্জস্য বিধান.....৩২
গিয়ান কাউসার পরে বলেন.....৩২
আধুনিক প্রযুক্তি এবং "গোপন শক্তি".....৩৪
কে সেই ব্যক্তি ??.....৩৫
বারমুডা ট্রাইএঙ্গেল... অজানা এক গোপন আস্তানা..... ৩৬
কুইন এলিজাবেথ প্রথম" নামক জাহাজে উপস্থিত 'জন সিন্ডরে"র বর্ণনা.....৩৬
আগুনের গোলা এবং ট্রাইএঙ্গেল .....৩৭
বিজলী এবং রহস্যময় মেঘ.....৩৮
ব্রিটিশ রেজিমেন্ট... মেঘ কোথায় নিয়ে চলল !!.....৩৮
ঘড়ির টাইম থমকে যাওয়া...(Time Warp).....৩৯
*(Flying Saucers) ফ্লাইং সোসার্স (অশনাক্ত উড়ন্ত বস্তু)..*
ফ্লাইং সোসার... চোখের ধাঁধাঁ নাকি বাস্তব!!.....৪২
মার্কিন প্রেসিডেন্টের সাথে ফ্লাইং সোসার্স অধিকারীদের সাক্ষাত.....৪৪
হোয়াইট হাউসে ফ্লাইং সোসার্স.....৪৫
ফ্লাইং সোসার্স পাকিস্তানে.....৪৬
ফ্লাইং সোসার্স ইন্ডিয়ায়.....৪৬

"জিমি কার্টার"ও ফ্লাইং সোসার্স দেখেছেন.....৪৭
এমনকি উড়ন্ত প্লেনও ফ্লাইং সোসার্সের পেটে.....৪৮
ফ্লাইং সোসার্সের পিছু গমন... ভয়াবহ পরিণাম.....৪৮
ফ্লাইং সোসার্সের  মাধ্যমে মানুষ অচেতন.....৪৮
ফ্লাইং সোসার্সের কিছু প্রসিদ্ধ ঘটনা.....৫০
ফ্লাইং সোসার্স... আসে কোত্থেকে ??!!.....৫০
ফ্লাইং সোসার্স সমুদ্রে.....৫২
ফ্লাইং সোসার্স... কোথায় সেই স্বাধীন সাংবাদিকতা ??!!.....৫৪
ফ্লাইং সোসার্সে  ভ্রমণকারীরা আমাদের মতই সাধারণ মানুষ...!.....৫৫
কিন্তু কে সে ??!!.....৫৭
ফ্লাইং সোসার্স কি "কানা দাজ্জালে"র মালিকানায় ??!!.....৫৮
দাজ্জাল কি জিঞ্জির থেকে মুক্ত হয়েছে ??.....৬০
পেন্টাগনের সাথে কি দাজ্জালের কোন যোগাযোগ রয়েছে ??.....৬২
ইউরোপের সাইন্সে বৈপ্লবিক পরিবর্তন... দাজ্জালের কর্তৃত্ব.....৬৪
আলবার্ট আইনষ্টাইন এবং দাজ্জাল.....৬৫
আইনষ্টাইনের খোদা.....৬৬
আমেরিকার অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যম কি তাহলে বারমুডা ট্রাইএঙ্গেল ??....৬৭
"নাসা" NASA, গবেষণা ভ্রমণ ? নাকি কপি !.....৭০
*দ্বিতীয় অধ্যায়..*
দাজ্জালের ফেতনা.....৭১
ফেতনা সম্পর্কে অবগত হোন... অন্যথায়.....৭২
প্রসিদ্ধ ও নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ ফেতনায়.....৭৩
পথভ্রষ্ট দুটি দুল.....৭৪
মিথ্যুক এবং অত্যাচারী শাসক.....৭৬
প্রত্যেক সম্প্রদায়ের নেতা-ই মুনাফিক হবে.....৭৬
মুনাফিকদের ফেতনা.....৭৭
এতদসত্তেও মুনাফিকদের অবস্থা.....৭৮
চাঁপাবাজ মুনাফিকদের ফেতনা.....৭৮
জাহান্নামের দিকে আহবানকারী.....৮০
মানুষকে প্রভু বানিয়ো না.....৮০
ইমাম গাযালী রহ. এর দৃষ্টিতে দুই প্রকার আলেমের পার্থক্য .....৮২
অযোগ্য নেতৃত্ব... কেয়ামতের নিদর্শন .....৮৬
*দাজ্জাল আত্মপ্রকাশের নিদর্শনাবলী..*
দাজ্জালের পূর্বে যুদ্ধের কাতারবন্দি.....৮৭
মিম্বর ও মেহরাব থেকে দাজ্জালের আলোচনা বন্ধ হয়ে যাওয়া.....৮৮
ধূমকেতু (Comet) প্রকাশ হওয়া.....৮৮
ঝর্ণা এবং নদীগুলো শুকিয়ে যাবে.....৮৯
ফুরাত নদী শুকিয়ে যাবে.....৯০
ঋতুর পরিবর্তন.....৯১
পাকিস্তান...অস্বাভাবিক ঋতুর পরিবর্তনসমূহ.....৯২
ফ্যাশন... নাকি দাজ্জালের ষ্টাইল.....৯২

আধুনিক হেয়ারষ্টাইল... নাকি... দাজ্জালের হেয়ারষ্টাইল!.....৯২
দাজ্জালে চোখ... এবং মাল্টি ন্যাশনাল কোম্পানীসমূহ.....৯৩
দাজ্জালের জান্নাত ও জাহান্নাম.....৯৪
দাজ্জালের বাহন... নাকি ফ্লাইং সোসার.....৯৫
সময়ের হিসাবে ভূ-পৃষ্ঠের স্থানসমূহ অতিক্রম করা.....৯৬
দাজ্জালের বাহন... আরো কিছু দুর্বল বর্ণনা.....৯৭
দাজ্জালের কারিশমা.....৯৯
দাজ্জালের উপর সবচে' ভারী... বনূ তামীম সম্প্রদায়.....৯৯
"খোয" এবং "কিরমান" গোত্রদ্বয়ের সাথে যুদ্ধ.....৯৯
ইরানের সাথে দাজ্জালের সম্পর্ক ??...গুরুত্বপূর্ণ প্রশ্ন.....১০১
ইরান এবং হিযবুল্লাহ.....১০২
ইরান এবং মুকতাদা আল-সদর.....১০৩
ইরানে অবস্থিত ইহুদীদের নিদর্শনসমূহ... নাকি অন্য কিছ.....১০৩
এছাড়াও জেনে রাখুন... আরো কিছু তথ্য.....১০৪
"নিউ ওয়ার্ল্ড অর্ডার".. আন্তর্জাতিক নতুন সিষ্টেম.. নাকি নতুন ধর্ম.....১০৪
দাজ্জাল কেমন দুনিয়া চায়.....১০৮
"ব্লেক ওয়াটার" বাহিনী.....১১১
মিডিয়া... দাজ্জালের বড় হাতিয়ার.....১১২
সন্দেহের কিছু নমুনা.....১১৩
ওয়ার্ল্ড ট্রেড সেন্টার" ধ্বংস... বাস্তবতা কি ??.....১১৩
মুসলমান... মিডিয়ার দৃষ্টিতে.....১১৪
দেমাগ পবিত্রকরণ... নাকি ব্রেইন ওয়াশিং.....১১৫
মিডিয়া এবং মুখের বুলি.....১১৭
কন্ঠের জাদু.....১১৮
মিডিয়ার মাধ্যমে দৃষ্টিভঙ্গির পরিবর্তন.....১১৮
মিডিয়ার অপপ্রচার : সমস্যার সমাধান.....১২০
আক্রমণমূলক দাওয়াত.....১২১
*আন্তর্জাতিক সংস্থাসমূহ, দাজ্জালের সহযোগী..*
শয়তানদের কেন্দ্র... বিশ্ব স্বাস্থ্য সংস্থা (W.T.O).....১২৩
বংশীয় ধারাবাহিকতা বন্ধ করার ষড়যন্ত্র.....১২৩
পোলিও এর ফোটা... এইডসে আক্রান্ত হওয়ার কারণ !.....১২৫
জল নিয়ে...বিশ্বযুদ্ধ.....১২৯
পানিশূন্যতার দৃষ্টান্ত বলিভিয়ায়.....১৩০
কৃষকদের দুশমন...দাজ্জাল.....১৩০
মুসলমান ব্যবসায়ীদের দুশমন...কানা দাজ্জাল.....১৩১
যৌথ কারেন্সি.....১৩৩
যোগাযোগ ব্যবস্থা.....১৩৩
কম্পিউটার এবং ইন্টারনেট.....১৩৩
নারীজাতির জন্য দাজ্জালের জাল.....১৩৩
পুরুষদের দায়িত্ব.....১৪২
এন,জি,ও.....১৪২

ওয়াইল্ড লাইফ এবং লাইভষ্টাক.....১৪৩
জাদু... আত্মীকতার আকৃতিতে.....১৪৩
শয়তানের পূজারী...(Sanatist) .....১৪৪
সাইনবোর্ড এবং টেলিভিশন বিজ্ঞাপন...গোপন সংকেত.....১৪৫
নষ্টারডেমাস এর ভবিষ্যদ্বাণী ? নাকি আবূ হুরায়রা রা.এর পান্ডুলিপি.....১৪৭
মাছীহুদ্দাজ্জাল.....১৬০
আমরা কোন যুগে বাস করছি.....১৬৬
দাজ্জাল কোনই ক্ষতি করতে পারবে না.....১৭৫
আমেরিকা এবং তালেবান, বর্তমান পরিস্থিতি.....১৮০
ইসলামপন্থী এবং ইসলামবিদ্বেষীদের মাঝে টানাপোড়ন.....১৯২

## পঠনের পূর্বে কিছু কথা

রহস্যময় বারমুডা ট্রাইএঙ্গেলের ব্যাপারে লেখার মাধ্যমে আপনার জ্ঞানের ভান্ডার বৃদ্ধি করা আমার উদ্দেশ্য নয়; বরং প্রিয়নবী মুহাম্মাদ সা. এর ঐ শিক্ষার উপর আমল করা উদ্দেশ্য, যা তিনি জীবদ্দশায় সাহাবায়ে কেরামকে বিভিন্ন ফেতনা সম্পর্কে সতর্ক করার জন্য দিতেন। নবী করীম সা. সদা উম্মতের ভবিষ্যত ফিকির নিয়ে ব্যস্ত থাকতেন, যদ্দরূন সাহাবায়ে কেরামকে কেয়ামত পর্যন্ত আগত সকল ফেতনা সম্পর্কে অবহিত করে তাদেরকে বারবার সতর্ক করতেন। শুধু সতর্কই নয় বরং যেখানে ফেতনার আশংকা করতেন, নিজে সেখানে গিয়ে সাহাবায়ে কেরামকে ফেতনার বিবরণ শুনাতেন। মদীনায় এক ইহুদী ছেলের মাঝে দাজ্জালের আলামত প্রকাশের কথা শুনে স্বয়ং নবিজী সা. তার ব্যাপারে যাচাই করার জন্য সাহাবায়ে কেরামকে নিয়ে ছেলের বাড়ী পর্যন্ত গিয়েছিলেন, চুপিসারে তার ব্যাপারে তদন্ত করতেন, তার মতিগতি লক্ষ্য রাখতেন। তেমনি হযরত উমর রা. স্বীয় খেলাফতকালে যখন জানতে পারলেন- ইয়েমেনে টিড্ডি বিলুপ্ত হয়ে গেছে, ভিষন ঘাবড়ে গিয়েছিলেন এবং পরিস্থিতি তদন্তের জন্য বিশেষ টিম প্রেরণ করেছিলেন। কারণ টিড্ডি বিলুপ্ত হওয়া কেয়ামত ঘনিয়ে আসার একটি অন্যতম নিদর্শন।

বারমুডা ট্রাইএঙ্গেল, শয়তানী সমুদ্র এবং ফ্লাইং সোসার্স সম্পর্কে ইংরেজী ভাষায় বহু গ্রন্থ লেখা হয়েছে, কিন্তু এ সকল গ্রন্থ আর বিবরণ শুধুমাত্র অলৌকিক কিছু ঘটনা বর্ণনা করে অথবা বেশি থেকে বেশি বৈজ্ঞানিক দৃষ্টিতে এর বিশ্লেষণ করে। মুসলিম গবেষকদের মধ্যে একমাত্র মুহাম্মদ ঈসা দাউদ মিসরী'ই বারমুডা এবং ফ্লাইং সোসার্স নিয়ে সুগভীর গবেষণা করে বিষয়টিকে হাদীসের আলোকে বুঝানোর চেষ্টা করেছেন। এক্ষেত্রে লেখকের দৃষ্টান্ত একজন দোকানদারের ন্যায়; যে তার সওদা বিক্রির আশায় বিভিন্ন পায়কার থেকে মালামাল সংগ্রহ করে তা বিক্রির চেষ্টা করে। নিজের এই সওদাটুকু হচ্ছে "উম্মতের দরদ"। এই সামান্য দরদকে স্বীয় মুসলিম ভাইবোনদের মাঝে ছড়িয়ে দেয়ার আশায় মনের ছোট্র গহীনে যে পন্থাই দৃষ্টিগোচর হয়েছে সে তাই বেছে নিয়েছে। অন্যথায় বারমুডা ট্রাইএঙ্গেলই কি আর ফ্লাইং সোসার্স অধিপতিরাই বা কোন জাতি ??।। ছোট্র একটি জীবন, যা মহান আল্লাহ তা'লা আমানতস্বরূপ দান করেছেন, যখন ইচ্ছা ডাক দিয়ে কাছে নিয়ে নেবেন। প্রত্যেককেই নিজ কর্মের জবাবদিহিতা খোদার সামনে করতে হবে। এ দরদটুকু আরো বেড়ে যায় যখন বিবেকবান শিক্ষিত ব্যক্তিদের দেখি তারাও দলে দলে এই মতিভ্রষ্টতার দিকে দৌড়ে চলে যাচ্ছে। পরিস্থিতি না কুরআনী দৃষ্টিতে নিরীক্ষণ করছে, না প্রিয়নবী মুহাম্মদ সা. এর বাতানো হাদীসসমূহ দ্বারা বর্তমান প্রেক্ষাপট বুঝার চেষ্টা করছে। বিবেকবান ব্যক্তিদের দৃষ্টিভঙ্গি, চিন্তাচেতনা আর ভবিষ্যতবাণী শুনলে কখনো আসে হাসি আর কখনো কান্না। এভাবে হক আর বাতিলের বিষয়ে স্বীয় কথা আর কাজের মাধ্যমে সে দাজ্জালের সৈন্যদের সাহায্য করছে আর ইমাম মাহদী আ. ও তার মুজাহিদীনের অন্তরে দুঃখ আর বেদনার ষ্টীম রুলার চালাচ্ছে।

গ্রন্থটি দুটি ভাগে লিপিবদ্ধ হয়েছে, প্রথম ভাগের তিনটি অধ্যায়ে যথাক্রমে শয়তানী সমুদ্র, বারমুডা ট্রাইএঙ্গেল এবং ফ্লাইং সোসার্স নিয়ে আলোচনা করা হয়েছে। দ্বিতীয় ভাগে ফেতনা সম্পর্কে মহানবী সা. যে সকল ভবিষ্যতবাণী আর সতর্কবাণী করেছেন তার বিবরণ দেয়া হয়েছে। লেখক এ গ্রন্থে ঐ হাদীসসমূহ পূণরোল্লেখ করেননি, যেগুলো দ্বিতীয় গ্রন্থ "তৃতীয় বিশ্বযুদ্ধ এবং দাজ্জাল" গ্রন্থে উল্লেখ করেছেন। সুতরাং ইমাম মাহদী আ. এবং দাজ্জালের বিষয়ে যদি কোন পাঠক বিস্তারিত আরো তথ্য জানার আগ্রহ করেন তবে দ্বিতীয় গন্থটি অধ্যয়নের অনুরোধ রইল। এখানে যতদূর আমার গবেষণার সম্পর্ক- দাজ্জাল বারমুডার ট্রাইএঙ্গেলে নাকি শয়তানী সমূদ্রে ? ফ্লাইং সোসার্স এর প্রকৃত গডফাদার সে নাকি অন্যকেউ ? এ ধরনের যাবতীয় আলোচনা আর গবেষকদের বিভিন্ন মতামতগুলোকে আমি এখানে একত্রিত করেছি। কেননা দাজ্জাল আবির্ভাবের প্রকৃত জ্ঞান একমাত্র আল্লাহ তা'লারই জানা। তাই অধমের এ ব্যাপারে কোন বাড়াবাড়ী নেই। তবে হ্যাঁ... কারো মতামত যদি হাদীসের সঙ্গে মিলে যায়, তাহলে তা বর্ণনা করেছি। ফ্লাইং সোসার্সের ব্যাপারেও আমি একই পদ্ধতি অনুসরণ করেছি।

সুতরাং গ্রন্থে বর্ণিত গবেষকদের মতামত আর দৃষ্টিভঙ্গির বিপরীতে কারো কাছে যদি কোরআন-

হাদীসের কোন দলীল বিদ্যমান থাকে, তবে সেটাই অধিক গ্রহণযোগ্য। অধমের আসল উদ্দেশ্য- এ ভয়ানক ফেতনার অনুভূতি সরলমনা মুসলমানদের অন্তরে জাগিয়ে দেয়া যা তাদের ঘরের বারান্দা পর্যন্ত ইতিমধ্যে পৌছেঁ গেছে এবং ঘরের দরজার জিঞ্জিড় খটখটিয়ে জিজ্ঞেস করছে- হক আর বাতিলের সর্বশেষ এ মরণযুদ্ধে তুমি কার সাথে ? দাজ্জাল ফ্লাইং সোসারে করে উড়ে আসুক বা প্রকৃত গাঁধায় চড়ে আসুক, সে শয়তানী সমুদ্রে হোক বা ইস্ফাহানে, আমেরিকার ভাইস প্রেসিডেন্ট ডিক চেনি তার সাথে সাক্ষাত করুক বা না করুক; এ নিয়ে আমাদের কিছু যায় আসেনা। কিন্তু ঐ ভবিষ্যতবাণীগুলো অবশ্যই সত্য যা আমাদের প্রিয়নবী সা. দাজ্জাল এবং তার শক্তিসামর্থের ব্যাপারে উম্মতের সামনে বর্ণনা করে গেছেন। দাজ্জাল থেকে নিজেকে রক্ষা করা, তার বিরুদ্ধে বিদ্রোহ করা এবং সামনে আসলে তার মুখে থুথু মারা সকল মুসলমানের জন্য ফরজ। আর এই ফরজ বিষয়টিকে স্মরণ করিয়ে দেবার জন্যই আমার এই ক্ষুদ্র প্রয়াস।

কিছু বন্ধুবান্ধব আমার দ্বিতীয় গ্রন্থ "তৃতীয় বিশ্বযুদ্ধ এবং দাজ্জাল" পড়ার পর বলেছে যে, এতে খুবই ভয় দেখানো হয়েছে আর তা পাঠকালে অন্তরে অত্যাধিক ভীতির সঞ্চার হয়।

প্রথমতঃ মহানবী হযরত মুহাম্মদ সা. উম্মতকে দাজ্জাল সম্পর্কে অনেক ভীতি প্রদর্শণ করেছেন, যাতে উম্মত এ ফেতনাকে কখনো অবহেলার দৃষ্টিতে না দেখে। সাহাবায়ে কেরাম যখন দাজ্জালের ফেতনা সম্বলিত হাদীসগুলো শুনতেন, তারাও ভয়ে কান্নায় ভেঙ্গে পড়তেন। তাই বিষয়টিই এরকম; যা পড়ে অবশ্যই ভীত হওয়া উচিত। ভয় আসাটাই সাক্ষী যে, আপনি একজন মুমিন, ঈমান রক্ষার ফিকির আপনার ভেতরে আছে। দ্বিতীয়তঃ লেখকের উদ্দেশ্য ভয় দেখানো নয়; বরং সতর্ক করা, যাতে এ মহাঅন্ধকার ফেতনা থেকে বাঁচার প্রস্তুতি গ্রহণে বিলম্ব না করা হয়। ভীতি প্রদর্শন এই অর্থে নয় যে, আপনি ভেঙ্গে পড়বেন। তাই এ পেরেশানী দূর করার জন্য লেখক জিহাদ ও মুজাহিদীনের তরতাজা বিজয়সমূহেরও বর্ণনা এনেছেন, যাতে বিশাল দাজ্জালী শক্তিসামর্থ্য সম্পর্কে জ্ঞান হওয়ার পর জানতে পারেন যে, এত কিছুর পরও ময়দানের পরিস্থিতি কি; এবং বিজয় কাদের পদচুম্বন করছে। তাই দাজ্জালের ফেতনা এবং তার সংগঠনসমূহের শক্তির ব্যাপারেও অবগত হোন, পাশাপাশি রণাঙ্গন থেকে আসা (মুজাহিদীনের মুখে, মিডিয়া কর্তৃক নয়) সংবাদগুলোও শুনেন। মহান রাব্বুল আলামীনের শুকরিয়া আদায় করেন, যে মুজাহিদীনের এ ক্রান্তিকালেও আল্লাহ ইমাম মাহদীর সৈন্যদলকে ক্রমেই শক্তিশালী করছেন।

স্মরণ রাখবেন !! ফেতনাসমূহ থেকে বাঁচার জন্য যদি কোন দ্রুত ব্যবস্থা না নেয়া হয়, তবে মূলসময়ে ঈমান রক্ষা কঠিন হয়ে পড়বে। ইমাম মাহদী এবং দাজ্জাল সম্পর্কিত হাদীসসমূহ অধ্যয়নের পর আপনার অন্তর সাক্ষী দেবে যে, যে যুগের মধ্য দিয়ে আমরা অতিক্রম করছি, তা খুবই গুরুত্বপূর্ণ যুগ। সুতরাং গুরুত্বপূর্ণ সময়ে যদি আপনি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে ব্যর্থ হন, তবে অদূর ভবিষ্যতে ঘরবাড়ী, এলাকা ও মসজিদ-মাদ্রাসাগুলোকে রক্ষা করা আপনার কঠিন হয়ে পড়বে।

গ্রন্থ পড়ার পর যতবেশী মানুষ পর্যন্ত সম্ভব, আপনি আপনার পয়গাম পৌঁছিয়ে দেবেন; অবশ্যই পৌঁছাবেন।। বন্ধুবান্ধবকে হাদীসের আলোকে পরিস্থিতি বুঝার দিকে আহবান করবেন। ঘরে নিজের স্ত্রী-সন্তানদেরকে দাজ্জাল এবং তার শক্তির ব্যাপারে অবহিত করেন।

শুধুমাত্র দোস্ত-আহবাবের সহযোগীতার কল্যাণে আজ গ্রন্থটি আপনাদের হাতে। দুনিয়াবী ব্যস্ততার দরুন বেশী সময় ব্যয় করতে পারিনি। কোন ভুল দৃষ্টিগোচর হলে লেখকের জ্ঞানশূন্যতাই দায়ী। অনেকেই কিতাব প্রস্তুতকরণে আন্তরিকভাবে সাহায্য করেছে; বরং কেউ কেউ তো জোরপূর্বকভাবেই গ্রন্থ লেখিয়েছেন।

আল্লাহ তা'লা তাদের অন্তরে জান্নাতের বাসনা পয়দা করে দেন। আল্লাহর দরবারে হাত উঠানোর সময় দাজ্জালী শক্তির বিরুদ্ধে অবস্থানকারী মর্দে মুজাহিদদের অবশ্যই স্মরণ করবেন। আল্লাহ এবং তার রাসূলের দুশমনের বিরুদ্ধে বদদোয়া করবেন যেন আল্লাহ তা'লা তাদের চক্রান্তকে তাদেরই ধ্বংসের উপকরণ বানিয়ে দেন।

অধম গুনাগারকেও দোয়ার মধ্যে শরিক রাখবেন। নিজের এই দুদোল্যমান জীবনের ছোট্র তরীটি

দূরাবস্থার ভাসমান তরঙ্গমালার ভীড়ে ক্লান্ত ও পরিশ্রান্ত। দোয়া করবেন- শান্তি ও আল্লাহর সন্তুষ্টির স্থায়ীবাহক ও সুসংবাদ প্রদানকারী কোন তরঙ্গ এসে যেন একে প্রত্যাশিত ঠিকানায় পৌঁছে দেয়।

মহান রাব্বুল আলামীনের কাছে প্রার্থণা- তিনি যেন আমার এ ক্ষুদ্র প্রয়াসটিকে শুধুমাত্র তার রেযামন্দির জন্য কবুল করেন এবং উম্মতে মুসলিমার জন্য তা উপকারের পাথেয় বানান। (আমীন.....)

# ভূমিকা

**بسم الله الرحمن الرحيم**

**الحمد لله رب العالمين ، والصلاة والسلام على سيد المرسلين وعلى آله وأصحابه أجمعين**

হক আর বাতিলের সারিগুলো খুব দ্রুত স্পষ্ট হয়ে উঠছে। বহু মানুষ ও জনগোষ্ঠী প্রকাশ্যে বাতিলের লসকরের সাথে নিজের ভবিষ্যত চুক্তি করে বসেছে। পুরাতন সংগঠনগুলোও অনেক সুসংগঠিত হয়েছে। গতকাল পর্যন্ত যে মুখগুলো চুপ ছিল তাও এখন কারো না কারো বিরুদ্ধে খুলতে শুরু করেছে। কিছু লোক এমন রয়েছে, যারা সরাসরি নয়; বরং কোন না কোন মাধ্যমে তার মুখ, কলম বা চেষ্টা দাজ্জালের বাহিনী শক্তিশালী করার মধ্যে ব্যয় হচ্ছে, যদিও তার অন্তর বিষয়টিকে পুরোপুরি অস্বীকার করছে ।

যে সকল লোক প্রকাশ্যে দাজ্জালের বহিনীর সামনে মাথা নত করার জন্য মুসলিম উম্মাহকে আহবান করছে তারা গোপনে বা মাথা ঢাকা দিয়ে নয়। পোঁজভর্তি যখম থেকে পোঁজ টপকানোর ন্যায় প্রতারণা তাদের লম্বা জিহবা থেকে টপটিকেয় পড়ছে। ইসলামী শাসনব্যবস্থা দূরে ঠেলে দিয়ে কুফরী শাসনব্যবস্থাকে গলায় পরে নেয়া হয়েছে, কালেমা তথা মুসলমানদের ছেড়ে ইহুদী-হিন্দু-খ্রিষ্টানদেরকে বন্ধু হিসেবে গ্রহন করা হয়েছে, ভারতের ব্রাহ্মণগোষ্ঠী এবং আমেরিকার ইহুদীদের ব্যথা শরিরে মেখে নেয়া হয়েছে। অপরদিকে ইসলামের জন্য জান কোরবানকারীদের বিরুদ্ধে বিশাক্ত তীর গোলা, কামান আর পরমাণূ বারুদের গোলা নিক্ষেপ করা হচ্ছে।

এই প্রকৃতির লোকেরা নিজেদেরকে দাজ্জালের কাতারে দাড় করিয়েছে। মুসলমান নামটা শুধু এ জন্য অবশিষ্ট রেখেছে, কারণ সে মুসলিম রাষ্ট্রে বসবাস করছে। যদিও তার মনের বাসনা হচ্ছে যে, মুসলিম রাষ্ট্রগুলোকেও একে একে নিঃশেষ করে ওদের নামে করে দেয়া হোক। মুসলমান জাতিকে ব্রাহ্মণদের গোলামীতে আবদ্ধ করা হোক। এছাড়া যে সকল লোক গণতান্ত্রিক বা সরকারী পদের লোভ-চক্করে ফেসে আছেন, তাদের এখনই ভাবা উচিত যে, এই গণতান্ত্রিকতার মূলকড়ি কার হাতে ? পেছনে দাড়িয়ে কে এই ছড়ি ঘুরাচ্ছে ? কার ইশারায় সরকার প্রতিষ্ঠিত আর পরিবর্তিত হয় ? কার কথায় সারা বিশ্বের মিডিয়াজগত (সরকারী বা বেসরকারী) "গোপন শক্তি"র চাহিদামত নির্বাচনের পূর্বেই নির্দিষ্ট পার্টির গুণ গাওয়া শুরু করে।

আর আমরাই না কত সাধারণমনা!! এক দিক দিয়ে সারাবিশ্বকে গ্লোবাল ভিলেজ মেনে নিয়েছি আর অন্যদিক দিয়ে মুসলিম রাষ্ট্রগুলোর ব্যাপারে এ ধারণা করছি যে, নির্বাচনে বিজয়ী সরকার তো জনসাধারণের সমর্থন আর ভোট দ্বারা বিজয়ী হয়েছে। বাস্তবে এর সবকিছুই হচ্ছে দাজ্জাল কর্তৃক দাজ্জালী মিডিয়ার ধোকা।

আমাদেরকে একটি ব্যাপার ভাল করে বুঝতে হবে যে, ওই গ্লোবাল ভিলেজ নামক তৈরীকৃত নয়া পৃথিবীতে ভৌগোলিক দৃষ্টিকোন থেকে পাকিস্তান দাজ্জালের জন্য খুবই গুরুত্ব বহন করে। আর তাই পাকিস্তানকে আয়ত্বে রাখার জন্য তার সংগঠনসমূহ বিশেষতঃ আইএমএফ (বিশ্ব ব্যাংক) ও ফ্রেমেসনসহ সকলের দৃষ্টি এদিকে যে, পাকিস্তান যেন আমাদের সংঘের ভিতরে থাকে, যাতে করে এতদাঞ্চলে অবস্থিত দাজ্জালের বিরুদ্ধাচরণকারীদের সাথে লড়াই করা সহজ হয় এবং ইমাম মাহদীর দলকে শক্তিশালী করার জন্য গমণকারীদেরকে এখান থেকেই যেন শেষ করে দেয়া যায়। দাজ্জালের কাছে পাকিস্তান বিশেষ গরুত্ব বহন করার দ্বিতীয় কারণ- এতদাঞ্চলের মুজাহিদীন দাজ্জালের ঘনিষ্ঠ সংগঠন ভারতকে পরাজিত করে সারা হিন্দে ইসলামের পতাকা উড্ডিন করবে। তাই পাক-আফগান অঞ্চলে কোন সৈন্যদল শক্তিশালী হওয়া মানেই হল দাজ্জালবাহিনীর মওতের ছামান। একারণেই পাকিস্তানে অবস্থিত দাজ্জাল গোলামদের একটাই প্রচেষ্টা- পাকিস্তানী সৈনিকেরা যেকোন মূল্যে এ মুজাহিদীন গোত্রকে মেটানোর বৃথা চেষ্টায় নিমজ্জিত থাকুক।

আর মুসলিম রাষ্ট্রসমূহের উচ্চপদস্থ ব্যক্তিদের দিকে তাকালে মন সাক্ষী দেয়, যতদূর সম্ভব- দাজ্জাল এদের প্রতি খুশিই হবে। কারণ সরকারী ঐ পদ সমূহে বসে তারা দাজ্জাল আগমণের পথই সুগম করছে। যেখানেই কোন ইসলামী সংগঠন মাথা চাড়া দিয়ে উঠছে সেখানেই একে দমন করার জন্য দাজ্জালের

চাহিদামত তারা ব্যবস্থা গ্রহণ করছে। মুসলিম রাষ্ট্রগুলোর বাহ্যিক, আভ্যন্তরীণ এবং অর্থনৈতিক পলিসি দাজ্জালের মর্জিমতই চলছে। কোন ব্যাপারেই কোন বাধার সম্মুখিন হচ্ছেনা। বিশেষ করে পানীয় দ্রব্যাদীর ব্যাপারে তারা দাজ্জালের ওই পলিসির উপর এত কঠোরভারে আমল করছে যে, তারা চায়- প্রতিটি মুসলমান যেন প্রতিটি ফুটা পানির জন্য ওদের মুখাপেক্ষি হয়ে যায়। এতদুদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রত্যেক কাফের রাষ্ট্রের পক্ষ থেকে বাঁধ বানিয়ে তারা মুসলিম রাষ্ট্রসমূহের নদী আর সমুদ্রগুলো শুকানোর প্রোগ্রাম শুরু করেছে। এভাবে সিরিয়া, ইরাক, লেবানন, জর্ডান, ফিলিস্তিন এবং মিসরের সমস্ত সাগর-নদীগুলোকে পানিশূন্য করার প্ল্যান বাস্তবায়ন তারা ইতিমধ্যেই শুরু করেছে। এ সকল রাষ্ট্রের নেতারা তাদের জনসাধারণের ভবিষ্যৎ দাজ্জালের দয়ামায়ার উপর ছেড়ে দিয়েছে। আর আইএমএফের কার্যক্রমগুলো দেখলেও মনে হয়না যে, ভবিষ্যতে প্রতিবাদ করার জন্য এর বিরুদ্ধে কেউ উঠে দাড়াবে।

তবে দাজ্জালের জন্য আসল সমস্যা হচ্ছে এ রাষ্ট্রগুলোর মুসলিম জনসাধারণ। বিশেষত আফগানিস্তানের মধ্যে তালেবান, ইরাকের মুজাহিদ বাহিনী এবং পাকিস্তানের বিভিন্ন গোত্র আল্লাহ তা'লার সাহায্যে দাজ্জালের বাহিনীকে মাটির সাথে মিশিয়ে দিচ্ছে। কিন্তু পাকিস্তানের সাধারণ মুসলমান আর পাকিস্তানের মহব্বতের দাবিদার লোকদের এই অনুভূতি এখনো হয়নি যে, আল্লাহ তা'লা ইসলামী সংগঠনগুলোকে শুধু শক্তিশালীই করেননি; বরং একসাথে কয়েক দাজ্জালের সাথে লড়াই করার জন্য তাদের দাড় করিয়েছেন।

উত্তর পাকিস্তানে বড় একটি ইহুদী চক্রান্ত বাস্তবায়নের প্রোগ্রাম চলছে, যেদিকে জনসাধারণের কোন খেয়াল নেই। এই ষড়যন্ত্রের প্ল্যান ইস্ফাহানী ইহুদী আগাখান ওয়ার্ল্ড ব্যাংকের সাথে মিলে প্রস্তুত করেছে। তাদের উদ্দেশ্য পুরো পাক-আফগান ভূখন্ডকে এক করে নতুন এক "আগাখান স্টেট" নির্মাণ করা। যার সীমানা উত্তর পাকিস্তানের "জাত" এলাকা থেকে শুরু করে আফগানিস্তানের কুনাড ও নুরিস্তান প্রদেশ হয়ে তাজিকিস্তান পর্যন্ত বিস্তৃত হবে। কুনাড ও নুরিস্তান প্রদেশে আমেরিকা আগেই সেনাবাহিনী মুতায়েন করেছে। ২০০৭-২০০৮ সাল ওই প্রদেশে মুতায়েনকৃত বাহিনীর জন্য খুবই ধ্বংসাত্মক অতিবাহিত হয়েছে। আর এ উদ্দেশ্য বাস্তবায়নের জন্যই আমেরিকার সাবেক প্রেসিডেন্ট জর্জ বুশ পাকিস্তানকে বিশেষ অপরেশনের তাগিদ দিয়েছিল।

আফগানিস্তান এবং এতদাঞ্চলের মুসলিম জনগোষ্ঠির সামর্থ্য সম্পর্কে দাজ্জাল খুব ভাল করেই জানে। আর তাই তার সংগঠনসমূহের মুখে যখনই আপনি শুনবেন যে, এখানে বিদ্যমান ইসলামী সংগঠনসমূহ গনতন্ত্র প্রতিষ্ঠায় বড় বাধা, তখন এর উদ্দেশ্য হচ্ছে- এই ইসলামী সংগঠনসমূহের বর্তমানে দাজ্জালী স্বপ্নের বাস্তবায়ন সম্ভব নয়। এদেরকে নিঃশেষ না করা গেলে না ইমাম মাহদীর দলকে দমন করা যাবে, না আগাখান ষ্টেট প্রতিষ্ঠা করা যাবে আর না ভারতকে সম্মুখ পরাজয় থেকে বাঁচানো যাবে। আর তাই পাকিস্তানে অবস্থিত পাক দুশমনেরা এই জনগোষ্ঠীর ব্যাপারে বিশ্রী ভাষা ব্যবহার করছে। বিপরীতে তাদের সন্তানদের ভবিষ্যৎ আশ্রয়স্থল হিসেবে ভারত ও আমেরিকাকে অধিক নিরাপদ মনে করে এ এলাকাগুলোকে পাকিস্তানের অস্তিত্বের জন্য হুমকিস্বরুপ দাবী করছে। তাদের একটা কথা স্পষ্ট করে জেনে রাখা দরকার যে, এ সংগঠনসমূহকে আল্লাহ পাক সৃষ্টিই করেছেন এ ক্ষুদ্র অঞ্চলের মজলুম জনসাধারনের জান, মাল ঈমান ও ইজ্জত হেফাজত করার জন্যে। নিকট ইতিহাস এর সাক্ষী। অদূর ভবিষ্যতেও আল্লাহ তা'লা এ মজলুম মসলমানদের রক্ষার্থে আফগান জাতির মাধ্যমে যে চ্যালেঞ্জ বাস্তবায়ন করে দেখাবেন তার বিস্ফোরণে সকল মুনাফিকের কলিজা ফেটে টুকরা টুকরা হয়ে যাবে।

সামনের ভয়ানক এ কঠিন পরিস্থিতির ভবিষ্যদ্বাণী তো সকলেই করছে। কিন্তু দুঃখের বিষয়- হাদীসের আলোকে এগুলো বিশ্লেষণ করে এ থেকে বাঁচার উপায় খুব কম মানুষই তালাশ করছে। যেমনিভাবে নূহ আ. এর যমানায় তুফান থেকে বাঁচার জন্য উপায় একমাত্র নূহ আ. এর কিশ্তি ছিল, ঠিক তদ্রুপ বর্তমান যমানায় কওমে আফগান হচ্ছে মুসলমানদের জন্য ঐ ভয়ানক ফেতনা থেকে রক্ষা পাওয়ার একমাত্র বাহন। মুসলিম জাতির প্রকৃত পরিচয় ইহুদী এবং হিন্দুরা খুব ভাল করেই জানে এবং তাদের কিতাবে আজও এ মহান

উম্মতের কথা স্পষ্ট বিদ্যমান। কিন্তু পাক মুনাফিক (যারা সর্বদায়ই মুসলমানদের মুকাবেলায় ভারতকে প্রাধান্য দিয়ে আসছে) তারা বিষয়টি কখনোই উপলব্ধি করতে পারেনা- তারা গতকাল পর্যন্ত সোভিয়েত ইউনিয়নের আগ্রাসনের কারণে পেরেশান ছিল। আজ দাজ্জালের গোলামেরা তাদের অন্তরে এই কুমন্ত্রণা গেড়ে দিয়েছে যে, অল্পকিছু অপেক্ষা কর, এতদাঞ্চলের এ কট্টর জনগোষ্ঠীর নিশানা মাটির সাথে মিশিয়ে মার্কিন-ভারতীয় পতাকা উড্ডীন করা হবে। তাদের মনের বাসনা হচ্ছে- এ কঠোর সংবিধানকে এখানেই নিঃশেষ করা হোক, মাদকদ্রব্য আর ভারতীয় নর্তকী ভোগের জন্য তাদের আর যাতে মুম্বাই না যেতে হয়।

এটা হচ্ছে শুধুই শয়তানী কুমন্ত্রনা, যা তার গোলামেরা বুঝতে ভুল করেছে। এটাই বাস্তব কথা- শয়তান আর দাজ্জালের গোলামদের বানানো সংবিধানগুলো মিটানোর সময় এসে গেছে। কাশ্মিরের খুনরাঙ্গা ইতিহাসের জবনিকা টানার সময়ও ঘনিয়ে এসেছে। মুনাফিকদের ধারণানুযায়ী ভারতীয় সেনাবাহিনী কর্তৃক নয়। এ ইতিহাস ঐ সকল মর্দে মুজাহিদীনের পায়ের দ্বারাই পিশে ফেলা হবে, যাদের মাধ্যমে বরাবরই শয়তানী শক্তি পিশে ফেলার ইতিহাস হয়ে আসছে। অখন্ড ভারতের স্থলে এক নতুন পাকিস্তানের জন্ম হবে, যা এখান থেকেই স্বীয় মাথা উচুঁ করে পৃথিবীর সামনে আবিভূত হবে, না ভারতীয় অত্যাধুনিক টেকনোলজী একে বাধা দিতে পারবে, না পাকিস্তানে অবস্থিত ব্রাহ্মণ গোলামেরা এর অন্তরায় হতে পারবে।

এ কথাগুলো ঐ সকল বুদ্ধিজীবীদের জন্য খুবই আশ্চর্যের মনে হবে, যারা বর্তমান প্রেক্ষাপট সম্পর্কে বর্ণিত হাদীসগুলো অধ্যয়ন করেনি। যাদের জ্ঞানের ভিত্তি শুধুমাত্র দাজ্জালী মিডিয়ার রিপোর্ট, সংবাদ আর পশ্চিমা ব্যাখ্যা-বিশ্লেষণের উপর নির্ভরশীল। যদি প্রেক্ষাপট মহানবী সা. এর বাতানো হাদীসের আলোকে বুঝে তারপর পলিসি বানানো হয়, তাহলে দাজ্জালের সব ধোকা আর প্রতারণা ভ্রষ্ট হয়ে যাবে। বুঝতেও পারবেন না- যে সকল শিক্ষিত ব্যক্তিবর্গ বাহ্যিক অবস্থা আর পশ্চিমা মিডিয়ার রিপোর্টের উপর ভিত্তি করে বিশ্লেষণ ও জনমনে আতংক ছড়াতো তারাই পর্দার পিছনে চলে গেছে।

বর্তমান সময় খুবই গুরুত্বপূর্ণ সময়। হক-বাতিলের মধ্যকার চলতি লড়াই অত্যন্ত গুরুত্বপূর্ণ পর্যায়ে প্রবেশ করেছে। প্রত্যেক মুসলমান অন্তরের অবস্থা সম্পর্কে বেশি অবগত যে, তার অন্তরে কোন জিনিসের মহব্বত সবচেয়ে বেশি বিদ্যমান। প্রত্যেকেরই জানা যে, সে তার ঈমানকে কতটুকু ভালবাসে এবং কি পরিমাণ মূল্য দিয়ে সে তার ঈমানকে রক্ষা করতে পারবে।

প্রত্যেক মুসলমান যেন এখনই চিন্তা করে যে, সে কোন দলের অংশ হতে চায়। এক দিকে হক আর অপরদিকে বাতিল। একদিকে আমেরিকা দাজ্জালের কাতারে দাড়ানোর জন্য মানুষকে আহবান করছে অপরদিকে জিহাদের ময়দান হতে মুষ্টিমেয় কিছু অপরিচিত লোকের তাকবীর ধ্বনি ভেসে আসছে। উলামাগণ খুব ভাল করেই জানেন- এহেন পরিস্থিতিতে তাদের উপর কিরূপ দায়িত্ব অর্পিত হওয়ার কথা। আপনি যখন এই কথা স্বীকার করছেন যে, বর্তমান পরিস্থিতি বিগত চৌদ্দশত বৎসরের মধ্যে সবচেয়ে নাজুক পরিস্থিতি এবং এটা একটা বিশেষ মুহুর্ত যেখানে উম্মতে মুহাম্মদী প্রবেশ করেছে, তাহলে বিশেষ সিদ্ধান্ত গ্রহণ করতে আপনি কেন ঘাবড়াচ্ছেন। পরিস্থিতি যেহেতু কঠিন, সিদ্ধান্তও তবে কঠিনই নিতে হবে। তাহলেই আপনি নিজেকে এবং জাতিকে এথেকে উদ্ধার করতে সক্ষম হবেন।

অফিসারদেরকে ঘর থেকে বের হতে হবে। সরকারকে বাধ্য করতে হবে যে, গলায় লটকানো মার্কিন ঐ নিশানটুকু এখনই খুলে ফেলুন, যাতে এমনটা না হয়- কেয়ামতের দিন ঐ নিশান সহই আপনাকে উঠানো হবে। সাথে সাথে পাকিস্তানের সমস্ত মুসলমানদের এটাও ভাবতে হবে যে, ইমাম মাহদী আ. এর আবির্ভাব যদি হয়েই যায়, তবে ঐ সময়ও কি সরকার মার্কিন সংগঠনের হয়েই যুদ্ধ করে যাবে ??।

পারভেজ মুশাররফের জারিকৃত ঐ পলিসি থেকে পাকিস্তানকে মুক্ত করার মধ্যেই পাকিস্তানের সফলতা এবং কামিয়াবি। এটার মধ্যেই আখেরাতের ভালাই। এতদাঞ্চলে অবস্থিত সকল দাজ্জালী শক্তিই মুসলমানদের দুশমন। তারা যে কোন মূল্যে এদেরকে নিঃশেষ করতে চায়। আপনি যদি চান যে, আপনার

কাজেও কোন সমস্যা হবে না পাশাপাশি উচ্চ পর্যায়ের কেউই আপনার প্রতি অসন্তুষ্ট হবে না- এটা অসম্ভব। বিশেষ পরিস্থিতিতে নিজেক সামলানোর জন্য কিছু বিশেষ সিদ্ধান্ত আর দৃঢ় পদক্ষেপের প্রয়োজন পড়ে। আর এখনই বিশেষ সিদ্ধান্ত নেবার সময়। যদি সরকার পাকিস্তানকে বিক্রির জন্য একমত হয়ে যায়, তাহলে আপনিও কি ব্রাহ্মণদের গোলামী করার জন্য তাদের সাথে একমত হবেন। হ্যাঁ পাকিস্তানে কিছু দেশদরদী লোক এখনও আছে যারা ষড়যন্ত্রকারীদের ষড়যন্ত্রকে রুখার চেষ্টা করছে। সাংবাদিক, বুদ্ধিজীবি আর জনসাধারণের মধ্যে যৎসামান্য লোকই এই ষড়যন্ত্র টের পেয়েছে। অপরদিকে পাকিস্তানের জাতশত্রু পাকিস্তানের প্রতিটি অংশে রন্ধ্রে রন্ধ্রে কবজা করতে সক্ষম হয়েছে। বড় বড় টিভি চ্যানেল, প্রসিদ্ধ লেখক-সাংবাদিকগণও আজ দেশদরদী জনসাধারণের কন্ঠকে আস্তে আস্তে বাতাসে উড়িয়ে দিচ্ছে। মুম্বাই হামলার সময় মনে হয়েছিল যে, দুশমন পূণরায় পাকিস্তানের দিকে অগ্রসর হবে। পাকদরদীগণও সন্তুষ্ট ছিলেন। কিন্তু অবস্থাদৃষ্টে মনে হয় অন্য কোন সংগঠন হয়ত দেশকে আয়ত্ব করে ফেলেছে। আর মুশাররফ তো পূর্বেই সবকিছু ধ্বংস করে তাদের রাস্তা প্রসস্তই করে রেখে গিয়েছিল।

এমন সময় হকপন্থী উলামাগণের দেশদরদী মুসলমানদের সাথে মিলে ঘোষনা করে দেয়া উচিত ছিল (যা এখনও ঘোষনা করা হয়নি) যে, সমস্ত পাকিস্তানকে বলে দেয়া উচিত- পাকিস্তানে অবস্থিত ইসলামী সংগঠনগুলো পাকিস্তানের অস্তিত্বের শত্রু নয়; বরং সামনের ভয়ানক তুফান আর মরনযুদ্ধ থেকে না শুধু ইসলাম ও পাকিস্তানকেই তারা রক্ষা করবে; বরং উপমহাদেশের সকল মুসলমানকে হিন্দু-ব্রাহ্মন আর দাজ্জালের গোলামী হতে নাজাত দেবে ইনশাআল্লাহ। পাকিস্তানের বিরুদ্ধে ষড়যন্ত্রকারী এবং এখানকার মসজিদ-মাদ্রাসাগুলোকে হিন্দু-শিখদের আস্তাবলে রুপান্তরিত করার পথ সুগমকারীরা স্বয়ং সরকারের ভিতরেই বিদ্যমান। পাঞ্জাব এবং সিন্ধের ঈমানদার মুসলমানদের এ কথা ভালভাবে স্মরণ রাখা চাই যে, এ অলসতা আর গাফলতি যদি দিন দিন প্রলম্বিত হয়, তাহলে আফসোস করা ছাড়া আর কোন রাস্তা বাকী থাকবেনা।

ওহে মুসলমান ভাইয়েরা ! ইসলামের জন্য জান কুরবান যদি আপনার পছন্দ না হয়, আপনার দেশের প্রতিও এতটুকু মহব্বত অন্তরে না থাকে, তবে আপনার ঘর আর আল্লাহর দেয়া সন্তানদেরই একটু ফিকির করেন, আপনার জান-মাল-ক্ষেতখামার-ঘরবাড়ী নিয়েই একটু চিন্তা করেন। যদি অলসতা করে বসেন- তবে কিছুই বাকী থাকবেনা। এখানে আরেকটি কথা স্পষ্ট করা দরকার- আমাদের মনে একটি সুধারনা আছে যে, পাকিস্তান ইসলামের নামে স্বাধীন হয়েছে, তাই একে কেউ খতম করতে পারবেনা। হ্যাঁ এমনটাই হবে ইনশাআল্লাহ। কিন্তু যদি এ কথা সত্য হয়ে থাকে যে, আল্লাহ তা'লা এই যমিনকে কোন বিশেষ উদ্দেশ্য বাস্তবায়নের জন্য তৈরী করেছেন, তাহলে এত উত্তম যমিনে আল্লাহ তা'লা-ও আমাদের মত কাপুরুষ, মুনাফিক আর এমন সুধারণাপোষনকারীদের  কখনোই আশ্রয় দেবেননা। পাকিস্তান অবশ্যই পৃথিবীর মানচিত্রে কেয়ামত পর্যন্তের জন্যই মাথা উচুঁ করে জিয়ে থাকবে; বরং তার সীমানা কাশ্মির থেকে শুরু করে কুহেকাফ পর্যন্ত বিস্তৃত হবে ইনশাআল্লাহ। কিন্তু এখানকার মানুষ (যারা এ মহান উদ্দেশ্য বাস্তবায়নের জন্য জান কুরবান করতে দ্বিধাবোধ করে) তাদের সরিয়ে এদেশকে এমন কিছু নিষ্ঠাবান হস্তে সোপর্দ করা হবে, যাদের দেখে ১৯৪৭ এর শহীদী আত্মাগণ পর্যন্ত আনন্দিত হয়ে উঠবে।

"কম ছে কম মেরা নেহি বনতা না বন আপনা তো বন"

একথাগুলো যদিও অলসব্যক্তিদের জন্য দিবাস্বপ্ন মনে হয়। কিন্তু একদিন বিশ্ব ঠিকই দেখবে- পাকিস্তানে বসে মার্কিন ও ভারতীয় সংগঠনগুলো যে চক্রান্ত করছে, তা পাক মুসলমানদের ধ্বংসের ছামান। তাদের বিরুদ্ধে এখনই যারা উঠে না দাড়াবে, কেয়ামতের দিন চক্রান্তকারীদের মধ্যেই তাকে উঠানো হবে.. নাউযুবিল্লাহ।

আরেকবার স্মরণ করিয়ে দিতে চাই, ইসলামী দলগুলোকে আল্লাহ তা'লা দিনবদিন শক্তিশালীই করছেন। মার্কিন হোক আর ভারতীয় হোক বা পাকআভ্যন্তরীণ কোন মুনাফিক সাংবাদিক কলামিষ্ট হোক-

তাদের কথা, কলম আর ষড়যন্ত্র আল্লাহ তা'লার ইচ্ছার বিরুদ্ধে কোন সময়ই সফল হতে পারবেনা। আল্লাহ তা'লা আফগান জাতিকে ইমাম মাহদী আ. এর লস্কর হিসেবে নির্বাচন করেছেন এবং তাদের হাতেই সারা হিন্দুস্তানে ইসলমের পতাকা সমুন্নত করার ফায়সালা করেছেন। সুতরাং সমস্ত কুফরী শক্তি আর মুনাফিক শক্তি মিলেও কওমে আফগানকে কখনোই খতম করতে পারবেনা।

অধমের এ কথা যাদের বুঝে না আসে, না আসুক; তাতে কিছু যায় আসেনা। কিন্তু এ গুনাগার যে সকল উলামাকে স্মরণ করিয়ে দিতে চায়, তারা অবশ্যই জানে যে, এতদাঞ্চলের মুসলমানদের হেফাজত আল্লাহ তা'লা স্বীয় শক্তি আর কুদরতের মাধ্যমেই করবেন। ঠিকযেমন পূর্ববর্তী লোকদের শহীদী খুনের বিনিময়ে ইসলাম রক্ষা করেছিলেন।

এ বিষয়ে লেখার মাধ্যমে লেখকের উদ্দেশও এটাই- মুসলমানদেরকে বর্তমান শংকা থেকে সতর্ক করে ঐসকল হকপন্থী দলের সাথে শামিল হওয়ার দাওয়াত দেয়া। বারমুডা ট্রাইএঙ্গেল অথবা শয়তানী সমুদ্রে দাজ্জাল থাকুক বা না থাকুক। দাজ্জাল দ্রুত প্রকাশ হোক বা দেরীতে হোক; কিন্তু দাজ্জাল প্রকাশের পূর্বে যে ফেতনা সৃষ্টি হবে, তার মধ্যেই হক আর বাতিল পৃথক পৃথক হয়ে যাবে। যারা তার প্রকাশের পূর্বেই হকপন্থীদের কাতারে শামিল হয়ে যাবে, দাজ্জাল তাকে কোনই ক্ষতি করতে পারবেনা।

আল্লাহ তা'লা সকল মুসলমানকেই হকের লস্করে অন্তর্ভূক্ত হওয়ার তাওফীক্ব দান করুন। দাজ্জাল ও তার ভয়ানক ফেৎনা থেকে আমাদের রক্ষা করুন।

আসেম উমর

# ১ম অধ্যায়

# শয়তানী সমুদ্র, বারমুডা ট্রাইএঙ্গেল এবং ফ্লাইং সোসার্স

শয়তানী সমুদ্র, বারমুডা ট্রাইএঙ্গেল এবং ফ্লাইং সোসার্স এমন রহস্যময় বিষয়, যা আপনি বিভিন্নভাবে শুনে এবং পড়ে আসছেন। রহস্যময় ঘটনাবলী, ভয়ানক বিজ্ঞানী আর অবিশ্বাস্য সত্য ও বাস্তব কাহিনী সম্বলিত ঐতিহাসিক সাক্ষীসমূহকে এমনভাবে গড়বড় করে দেয়া হয়েছে যে, পাঠক পাঠান্তে কোন সঠিক ফলাফলে পৌছতে সক্ষম হচ্ছেনা। বরং তার ক্ষুদ্র জ্ঞানে এটি এমন একটি অনানুভূবনীয় আকৃতি ধারন করে, যাতে থাকে কিছু তদন্ত, কিছু ভয়, জনমন আকৃষ্ট করার মত কিছু নতুন নতুন তথ্য আর বানোয়াট কাহিনী।

কিন্তু বাস্তবে তা আসলে কি ? এবং একজন মুসলমান হিসেবে এ বিষয়গুলিকে কোন দৃষ্টিতে দেখা উচিত ??। দুনিয়ার সামনে এ মুহূর্তে যা কিছু এ সম্পর্কে বলা হচ্ছে, এর সবই কি বানোয়াট নাকি বাস্তব ??!! যদি বাস্তবই হয়ে থাকে, তাহলে সমুদ্রের ঐ পানির ভিতরে এমন কি আছে যা আজ পর্যন্ত হাজারো মানুষকে গিলে ফেলেছে, অজস্র সামুদ্রিক জাহাজ তাতে গায়েব হয়েছে, কারো কাছে এর কোন জ্ঞান নেই ??!! তাহলে কি ইবলিসের সাথে ঐ এলাকার কোন সম্পর্ক আছে ??!! নাকি কানা দাজ্জাল ঐ এলাকায় বিদ্যমান ??!!

বড় বড় বিশালাকৃতির সামুদ্রিক জাহাজসমূহ নিরব নিস্তব্ধ সমুদ্র এলাকায় কোন প্রকার ক্ষতি বা দুর্ঘটনা ছাড়াই আকস্মিক অদৃশ্য হয়ে যাওয়া। কখনো যাত্রীদের বেঁচে যাওয়া এবং শুধু জাহাজকে গায়েব করে দেয়া। আর কখনো জাহাজ নিরাপদ বেঁচে যাওয়া এবং যাত্রীদের হারিয়ে যাওয়া। এগুলি এমনসব ঘটনা ও রহস্যময় বিষয়, যার ব্যাখ্যা বিশ্লেষেণ আজ পর্যন্ত মনকে তুষ্ট করতে পারেনি। এদের গায়েব হওয়া এত দ্রুত প্রকৃতির হয় যে, বিমানের পাইলট বা জাহাজের ক্যাপ্টেনদের পর্যন্ত জরুরী সংবাদ বা সংকেত প্রেরণেরও সুযোগ হয়না। এথেকেও আরো আশ্চর্যের বিষয় হচ্ছে- গায়েব হয়ে যাওয়া বিমান, জাহাজ বা যাত্রীদেরও পরবর্তীতে কোন অস্তিত্ব বা খোজ পাওয়া যায়নি। যদিও কতিপয় গবেষকের পক্ষ থেকে এর উত্তর এভাবে দেয়ার চেষ্টা করা হয়েছে যে, ওখানকার সমুদ্রের গভীরে এমনসব তুফান আর মারাত্মক দ্রুত বাতাসের সৃষ্টি হয়, যারফলে জাহাজগুলি ভেঙ্গে টুকরা টুকরা হয়ে যায় এবং পানির বিশালাকৃতির ঢেউ এগুলিকে বহুদূর পর্যন্ত নিয়ে যায়। কিন্তু এ ব্যাখ্যা মানুষের জ্ঞান এজন্য মেনে নিতে অস্বিকার করে যে, অত্যাধুনিক প্রযুক্তির এ যুগে যেখানে বিজ্ঞানীরা সমুদ্রের সুগভীর এলাকায় পৌছে মৎস্য এবং পানির অন্যান্য প্রাণীদের উপর গবেষণা করার জন্য তাদের দেহের সাথে আধুনিক ক্যামেরা ফিট করে প্রাণীদের সার্বিক মতিগতি নিয়ে সর্বদায় দৃষ্টি রাখছে। তারা কি আজও বারমুডার ঐ ট্রাইএঙ্গেলে গায়েব হয়ে যাওয়া বড় বড় জাহাজগুলির কোনই হদিস বের করতে পারেনি ??!! এটাও স্মরণ রাখার বিষয় যে, অদ্যাবধি ওখানে অদৃশ্য হওয়া সকল বিমান, সামুদ্রিক জাহাজ আর পাইলট-ক্যাপ্টেন-যাত্রীরা ছিল যুগের অত্যাধুনিক আর সুদক্ষ সব মানুষ। পাশাপাশি অদৃশ্য হওয়ার সময় ওখানকার আবহাওয়াবস্থাও ছিল খুবই স্বাভাবিক। সুতরাং ঋতু খারাপ হওয়ারও কোন ব্যাখ্যা এখানে করা ঠিক না। এসব বিমান আর জাহাজগুলির সাথে হেডকোয়ার্টারের যোগাযোগও হঠাৎ এমনভাবে বিছিন্ন হয়ে গিয়েছিল যে মনে হচ্ছিল কে যেন রেডিও সিগনেল জাম করে দিয়েছে।

অধিকাংশ গবেষকই এব্যাপারে একমত যে, শয়তানী সমুদ্র এবং বারমুডার ট্রাইএঙ্গেলে এমনসব রহস্যময় এবং ভয়ানক বস্তু রয়েছে, যা আমাদের স্বাভাবিক বিষয়াবলী থেকে সম্পূর্ণ ভিন্ন এবং অস্বাভাবিক প্রকৃতির। বারমুডার ট্রাইএঙ্গেল এবং শয়তানী সমুদ্র আশপাশের মানুষের জন্য এমন ভীতিকর এলাকা হিসেবে পরিচিত, যা মানুষের জন্য জ্ঞানের চাহিদাকে আরো বাড়িয়ে দেয়। কতিপয় মুসলিম গবেষকের ধারণা, শয়তানী সমুদ্র আর বারমুডার ট্রাইএঙ্গেলের ভিতরে দাজ্জাল গোপন আস্তানা করেছে, যেখান থেকে সে দুনিয়ার সার্বিক পরিস্থিতি কন্ট্রোল করছে। এ ব্যাপারেও আমরা বিস্তারিত আলোচনা করব ইনশাআল্লাহ। বারমুডা ট্রাইএঙ্গেলের ব্যাপারে জানার পূর্বে শয়তানী সমুদ্র সম্পর্কে কিছূ তথ্য গ্রহণ করুন!!!

# Dragon's Triangle/Devil Sea

## ড্রাগন ট্রাইএঙ্গেল/শয়তানী সমুদ্র

ট্রাইএঙ্গেল হচ্ছে ত্রিভোজ সীমানা।

বারমুডার ট্রাইএঙ্গেলের ব্যাপারে তো সারা পৃথিবী জুড়েই নানানরকম তথ্য লেখা হচ্ছে এবং সব মানুষের কাছেই এ ব্যাপারে সাধারণ জ্ঞান বিদ্যমান। কিন্তু বারমুডা ট্রাইএঙ্গেলের মতই রহস্যময় ও ভয়ানক সব ঘটনাবলীর কেন্দ্রস্থল জাপানের ড্রাগন ট্রাইএঙ্গেল তথা শয়তানী সমুদ্রের ব্যাপারে অবগত ব্যক্তিদের সংখ্যা খুবই কম। জাপানের জনসাধারণের এ ব্যাপারে খুব ভাল করেই জানা এবং ওখানকার লোকদের উপর এথেকে দূরে অবস্থান করার সরকারী আদেশ এখন পর্যন্ত জারী। কিন্তু জাপানবহির্বিশ্বের লোকেরা এ ব্যাপারে বেশি কিছু জানেনা। অথচ বারমুডা ট্রাইএঙ্গেলের মত এখানেও সামুদ্রিক জাহাজ, সাবমেরিন ও উড়ন্ত জাহাজ গায়েব হওয়ার ঘটনা অজস্র সংখ্যায় ঘটে আসছে। বরং গবেষকদের ধারণা, এখানকার গায়েব হওয়ার ঘটনা বারমুডা থেকেও বেশি। এখানেও যুগের অত্যাধুনিক আর সর্বাধিক দক্ষ ব্যক্তি এবং পরিপক্ক পাইলটদের গায়েব করা হয়েছে। সবচেয়ে ভয়ানক ব্যাপার হচ্ছে, এখানে গায়েব করা সামুদ্রিক জাহাজগুলির তালিকায় এমন সব জাহাজও বিদ্যমান যেগুলির মধ্যে প্রচুর পরিমাণে ধ্বংসাত্মক রাসায়ণিক পদার্থ বিদ্যমান ছিল।

## শয়তানী সমুদ্রের অবস্থান :-

এ এলাকা Pacific Ocean তথা প্রশান্ত মহাসাগর এরিয়ায় জাপান এবং ফিলিপাইনের সীমান্তে অবস্থিত। এ ট্রাইএঙ্গেল জাপানের উপকূলীয় শহর (Yokohama) "য়োকোহামা" থেকে ফিলিপাইনের (guam) "গুয়াম" দ্বীপ পর্যন্ত এবং "গুয়াম" থেকে আবার জাপানের "মারিয়ানা" দ্বীপ পর্যন্ত এবং "মারিয়ানা" থেকে "য়োকোহামা" পর্যন্ত বিস্তৃত সামুদ্রিক এলাকা। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকা "মারিয়ানা" দ্বীপ আয়ত্ব করে নিয়েছিল।

জাপানীরা এ এলাকাকে তাদের ভাষায় (ma-na Umi) বলে, যার অর্থ "শয়তানের সমুদ্র"। বারমুডা এবং শয়তানী ট্রাইএঙ্গেলের ব্যাপারে গবেষণাকারীদের মধ্যে চার্লস ব্রিল্টাস হচ্ছেন অন্যতম। তিনি "দি ড্রাগন ট্রাইএঙ্গেল" নামক গ্রন্থে লিখেন :-

"১৯৫২ থেকে ১৯৫৪ পর্যন্ত ঐ এলাকায় জাপান সরকারের বড় বড় পাঁচটি সৈন্যবাহী জাহাজ গায়েব হয়েছে। সেনাবাহিনী গুম হয়েছে ৭০০ (সাতশত)-এরও উপরে। এ ঘটনার রহস্য যাচাই করার জন্য তখন

জাপান সরকার একটি অত্যাধুনিক জাহাজে করে একশরও বেশি গবেষকদের এক তদন্ত টিম প্রেরণ করে। কিন্তু শয়তানী সমুদ্রের রহস্য উন্মোচন করতে গিয়ে উনারাই রহস্যের চাদরে ঢাকা পড়ে গেছেন। এর পর থেকে জাপান সরকার ঐ এলাকাকে ভয়ানক এলাকা হিসেবে চিহ্নিত করে দেয়।"

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় সামুদ্রিক যুদ্ধে জাপানকে তার পাঁচটি জঙ্গি বিমান ওখানে গায়েব হওয়ার খবর শুনতে হয়েছে। এছাড়াও ৩৪০ টি জঙ্গি বিমান, ১০ টি যুদ্ধজাহাজ, ১০ টি নৌযান, ৯ টি স্পীডবুট এবং আরো ৪০০ টি জঙ্গি ফাইটার ঐ এলাকায় ধ্বংস হয়েছে। যুদ্ধের সময় আপনি বলতে পারেন যে, শত্রুবাহিনী কর্তৃক এগুলো ধ্বংস হয়েছে। কিন্তু ঐ সকল ঘটনা সম্পর্কে আপনি কি বলবেন, যেগুলো ঐ এলাকায় কোন দুর্ঘটনা ছাড়াই অদৃশ্য হয়েছে, অথচ সেখানে না কোন বৃটেনের যুদ্ধ জাহাজ পৌছেছিল না কোন মার্কিন সেনাবাহিনী।

গবেষকদের পক্ষ থেকে বলা হয়েছে যে, এগুলো কোন শত্রুবাহিনীর হাতে ধ্বংস হয়নি। কেননা এক গবেষকের বক্তব্য :-

"It is extremely doubtful that they were sunken by enemy action because they were in home waters and there were no British or American ships in these waters during the beginning of the war".

অর্থাৎ এ কথা অত্যন্ত সন্দেহপূর্ণ যে, এ জাহাজগুলি শত্রুদের হাতে ধ্বংস হয়েছে। কেননা জাহাজগুলি সামুদ্রিক সীমানার ভিতরেই অবস্থান করছিল এবং যুদ্ধের প্রারম্ভিক পর্যায়ে ওখানে কোন মার্কিন বা বৃটিশ জাহাজ পৌছেছিল না।" তাহলে কি আমরা বলতে পারিনা যে, এ এলাকায় অন্য কোন গোপন শক্তি বিদ্যমান ছিল, যারা ঐ সময় আমেরিকা এবং তার সমর্থনকারীদেরকে বিজয়ী দেখতে চেয়েছিল।

বারমুডা এবং শয়তানী ট্রাইএঙ্গেলের ব্যাপারে এতগুলি সাদৃশ্যপূর্ণ ঘটনা ঘটার পরও কি আমরা এ কথা মানতে পারি যে, এগুলো শুধুই ঘটনাক্রমে হয়েছে ???!! কখনো নয়!! প্রসিদ্ধ গবেষক চার্লস ব্রিল্টার্স বলেন :-

"The mysterious disappearances in the Bermuda and Dragon Triangles may not be coincidental; since both areas are so similar, the same phenomenon might be behind the lost ships and planes"

অর্থাৎ বারমুডা এবং শয়তানী সমুদ্রে রহস্যময় অদৃশ্য হয়ে যাওয়ার ঘটনাবলী ঘটনাক্রমে বা এমনিতেই হতে পারেনা। কারণ, উভয় এলাকা সাদৃশ্যপূর্ণ ঘটনার জন্ম দিয়েছে। জাহাজ এবং বিমান গায়েব করার ক্ষেত্রে উভয় এলাকা একই পথ বেছে নিয়েছে। (দি ড্রাগন ট্রাইএঙ্গেল-চার্লস ব্রিল্টার্স)

## সামুদ্রিক জাহাজ... অজানা গন্তেব্যের দিকে :-

এখানে সংগঠিত প্রসিদ্ধ কয়েকটি ঘটনা সম্পর্কে আরো বিস্তারিত জানুন :-

(১) জাপানী পেট্রোলবাহী জাহাজ "কায়োমারো-৫" (kaio maro No-5)। এটি একটি বড় পেট্রোলবাহী জাহাজ, ৩১ জন কর্মী ছিল। গায়েব হওয়ার সময় পাঁচশত টন পেট্রোল তাতে মজুদ ছিল। ৯ জন বিজ্ঞানী/গবেষকও তাতে অন্তর্ভুক্ত ছিল। হেডকোয়ার্টারের সাথে তার সর্বশেষ যোগাযোগ হয়েছিল ২৪-০৯-১৯৫২। এরপর আর তার কোন হদিস পাওয়া যায়নি।

(২) জাপানী মালবাহী জাহাজ "কোরোশিয়োমারো-২"। এটিও একটি বিশালাকৃতিরি মালবাহী জাহাজ। যাতে ১৫২৫ টন মাল মজুদ ছিল। একেও সমুদ্র গিলে ফেলেছে, কোন তথ্য পরবর্তীতে পাওয়া যায়নি। সর্বশেষ যোগাযোগ হয়েছিল ২২-০৪-১৯৪৯।

(৩) ফ্রান্সিস জাহাজ "জিরানিয়োম"। এই জাহাজ সর্বশেষ ২৪-১১-১৯৪৭ বার্তাটি প্রেরণ করেছিল-

"আবহাওয়া স্বাভাবিক অবস্থায় রয়েছে"। এরপর ২৯ জন কর্মী সহকারে স্থায়ীভাবে সমুদ্রের বুকে বিলীন হয়েছে। কোন পাত্তা পাওয়া যায়নি।

(৪) মালবাহী জাহাজ "বানালোনা। এটি একটি লাইবেরিয়ান জাহাজ। মালের পরিমাণ ছিল তাতে ১৩৬১৬ টন। কর্মীর সংখ্যা ৩৫। ১৯৭১ সালের নভেম্বর মাসে শয়তানী সমুদ্রে বিসর্জিত হয়েছে।

(৫) মালবাহী জাহাজ "মাছজোছার"। এটিও লাইবেরিয়ান জাহাজ। প্রত্যক্ষদর্শীর বক্তব্যানুযায়ী এটি শয়তানী সমুদ্রের সীমানায় ছিল। হঠাৎ জাহাজের চারপাশে আগুন প্রদর্শিত হলো। এ আগুন জাহাজ থেকে নয়; বরং পানি থেকে সৃষ্টি হয়ে জাহাজের দিকে অগ্রসর হচ্ছিল। তৎক্ষনাৎ অনেকেই এ দৃশ্য ক্যামেরাবন্দি করে ফেলেছিল; যাতে স্পষ্ট দেখা যাচ্ছিল যে, জাহাজের চারপাশে পানির উপরিভাগে আগুন। আশ্চর্যের বিষয়- জাহাজে বারুদ বা পেট্রোল জাতীয় কোন পদার্থ ছিলনা। এথেকেও আরো আশ্চর্যের বিষয়- জাহাজের চারপাশে বেষ্টনকারী আগুন তৃভোজের আকৃতিতে ছিল। আরোহী ছিল ১২৪ জন। এ ঘটনা ১৯৮৭ সালের মার্চ মাসে ঘটেছিল।

(৬) মালবাহী জাহাজ "সূফিয়াবাবাছ"। জাহাজ জাপানের রাজধানী টোকিও সমুদ্রবন্দর থেকে রওয়ানা হওয়ার কিছুক্ষন পর দুই টুকরা হয়ে গিয়েছিল। কিন্তু গায়েব হয়নি। সামুদ্রিক রহস্য উন্মোচণকারী সব অত্যাধুনিক প্রযুক্তি এর রহস্য উদঘাটনে অপারগ। কারন অজানা। তদন্তের দরজা বন্ধ। চিন্তা করেন !!!

(৭) গ্রীক জাহাজ "আজয়োছ জিয়োরজিছ"। এটি একটি বড় ধরনের ব্যবসায়ীক জাহাজ। যা ২৯ জন কর্মী সহকারে গায়েব করা হয়েছে। ১২৫২৫ টন রসদ তাতে মজুদ ছিল। না জাহাজের কোন খবর পাওয়া গেছে, না কর্মীদের, না এত অধিক পরিমান রসদ বিলীন হওয়ার কোন চিহ্ন পানির উপর পাওয়া গেছে।

## রাসায়ণিক সাবমেরিন গায়েব

জাহাজ গায়েব হওয়ার ব্যাপারে তো বাহানা পেশ করা যায় যে, জাহাজ ডুবে গেছে। কিন্তু অত্যাধুনিক সাবমেরিন গায়েব হওয়ার ব্যাপারে আপনি কি বলবেন; যাতে অত্যাধুনিক যোগাযোগ প্রযুক্তি ওয়ারলেস সিষ্টেম বিদ্যমান ছিল ??‼ আবার সাবমেরিনগুলিও সাধারণ মানের নয়; রাসায়ণিক সাবমেরিন। এখন চিন্তা করুন- কোন সুপারপাওয়ারের রাসায়ণিক সাবমেরিন বিনাকারণে গায়েব হয়ে গেল। অথচ এত বড় ঘটনার পরও কোন পেরেশানী বা অস্থিরতা পরিলক্ষিত হয়নি। মনে হয় যে, যে দিয়েছিল সেই ফেরৎ নিয়ে নিয়েছে।

(১) রাশিয়ান সাবমেরিন ভেক্টর-১। এটি ছিল একটি অত্যাধুনিক রাসায়ণিক সাবমেরিন। ১৯৮৪

সালের মার্চ মাসে কর্মীদের সহ শয়তানী সমুদ্রের গোপন শক্তির কাছে চলে গেছে। কর্মীদের সংখ্যা অজানা (মনে হয় অনেক বিশেষ ব্যক্তিবর্গ এতে শামিল ছিল)।

(২) রাশান সাবমেরিন একো-১। প্রথম সাবমেরিন গায়েব হওয়ার পাঁচ মাস পরেই সেপ্টেম্বর মাসে উপকূল থেকে ৬০ কি: মি: দূরে এটাকেও শয়তানী সমুদ্রের গোপন শক্তি কোন জরুরী কাজের জন্য কাছে টেনে নেয়। একটু চিন্তা করেন- রাসায়ণিক সাবমেরিন, পথে ঘাটের কোন খেলনা নয় যে, কোন বিষয়ই না।

(৩) রাশিয়ান সাবমেরিন একো-২। জানুয়ারী ১৯৮৬ তে এটাও ওই এলাকার নজরবন্দী হয়েছে। এটিও রাসায়নিক সাবমেরিন।

(৪) রাশায়নিক সাবমেরিন জুলেফ-১। এপ্রিল ১৯৬৮ তে গায়েব হয়েছে। কর্মীদের সংখ্যা ৮৬ জন। ৮০০ কিঃ গ্রাঃ রাসায়ণিক পদার্থ মজুদ ছিল। কোন কারণ ছাড়াই সবকিছু সহ পানির অতল গহবরে চলে গেছে।

(৫) ফ্রান্সিস সাবমেরিন চারলি। রাসায়নিক সাবমেরিন। সেপ্টেম্বর ১৯৮৪ তে ৯০ জন কর্মচারীসহ ঐ এলাকায় গায়েব হয়েছে।

(৬) ব্রিটিশ সাবমেরিন কেস্ট্রল। নভেম্বর ১৯৮৬ তে সকল কর্মচারীদের সহ গায়েব।

## শয়তানী সমুদ্রে গায়েবকৃত বিমান

মার্চ ১৯৫৭ তে দশ দিনের ভিতরে তিন মার্কিন জঙ্গি বিমান পাইলটসহ গায়েব হয়েছে। পরবর্তীতে এদের নাম-নিশানা পর্যন্ত পাওয়া যায়নি। না পাইলটের কাছ থেকে কোন আবহাওয়া গুলযোগের বার্তা পাওয়া গেছে। বিমানগুলো ছিল যথাক্রমে JD-1, KB-50, C-97। এছাড়াও জাপানী জঙ্গি বিমান P-J2 ১৬ জুলাই ১৯৭১ সালে গায়েব হয়েছে। কোন বার্তা প্রেরণে সক্ষম হয়নি। পরবর্তীতে ২৭ এপ্রিল ১৯৭১ জাপানেরই আরো একটি জঙ্গি বিমান P2V-7 গায়েব হয়। এর দুই মাস পর আবার জাপানী ট্রেনিং বিমান IM-1 গায়েব হয়।

JA-341 যাত্রীবাহী বিমান (যাতে সাংবাদিকদের একটি টিমও ছিল) ঐ এলাকার উপর দিয়ে যাচ্ছিল। এটি পূর্বে গায়েবকৃত মার্কিন কেলিফোর্নিয়ামারো নামক জাহাজের তদন্তের জন্য ওখান দিয়ে যাচ্ছিল। তারা গায়েবকৃত জাহাজের তদন্ত তো করতে সক্ষম হয়নি; বরং দুনিয়াকে তারা নিজেদের তদন্তে অবশ্যই লাগিয়েছে। পরবর্তীতে তাদের বাতাসও পর্যন্ত পাওয়া যায়নি। না সাংবাদিকদের, না যাত্রীদের।

১৯ মার্চ ১৯৫৭, সাবেক ফিলিপাইনী প্রেসিডেন্টের বিমান ২৪ জন সরকারী অফিসার সহ সামুদ্রিক আকাশে অদৃশ্য হয়েছে। কোন সন্ধান পাওয়া যায়নি।

## দ্বিতীয় ভাগ

## (Bermuda Triangle)

### বারমুডা ট্রাইএঙ্গেলের অবস্থান

বারমুডা আটলান্টিক সাগরের সর্বমোট ৩০০ টি দ্বীপ নিয়ে বিস্তৃত এলাকার নাম। যার মধ্যে বেশির ভাগেই অনাবাদী। শুধুমাত্র বিশটি দ্বীপের মধ্যে মানুষের অবস্থান পাওয়া যায়। আর যে এলাকাকে আশংকাজনক মনে করা হয়, তাকে বারমুডা ট্রাইএঙ্গেল বলা হয়। এ এঙ্গেলের আয়তন চারপাশ থেকে ১১৪০০০০ বর্গ কি: মি:। উত্তরে বারমুডার বিভিন্ন দ্বীপ, দক্ষিনপূর্বে পোরটোরিকো এবং দক্ষিনপশ্চিমে মার্কিন গণতান্ত্রিক সরকার শাসিত প্রসিদ্ধ ফ্লোরিডা শহর। অর্থাৎ এই এঙ্গেলের মূল অবস্থান ফ্লোরিডায়। হ্যাঁ.... ফ্লোরিডা। (ফ্লোরিডার অর্থ হচ্ছে- ওই খোদার শহর যার অপেক্ষা করা হচ্ছে বা ওই খোদা যার অপেক্ষা করা হচ্ছে)।

প্রায় চারশত বছর পূর্ব থেকে ওই বিরান এলাকায় কোন মানুষ বসবাস করেনি। এমনকি জাহাজের ক্যাপ্টেন পর্যন্ত ভয়ে ওই এলাকা থেকে দূরে থাকে। ওখানে একটি কথা খুবই প্রসিদ্ধ যে, "ওখানাকার পানির গভীরে ভয়ংকর সব শয়তানী রহস্য লুকায়িত রয়েছে।" এমনকি ওখানকার আকাশপথের ভ্রমণকারীরা এয়ারহোষ্টেসকে পর্যন্ত সর্বপ্রথম জিজ্ঞেস করে- আমাদের বিমান কি বারমুডা ট্রাইএঙ্গেলের উপর দিয়ে যাবে ?? কোম্পানীর জবাব যদিও নেতিবাচক হলেও বাস্তবে তার বিপরীত।

### বারমুডা ট্রাইএঙ্গেল কি আসলেই ট্রাইএঙ্গেলের আকৃতিতে....

বারমুডার ট্রাইএঙ্গেলের পুরো এরিয়াটাই সমুদ্রে। যা আটলান্টিক সাগরে অবস্থিত। সুতরাং চিন্তার বিষয়- চারিদিকে পানি আর পানি, এখানে এঙ্গেল বা ত্রিভোজের আকৃতি কি করে সম্ভব ?!! সুতরাং প্রথমেই জানতে হবে যে, এঙ্গেল বাস্তব নয়; বরং এটি একটি বিশেষ এলাকার নাম যেখানে অবিশ্বাস্য সব ঘটনার জন্ম হয়। ওই এলাকাকে ট্রাইএঙ্গেল হিসেবে সাধারণ নাম দেয়া হয়েছে। এ নামের ব্যাপারে প্রসিদ্ধ আছে যে, ১৯৪৫ সালে ওই এলাকায় একসাথে কয়েকটি বিমান গায়েব হওয়ার পর এক প্রেস কনফারেন্সে সর্বপ্রথম এই নাম ব্যবহার করা হয়। কিন্তু এটা খুবই রহস্যপূর্ণ যে, নামটি কেন ট্রাইএঙ্গেল রাখা হল।

ওই দুর্ঘটনার পূর্বেও ওখানে বহু ঘটনার প্রমাণ পাওয়া যায়। কিন্তু তখন ওই এলাকাকে বারমুডা

ট্রাইএঙ্গেলের পরিবর্তে শয়তানের দ্বীপ হিসেবে চেনা হত। ক্রেস্টোফার কোলাম্বিস (১৪৫১-১৫০৬) সামুদ্রিক ভ্রমণের সময় যখন ওই এলাকা দিয়ে যাচ্ছিল, তখন সেও ওখানে কিছু অচীন ও আশ্চর্য বিষয় প্রত্যক্ষ করেছিল। যেমন- আগুনের গোলা সমুদ্রের ভেতরে প্রবেশ করা, ওই সীমানায় প্রবেশ করলেই কোন প্রকার যুক্তিসঙ্গত কারণ ছাড়াই কোম্পাস খারাপ হয়ে যাওয়া ইত্যাদি।

কোলাম্বিসের আমেরিকা ভ্রমন পাঁচ শতাব্দি পার হয়ে গেল। কিন্তু এ প্রশ্ন আজও বাকী রয়ে গেছে যে- ওখানাকার পানির গভীরে বা পানির উপরিভাগে-আকাশপথে কি এমন রহস্যময় বিষয় গোপন রয়েছে, যার ব্যাখ্যা বর্তমান অত্যাধুনিক স্যাটেলাইটের যুগেও খুজে বের করা সম্ভব হচ্ছেনা। ১৮৫৪ সালের পূর্বে আরব বনিকেরাও ওই এলাকা দিয়ে আসা-যাওয়া করত, কিন্তু তাদের জাহাজ তো কখনো দুর্ঘটনা বা কোন অস্বাভাবিক রহস্যের কবলে পড়েনি। অথচ এরকম ঘটনা ওখানে ১৮৫৪ সালের পূর্বেও বহুবার ঘটেছে বলে প্রমাণ পাওয়া যায়।

## জাহাজের কবরস্থান.. বারমুডা ট্রাইএঙ্গেল

১৮১৩ সালে আমেরিকার তৃতীয় ভাইস প্রেসিডেন্ট এরন বার (Aaron Burr)এর কন্যা থিউডোসিয়া (Theodosia)(দক্ষিন কেরোলিনা রাজ্যের গভর্ণর জোসেফ এস্টোনের স্ত্রী, খুবই বুদ্ধিমতি এবং সুন্দরী কন্যা হিসেবে প্রসিদ্ধ ছিল) বারমুডার ওই এলাকায় গায়েব হয়েছে। থিউডোসিয়া তার পিতার সাক্ষাতের জন্য তখনকার সর্বাধুনিক জাহাজ পেট্রিয়াটে করে নিউয়োর্কের উদ্দেশ্যে যাচ্ছিল। পেট্রিয়াটের ক্যাপ্টেন তখনকার সুদক্ষ নাবিক হিসেবে আমেরিকায় প্রসিদ্ধ ছিল। সাথে তার ব্যক্তিগত ডাক্তার এবং আরো কিছু ঘনিষ্ঠজনও ছিল। কিন্তু তারা কখনোই নিউয়োর্কে পৌছতে পারেনি। ভাইস প্রেসিডেন্ট হিসেবে এরন বার তার কন্যাকে খুজে পাওয়ার জন্য তখন সাধ্যমত অনেক চেষ্টা করেছিল। কিন্তু না পাওয়া গেছে কন্যার খবর, না জাহাজের কোন হদিস।

১৮১৪ সালে আমেরিকার প্রসিদ্ধ সামুদ্রিক জাহাজ WASP কেও বারমুডা গিলে ফেলেছে। জাহাজের ক্যাপ্টেন কোন সাধারণ মানের ক্যাপ্টেন ছিলনা; মার্কিন জনসাধারণের কাছে নায়ক হিসেবে পরিচিত জনষ্টন ব্লেকলে। সে ব্রিটিশ শক্তিশালী সামুদ্রিক জাহাজ Reindeer কে স্বীয় দক্ষতা দিয়ে মাত্র ২৭ মিনিটেই পরাজিত করেছিল। এরপর আর কেউ জানতে পারেনি যে- ব্লেকলে তার ষ্টাফ এবং জাহাজ নিয়ে কোন জগতে গিয়ে পৌছেছে। না মার্কিন সরকার, না মার্কিন সামুদ্রিক গবেষক টিম। অথচ তখনকার মার্কিন সামুদ্রিক গবেষক টিম পানির গভীর পর্যন্ত এত ভাল করে চিনত, যেমননাকি পাড়ার অলি-গলিকে মানুষ চেনে। কিন্তু অত্যাধিক খোজাখোজির পরও কোনই নাম-নিশানা কি তারা পায়নি ?!! তাহলে কি বারমুডার ট্রাইএঙ্গেল

তাদের গিলে ফেলেছে ? নাকি ব্লেকেলের অত্যাধিক যোগ্যতা দেখে "গোপন শক্তি" তাকে নিজের জন্য বেছে নিয়েছে।



প্রথম বিশ্বযুদ্ধের (১৯১৪-১৯১৮) সময় মার্চ ১৯১৮ তে মার্কিন সামুদ্রিক জাহাজ সাইক্লোপিস (Cyclops U.S.A) ওই এলাকায় গায়েব হয়েছে। যাতে যুদ্ধকালীন সময়ে ব্যবহারের জন্য সাড়ে চৌদ্দহাজার টন মাল মজুদ ছিল। তাছাড়া তিনশত কর্মীও তাতে কর্মরত ছিল। এরও কোন নাম-নিশানা পাওয়া যায়নি।



জাশোয়াস্লোকোম (Jashua Slocum) এমন এক ক্যাপ্টেন। শুধু মার্কিন ইতিহাসেই নয়; সামুদ্রিক বিষয়ে সে সারাবিশ্বজুড়ে সুনাম অর্জন করেছিল। বাল্যকাল থেকেই পানির ঢেওয়ের সাথে খেলে বেড়ে ওঠা এক যুবক। সেই সর্বপ্রথম সমুদ্র পথে সারা বিশ্ব ভ্রমণ করেছিল। সর্বদা সামুদ্রিক ঝড় আর তুফান মোকবেলা করাই যার অভ্যাস ছিল। ১৯০৯ সালে Spray নামক নিজস্ব জাহাজে করে রওয়ানা হয়েছিল। অতপর বারমুডার ঐ ভয়ানক এলাকায় সে তার জাহাজ সহ চিরদিনের জন্য গায়েব হয়ে যায়। গায়েব হয়ে যাওয়া জাহাজের তালিকায় নাম যুগ হওয়া ছাড়া আর কোন হদিস পাওয়া যায়নি।

## যাত্রী গায়েব..... জাহাজ উপকূলে.....

এটাও কি বিশ্বাসযোগ্য ? যদি আপনাকে বলা হয়- একটি জাহাজ বারমুডার সমুদ্র সীমানায় দাড়ানো, কিন্তু যাত্রী এবং ক্যাপ্টেন গায়েব!! খানার টেবিলে এমনভাবে খানা গুছিয়ে রাখা; দেখলে মনে হবে- হাত ধোয়ার জন্য মনে হয় তারা উঠে গেছে। না আছে দুর্ঘটনার চিহ্ন, আর না কোন লুটপাটের নিদর্শন। নিরব সমুদ্রের মাঝে হঠাৎ খানা পিনা রেখে তারা কার মেহমান হয়ে গেছে ?!! ঘটনাটি ঘটেছে "কেরল ডীরিং (Caroll Deering)নামক জাহাজের সাথে। তীরে জাহাজের সম্মুখভাগ বালুতে গাড়া ছিল আর পেছনের অংশ পানিতে ছিল। খানার টেবিলে খানা রাখ ছিল। চেয়ারগুলি কিছু পেছনের দিকে ঝুকা অবস্থায় ছিল। মনে হবে, যাত্রীরা কোন অলৌকিক কিছু দেখে আপন আপন চেয়ার ছেড়ে উঠে এসেছিল এবং পরে ফিরে আসার চেষ্টা করেছিল, কিন্তু তা আর পারেনি। চেয়ারটেবিলে খানা আর ফলফ্রুট দেখে কোন হাঙ্গামা বা দুর্ঘটনার চিহ্ন বা নিদর্শন উপলব্ধি হয়না। জাহাজের অবস্থা দেখেও এ কথা মনে হয়না যে, এখানে লুটপাট বা ডাকাতির ঘটনা ঘটেছে। আশ্চর্যের বিষয়- এতবড় জাহাজকে তীরে কে আনল ?? আর যাত্রীরাই বা কিরূপ দুর্ঘটনার স্বীকার হল ?? কেননা এত বড় জাহাজ এত অল্প পানিতে আসা অসম্ভব।। জাহাজটি ছিল "জি জি ডেয়রিং কোম্পানী অফ পোর্টলেন্ড" এর মালিকানায়।

হেরি কোনোভার (Herrey Conover) প্রসিদ্ধ মার্কিন কোটিপতি, সুদক্ষ জঙ্গি পাইলট, সামুদ্রিক জাহাজ প্রতিযোগীতায় বিজয়ী ক্যাপ্টেন ১৯৫৮ সালে তার সাথীদের নিয়ে বারমুডার অতল গহবরে গায়েব হয়েছে। কিন্তু এইবার শুধু যাত্রীরাই নিখোজ হয়েছে। কেননা পরবর্তীতে তাদের জাহাজ ফ্লোরিডার সী-বিচ থেকে ৮০ মাইল উত্তরে এক কিনারায় যাত্রীবিহীন অবস্থায় পাওয়া যায়।

# ডুবে যাওয়া জাহাজ ফেরত ....

এ ধরনের কোন সংবাদও কি আপনি এ পর্যন্ত শুনেছেন যে, কোন জাহাজ সম্পূর্ণরূপে সমুদ্রে নিমজ্জিত হয়েছে এবং কিছুদিন পর তা পূর্বাবস্থায় কোন কিছু নষ্ট হওয়া ছাড়াই উপরে এসে গেছে। একটি জাহাজ বারমুডার ট্রাইএঙ্গেলের সীমানায় চলছিল। সমুদ্রের ঢেও একে নিয়ে খেলছিল। কিন্তু তাতে কেউ ছিলনা; ভেতরে সম্পূর্ণ খালী ছিল। না ক্যাপ্টেন, না যাত্রী আর না কোন কর্মচারী। জাহাজের নাম "লাদাহামা"। এস.এযটেক নামক জাহাজের ক্যাপ্টেন এবং কর্মচারীরা যে দৃশ্য অবলোকন করেছিল, তা নিম্নরূপ :

"সবকিছু ঠিকঠাক, সঠিক জায়গায় বিদ্যমান। না কেউ কিছু উঠিয়েছে, না ছিন্নভিন্ন করেছে। না আছে লুটমারের চিহ্ন, না কোন দুর্ঘটনার আলামত। এমনকি ক্যাপ্টেনের ব্যবহৃত কলম আর দূরবীন পর্যন্ত সঠিক জায়াগায় ছিল।" এথেকেও অবিশ্বাস্য খবর হচ্ছে- সামুদ্রিক জাহাজ "রানী"র রেকর্ডে এটি ডুবে যাওয়া জাহাজের তালিকায় ছিল যাকে ইটালীর রেক্স (Rex) নামক জাহাজের যাত্রী এবং কর্মচারীরা ডুবে যাওয়ার সময় প্রত্যক্ষ করেছিল।

চিন্তার বিষয়..... কে এই গায়েবকারী ?? গায়েব করার পর জাহাজ থেকে কোন মূল্যবাণ জিনিস আটক করেনা, কারো কাছে কোন দাবীও পেশ করেনা। বরং চিরদিনের জন্য নিজের কাছে নিয়ে যায়। এরপর যায়ই বা কোথায় ?? এমন সব ঘটনা; যার কোন যুক্তিসঙ্গত ব্যাখ্যাও আজ পর্যন্ত কেউ দিতে পারেনি। বারমুডার সমুদ্রের অভ্যন্তরের সকল ঘটনাই কি আকস্মিক ??! নাকি সুসংগঠিত কোন শক্তি নির্দিষ্ট কোন টার্গেট লক্ষ্য করে এসব ঘটনার জন্ম দিচ্ছে ??!!!!

বিজ্ঞানীরা এ ব্যাপারে নিরব। বরং তাদের চুপ করিয়ে দেয়া হয়েছে। গবেষণার সকল দরজা বন্ধ। সম্পূর্ণ নিশ্চুপ। বরং মৃত্যুর হুমকি। তাহলে এসব কেন ?? গবেষকদের কাছে একটি কথা স্পষ্ট যে, সামুদ্রিক ঝড়-তুফান বা স্বাভাবিক দুর্ঘটনার সাথে এগুলোর কোন সম্পর্ক নেই। এমনও কখনো হয়নি যে, জাহাজের সকল মূল্যবাণ সম্পদ আসবাবপত্র লুট করা হয়েছে। পাশাপাশি গায়েবকৃত জাহাজ থেকে আশপাশের হেডকোয়ার্টারগুলিতেও কোন সাহায্যের বার্তা প্রেরণ করা হয়নি। তবে কখনো কখনো কিছু বার্তা পৌছেছিল, যা সম্পূর্ণ অস্পষ্ট ছিল।

এ সকল অস্পষ্ট বার্তায় গবেষণা ও তদন্ত করে গবেষকরা একটি ফলাফলে ঠিকই উন্নিত হয়েছেন যে, এ ঘটনাগুলি খুবই দ্রুততার সাথে ঘটানো হয়েছে এবং ঘটনার সময় জাহাজের ক্যাপ্টেন ও যাত্রীদের উপর হঠাৎ ভয়ানক এক অবস্থার সৃষ্টি হয়েছে।

১৯২৪ সালে জাপানী মালবাহী জাহাজ "রিভোকোমারো" (Rivoco Maro)গায়েব হওয়ার পূর্বে উপকূল হেডকোয়ার্টারে এই বার্তা প্রেরণ করে :- " আমাদের উপর এক ভীতিকর অবস্থার সৃষ্টি হয়েছে.....। ভয়..... ভয়.....। দ্রুত আমাদের সাহায্য কর।"

তবে ১৯৬৭ সালে গায়েব হওয়া ভ্রমণজাহাজ "ভিচক্রাফট" থেকে সর্বশেষ যে বার্তা পৌছেছিল, তা জাহাজের মালিক নিজে (তখন সে জাহাজের মধ্যে ছিল) নিকটস্থ হেডকোয়ার্টারে নিম্নুক্ত বার্তা দিয়েছিল :- "জাহাজ পানির নিচে কোন অজানা বস্তুর সাথে ধাক্কা খেয়েছে....। পেরেশানীকর কোন কিছু সামনে আসেনি.....। জাহাজে কোনরূপ সমস্যা হয়নি.....। তবে সবকিছু ঠিকঠাকরূপে কাজ করছেনা.....।" এই বার্তা পাওয়ার তিন মিনিটের মধ্যে বিশেষ সাহায্য টিম জাহাজের স্থানে পৌছেছিল। কিন্তু এই তিন মিনিটের মধ্যেই জাহাজ তার মালিক ও মালিকের বন্ধু (মার্কিন সিনেট জর্জ চার্চের পাদ্রী ফোর্চ লোডার ডেল) সহ যাত্রীদেরকে নিয়ে কোন অজানা স্থানে চলে গেছে। ঠিক পনের মিনিট পরেই আরো একটি টিম ওখানে পৌছে আশপাশের দুইশ কি: মি: এলাকাজুড়ে তন্ন তন্ন করে খোজাখোজির পরও এর কোন হদিস তারা বের করতে সক্ষম হয়নি।

## আরো একটি আশ্চর্য বার্তা.....

বর্ণনার শেষ অংশে বলা হয়েছে- "দাজ্জালকে যে ব্যক্তি মিথ্যারূপ করল, সে কামিয়াব হয়ে গেল। আর যে তাকে সত্য বলে বিশ্বাস করল, সে দুর্ভাগা হয়ে গেল। তবে মনে রেখো! দাজ্জাল সাধারণ মানুষের মতই খানাপিনা এবং বাজারে যাওয়া-আসা করবে। কিন্তু আল্লাহ তা'লা এগুলো থেকে পবিত্র। শুনে রেখো! দাজ্জালের বাহন চল্লিশ হাত লম্বা হবে। তার সাথে চমকদার গাধা থাকবে। গাধার প্রতিটি কানের দৈর্ঘ্য ত্রিশ গজ করে হবে। গাধার এক কদম থেকে আরেক কদমের দূরত্ব একদিন ও একরাত্রির ভ্রমন সমপরিমান হবে। তার জন্য যমিনকে লেপটিয়ে দেয়া হবে। সে তার বাম হাতের দ্বারা মেঘবৃষ্টি কন্ট্রোল করবে এবং সূর্যের পূর্বেই অস্তের স্থানে পৌছে যাবে। সমুদ্রে দুই পায়ের পেন্ডুলি পর্যন্ত প্রবেশ করবে। তার সম্মুখে ধোয়ার পাহাড় হবে এবং তার পেছনে সবুজ-শ্যামল পাহাড় হব। এমন আওয়াজ দেওয়া হবে যা পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত শুনা যাবে। সে বলবে- হে আমার বন্ধুগণ! আমার কাছে এসো...! আমার বন্ধুগণ! আমার কাছে এসো...! আমাকে মহব্বতকারীগণ! আমার কাছে এসো...! আমার শুভাকাঙ্খীগণ! আমার কাছে এসো! আমিই সেই সত্তা, যে তোমাদের সৃষ্টি করেছে এবং বিন্যস্ত করেছে, সবকিছু সঠিকরূপে তৈরী করে অতপর হেদায়েত করেছে। আমিই তোমাদের সবচে' বড় প্রভূ...।" হযরত আলী রা. বলেন- আল্লাহর দুশমন মিথ্যা বলেছে। সে তোমাদের প্রভূ নয়। স্মরণ রেখো! তার অনুসারী অধিকাংশই ইহুদী এবং ভ্যাবিচারী (যিনার) সন্তান হবে। (أبو عمرو الداني:664، كنز العمال،ج:14ص:613)

হাদিসের সনদে হাম্মাদ বিন আমর বর্ণনাকারী "মাতরূক" বিধায় হাদিসটি দুর্বল।

জরুরী জ্ঞাতব্য বিষয়ঃ- ফ্লাইং সোসার্স হচ্ছে দাজ্জালের বাহন। এই দাবী পেশ করেছেন গবেষক মুহাম্মদ ঈসা দাউদ। লেখক এব্যাপারে জোর দিয়ে কোনকিছু নির্ধারণ করছেনা; বরং সহীহ হাদিসের মাধ্যমে প্রমাণিত বিষয়ই প্রাধান্য পাওয়ার যোগ্য। সালফে সালেহীনের উক্তিগুলো বর্ণনার মধ্যেই মুক্তি নিহীত। যদি কারো পক্ষ থেকে এমন কোন মত প্রকাশ করা হয়, তবে তাদের জ্ঞানের আলোকেই এগুলো পরখ করা উচিত। তাছাড়া এটা কোন আক্বীদাগত বিষয়ও না যে, দাজ্জাল গাধার উপরে আরোহন করেই আসবে বা প্লেনে চড়ে আসবে বা ফ্লাইং সোকার্সে করে উড়ে আসবে। মূল কথা হচ্ছে যে, সে অবশ্যই আসবে এবং তার বাহনের গতি ঐ রকমই দ্রুত হবে, যেমনটি রাসূলে কারীম সা. এর যবানে মুবারক দ্বারা বর্ণিত হয়েছে। চায় তা বাস্তব গাধা হোক বা গাধাসদৃশ অন্য কিছু!!!

(اللهم لا علم لنا إلا ما علمتنا ، اللهم إني اعوذ بك أن أكون من الجاهلين..اللهم أرنا الحق حقا وارزقنا اتباعا وأرنا الباطل باطلا وارزقنا اجتنابا...)

## দাজ্জালের কারিশমা...

(১) দাজ্জাল জন্মান্ধ এবং কুষ্ঠ রোগীদের সম্পূর্ণ সুস্থ্য করে দেবে। (মুসনাদেআহমদ)

(২) মৃত ব্যক্তিদের জীবিত করে দেখাবে। জীবিতকে হত্যা করে পূণরায় তাকে জীবিত করে দেখাবে। তার আদেশে আকাশের মেঘ বৃষ্টি বর্ষন করবে। নদীকে হুকুম করবে- "থেমে যাও"- নদীর স্রোত থেমে যাবে, আবার পূণরায় চলার হুকুম করলে চলতে থাকবে। তার আদেশে অনুর্বর জমি ফসলে সবুজ-শ্যামল হয়ে উঠবে। যে তার উপর ঈমান আনবেনা, তার ক্ষেত-ক্ষামার নিঃশেষ হয়ে ঘরবাড়ী ধ্বংস হয়ে যাবে এবং পানি থেকে তাকে বঞ্চিত করে দেবে। দাজ্জালের সাথে খানা-পিনার ভান্ডার থাকবে। তার একহাতে আগুন এবং আরেক হাতে জান্নাত থাকবে। (মুসলিম শরীফের হাদিসের মর্মার্থ)

(৩) ভূমিকম্পন সৃষ্টির যোগ্যতা তার আয়ত্বে থাকবে। (আবূ দাউদ)

দাজ্জালের ব্যাপারে আরো বিস্তারিত তথ্যের জন্য লেখকের "তৃতীয় বিশ্বযুদ্ধ এবং দাজ্জাল" অধ্যয়ন করতে পারেন।

## দাজ্জালের উপর সবচে' ভারী... বনূ তামীম সম্প্রদায়...

হযরত আবূ হুরায়রা রা. থেকে বর্ণিত, তিনি বলেন- আমি বনূ তামীম গোত্রকে তিনটি কারণে ভালবাসি, যা রাসূলে কারীম সা. এর মুখ থেকে শুনেছি। রাসূলে কারীম সা. বলেন- আমার উম্মতের মধ্যে বনূ তামীম গোত্র দাজ্জালের বিরুদ্ধে সবচে' কঠোর অবস্থানে থাকবে। (আবূ হুরায়রা রা. বলেন-) বনূ তামীম গোত্রের সদকা আসলে রাসূলে কারীম সা. বলতেন- এটাকে গ্রহণ কর। এটা আমার কওমের সদকা। (মহব্বতের তৃতীয় কারণ-) হযরত আয়েশা রা. এর কাছে বনূ তামীম গোত্রের একজন মহিলা বন্দী অবস্থায় ছিল, তা দেখে রাসূলে কারীম সা. বলেন- হে আয়েশা! একে মুক্ত করে দাও! কেননা সে ইসমাঈলী বংশের মেয়ে। (বুখারী-২৫৪৩, মুসলিম-২৫২৫)

মুসলিম শরীফের অপর বর্ণনায় বনূ তামীম গোত্রের ব্যাপারে "দাজ্জাল" শব্দের বিপরীতে "هم أشد الناس قتالا في الملاحم" ব্যবহৃত হয়েছে। অর্থাৎ তারা (বনূ তামীম) শেষ যমানার সর্বশেষ ভয়ংকর যুদ্ধে সবচে' বেশি বাহাদুর এবং যুদ্ধবাজ হবে।

হযরত আবূ বকর রা. বনূ তামীম গোত্রের অন্তর্ভূক্ত ছিলেন। গোত্রটি আজও ইয়েমেন, মক্কা-মদীনা এবং ইরাকে বিদ্যমান। পাশাপাশি বর্তমান সময়ে তারা আফগানিস্তান থেকে নিয়ে ইরাক পর্যন্ত রণাঙ্গনে দাজ্জালী শক্তির জন্য যন্ত্রণাদায়ক শাস্তির বাহক হয়ে রয়েছে। আলহামদুলিল্লাহ!! মুহাম্মদে আরাবী সা. এর ভবিষ্যদ্বাণীগুলো ঈমানদারদের সামনে আস্তে আস্তে পূর্ণ হতে শুরু করেছে।

## "খোয" এবং "কিরমান" গোত্রদ্বয়ের সাথে যুদ্ধ...

عن ابي هريرة رضي الله عنه ، أن النبي صلى الله عليه وسلم قال: لاتقوم الساعة حتى تقاتلوا خوزا وكرمان من الأعاجم ، حمر الوجوه ، فطس الأنوف ، صغار الأعين ، ووجوههم المَجَانُّ المُطْرَقَةُ ، ونعالهم الشعر. (الصحيح البخاري ، مسند أحمد بن حنبل ، ابن حبان). باب علامات النبوة في الإسلام.

"নবী করীম সা. বলেন- কেয়ামত ততক্ষন পর্যন্ত আসবেনা, যতক্ষন পর্যন্ত না তোমরা "খোয" এবং "কিরমান" গোত্রদ্বয়ের সাথে যুদ্ধ করবে। অনারবদের মধ্যে দু'টি গোত্র। (এদের পরিচয় হচ্ছে-) লাল চামড়ার অধিকারী, চ্যাপটে নাক ও ছোট ছোট চোখবিশিষ্ট। তাদের চেহারা হবে চামড়া দিয়ে পেচানো ঢালের মত

(প্রশস্ত চেহারার অধিকারী)। তাদের জুতা হবে চুল (দিয়ে তৈরী)।

বাইযাবী রহ. বলেন- হাদিসে المِجن শব্দ ব্যবহৃত হয়েছে। শাব্দিক অর্থ হল- ঢাল বা বর্ম, যা যুদ্ধের সময় আত্মরক্ষার জন্য ব্যবহৃত হয়ে থাকে। উদ্দেশ্য হল যে, তাদের চেহারা ঢালের মত প্রশস্ত ও গোলাকৃতির হবে। দ্বিতীয়ত- المُطْرَقَةُ শব্দ ব্যবহৃত হয়েছে, যার শাব্দিক অর্থ ভাজকৃত, চামড়া দিয়ে পেচানো, একটির উপর অন্যটি স্থাপনকৃত। উদ্দেশ্য হল যে, তাদের চেহারায় গোশ্তের স্তর বেশি থাকার কারণে বড় ও প্রশস্ত হবে।

হাদিসে "খোয" এবং "কিরমান" গোত্রদ্বয়ের যে পরিচয় বলা হয়েছে, এমনই অন্য একটি হাদিসে তুর্কীদের ব্যাপারে বলা হয়েছে। কিন্তু ইবনে হাজার রহ. বলেন- সেটি ভিন্ন হাদিস।

"খোয" পশ্চিম ইরানে অবস্থিত। বর্তমানে তা "খোযিস্তান" (Khuzestan) হিসেবে প্রসিদ্ধ। খোযিস্তানের কেন্দ্রীয় শহর হচ্ছে "আহওয়ায" (Ahwaz)। এখানকার উৎপাদিত বিষয়সমূহের মধ্যে তেল এবং টেক্সটাইল অন্যতম। ইরান-ইরাক যুদ্ধে এলাকাটি ইরাকের পক্ষ থেকে মারাত্মক বোম্বিংয়ের টার্গেট হয়েছিল। আর "কিরমান" হচ্ছে দক্ষিণ-পূর্ব ইরানের একটি প্রদেশ। ওখানকার সরকারী ব্যবস্থাপনাও কিরমানে'ই অবস্থিত। কিরমান প্রদেশের অন্যন্য বড় বড় শহরের মধ্যে "ছিরজান", "জারাফাত" এবং "রাফছিনজান" উল্লেখযোগ্য।

عن أبي هريرة رضي الله عنه ، أن رسول الله صلى الله عليه وسلم قال: يهبط الدجال خوز وكرمان في ثمانين في ثمانين ألفا ، ينتعلون الشعر ويلبسون الطيالسة ، كأن وجوههم المجان المطرقة. (مسند أبي يعلى) قال الحسين سليم أسد: رجاله ثقات.

"হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. বলেন- দাজ্জাল "খোয" এবং "কিরমান" অঞ্চলে আশি হাজার লোকদের মধ্যে অবতরণ করবে (অর্থাৎ ওখান থেকে আশি হাজার তার অনুসারী হবে)। তাদের জুতা হবে চুলের তৈরী, তারা "তায়ালছানী" চাদর পরিহিত থাকবে। তাদের চেহারা হবে চামড়া দিয়ে পেচানো ঢালের মত (প্রশস্ত চেহারার অধিকারী)

মুসনাদে আহমদের বর্ণনায় এদের সংখ্যা সত্তর হাজার বর্ণিত হয়েছে।

*ইহুদীরা বিশেষ এক ধরনের চাদর পরে থাকে, যা মাথার উপর থেকে নিয়ে মাটি পর্যন্ত বিস্তৃত থাকে। ছবিতে লক্ষ করুন.....*

হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত- তিনি বলেন- আমি রাসূলে কারীম সা. কে বলতে শুনেছি যে, অবশ্যই দাজ্জাল "খোয" এবং "কিরমান" অঞ্চলে অবতরণ করবে, ওখানে তার অনুসারী হবে সত্তর হাজার। তাদের চেহারা হবে চামড়া দিয়ে পেচানো ঢালের মত (প্রশস্ত চেহারার অধিকারী)।

তুর্কী, খোয এবং কিরমানবাসীদের চেহারা এমনই হবে- দেখতে তাদের চেহারা সম্মুখ ঢালের মত দেখাবে। হয়ত এখানে প্রকৃত অর্থ উদ্দেশ্য- অর্থাৎ প্রশস্ত চেহারার অধিকারী হবে। অথবা তারা বেসুন্দর-বিশ্রি চেহারার অধিকারী হবে।

## ইরানের সাথে দাজ্জালের সম্পর্ক ??...গুরুত্বপূর্ণ প্রশ্ন

দাজ্জাল এবং তার অনুসারীদের এলাকার ব্যাপারে যতগুলো হাদিস বর্ণিত হয়েছে, অধিকাংশই বর্তমান ইরানের বিভিন্ন বড় বড় অঞ্চলে অবস্থিত। যেমন- "দাজ্জাল ইরানের "আসফাহান" থেকে আত্মপ্রকাশ করবে এবং তার সাথে সত্তর হাজার ইসফাহানী ইহুদী অনুসারী হবে। "খোয" ও "কিরমানে"র ব্যাপারেও সহীহ হাদিস উপরে বর্ণিত হয়েছে। এ হাদিসগুলোর প্রকৃত অর্থ কি ?? এর দ্বারা কি উদ্দেশ্য.. ??

দু'টি অবস্থা হতে পারে। এক- ইরান সম্পূর্ণরূপে ইহুদীদের আয়ত্বে চলে যাবে। দুই- সরকার ব্যবস্থা বর্তমানের মতই থাকবে, কিন্তু মুল কড়ি ইহুদীদের ইশারায় চালিত হবে। এতে আশ্চর্যের কিছু নেই। কারণ, ইহুদীরা ইরানে বহুকাল পূর্ব থেকেই বসবাস করে আসছে। তাদের মধ্যে কিছু গোত্র বাহ্যিকভাবে ইসলাম ধর্ম গ্রহণ করলেও মূলত ইহুদীই রয়ে গেছে। এমনই একটি সম্প্রদায় "আসফাহান", "রাফছানজান", "মাশহাদ"

এবং ইরানের বিভিন্ন গুরুত্বপূর্ণ শহরে প্রভাবশালী রয়েছে। যারা মডার্ন ইসলামের নামে প্রসিদ্ধ। আসফাহানের ইহুদী সম্প্রদায়ের মর্যাদা অন্যান্য সাধারণ ইহুদীদের থেকে ভিন্ন। ব্যাপারটি আপনি অনুধাবন করতে পারবেন- যখন শুনবেন যে, ইসরায়েল সরকার একাধিকবার তেলআবিবে গিয়ে বসবাস করার আহবান জানালেও আসফাহানের ইহুদীরা তা প্রত্যাখ্যান করে এবং ইসরায়েলের পরিবর্তে ফ্রান্স ও ব্রিটেনকে বসবাসের জন্য প্রাধান্য দেয়। ইরানী ইহুদীরা "হাখাম য়েদীদ শূফাত"কে তাদের আত্মীক (রূহানী) পিতা বলে মনে করে। আর একারণেই ইরানী মায়েরা একের পর এক ইহুদী সন্তান জন্ম দিয়েছে। কিন্তু সবার কথা না বলে এখানে আমরা সংক্ষিপ্তভাবে দুইজন ইহুদীর কথা আলোচনা করব:-

ইবরাহীম নাথান- যার ডাকনাম হচ্ছে- মোল্লা ইবরাহীম (১৮১৬-১৮৬৮)। দ্বিতীয় জন হচ্ছে- আগাখান (প্রথম) (১৮০০-১৮৮১)। মোল্লা ইবরাহীম বুখারা, তুর্কিস্তান, কাবুল এবং হিন্দুস্থানে মুসলমানদের বিনাশ করে ছেড়েছে। পক্ষান্তরে আগাখান (প্রথম) আগে হিন্দুস্তানের মুসলমানদের এবং পরে পাকিস্তানের মুসলমানদের আমলে নিয়েছে। আগাখান প্রথমে ইরানের কিরমান প্রদেশের গভর্ণরের দায়িত্বে নিয়োজিত ছিল। ১৮৪০ সালে সে সম্পূর্ণ ইরানের উপর শাসন প্রতিষ্ঠা করার প্রচেষ্টা চালালেও কুলিয়ে উঠতে পারেনি; ব্যর্থ হয়েছে। ফলে ইরান থেকে পালিয়ে সে হিন্দুস্তানে চলে আসে। পাক-ভারত বিভক্তির পর সম্প্রদায়টি করাচীতে এসে বসবাস শুরু করে। ইহুদীদের বিশেষ নিদর্শন এবং তাদের বর্ণের ব্যাপারে যদি আপনি জানতে চান, তবে আসফাহানের প্রতিটি জাগায় জাগায় তা বড়সংখ্যায় দেখতে পাবেন- তাদের নকশা, নীল বর্ণের টাইলস এবং বড় বড় ইহুদী দরবার পাশাপাশি এর উপর বিশেষ নিদর্শনাবলী ইত্যাদি। আসফাহানের ইহুদীরা বর্তমান ইরানের অর্থনীতিতে মেরুদন্ডের পর্যায়ে অবস্থান করছে। ইরানের সাথে ইহুদীদের সখ্যতার কারণ ঐতিহাসিক। কেননা এখানেই আল্লাহর নবী হযরত দানিয়াল আ. এর কবর বিদ্যমান, হযরত বিনয়ামীনের শরীর বিদ্যমান, নবী ছারাবুত আশরের কবরও আসফাহানে অবস্থিত, অপর এক নবী "ইস্তার মরদ খায়ী" এর কবরও "হামাদানে" পড়েছে এবং আসফাহানের ভেতরেই ইহুদীদের বড় বড় কেন্দ্রসমূহ বিদ্যমান। ইরানের সংবিধানের মধ্যেও এমন কতিপয় বিষয় উল্লেখিত; যা ইরানের বাহ্যিক রূপের সম্পূর্ণ বিপরীত। ইরান-আমেরিকা বানিজ্যিক সম্পর্ক, ইরান-ভারত গভীর বন্ধন- এমনকি পাকিস্তান থেকেও বেশি, আফগানিস্তানের উপর মার্কিন প্রশাসনের ব্যাপারে ইরানের নিরব অবস্থান; বরং আমেরিকাকে গোপন সাহায্য,

পাকিস্তানের ক্ষেত্রে ষ্টেট ছেড়ে শীয়াদের ব্যবহার, পাক-ভারত মতানৈক্যের ব্যাপারে পাকিস্তানের পক্ষপাতিত্বহীনতা ইত্যাদি ইত্যাদি...।

ইহুদী অধ্যুষিত ইরানের মধ্যভাগ তেহরান হামাদান ও আসফাহান

## ইরান এবং হিযবুল্লাহ...

ফিলিস্তীন পরিস্থিতির ব্যাপারে যদি আমরা গভীরভাবে ইরানী পলিসিগুলো পর্যবেক্ষণ করি, তবে তা জর্ডান এবং মিসরের পলিসি থেকে সম্পূর্ণ ভিন্ন নয়, পার্থক্য শুধুমাত্র বর্ণনার ভঙ্গিতে। তাছাড়া লেবাননের "হিযবুল্লাহ"কে ইরান কর্তৃক সার্বিক সহযোগীতা একে আরো সন্দেহপূর্ণ করে তুলে। কেননা হিযবুল্লাহ হচ্ছে ঐ সংগঠন, যার সার্বিক দেখাশুনা ও সংরক্ষণ ইসরায়েলী গোপন এজেন্সী "মোসাদ" এর পক্ষ থেকে করা হয়। এর মূর উদ্দেশ্য হচ্ছে- লেবাননে বিদ্যমান প্রকৃত মুজাহিদদেরকে ইসরায়েলের বিরুদ্ধে অপারেশান থেকে রিবত রাখা। ইরাকের পরিস্থিতিও তাই- সেখানে মার্কিন গোয়েন্দা সংস্থা সিআইএ মুকতাদা আলসদরের মাহদী মিলিশিয়াকে "আলকায়েদা"র মোকাবেলায় দাড় করিয়েছে।

কথাগুলো দৈনিক খবরের কাগজ পাঠকদের কাছে মনে হয় খুবই অবাক লাগবে। কিন্তু যে সকল লোকের কাছে রণাঙ্গন থেকে সংবাদ পৌছে, তারা হিযবুল্লাহকে এমনই চেনে- যেমননাকি "মোসাদ"কে চেনে। ইসরায়েল কর্তৃক হিযবুল্লার সাথে যুদ্ধ একটি ড্রামা ছাড়া আর কিছুই ছিলনা। এর দ্বারা উদ্দেশ্য ছিল আরব মুজাহিদীনের মনযোগকে ইরাকের পরিবর্তে লেবাননের দিকে সরিয়ে দেয়া। দ্বিতীয় উদ্দেশ্য ছিল- ইসলামী বিশ্ব বিশেষত আরববিশ্বে ধীরে ধীরে জনপ্রিয় হয়ে উঠা আল-কায়েদাকে হটিয়ে হিযবুল্লাকে এর সমতুল্য

সাব্যস্ত করা। ঐ যুদ্ধের বিস্তারিত তথ্য যদি আপনি অধ্যয়ন করেন, তাহলে বুঝতে পারবেন যে, এটা শুধুই একটি ড্রামা ছিল; যার কাহিনী ওয়াশিংটন এবং তেলআবিবে বসে রচনা করা হয়েছিল এবং এর হিরোর দায়িত্ব সোপর্দ করা হয়েছিল বাইরুতের বাসভবনে বিলাস জীবন-যাপনকারী হাসান নাসরুল্লা'র হাতে।

## ইরান এবং মুকতাদা আল-সদর...

আপনি একটু চিন্তা করুন যে, হাসান নাসরুল্লাহ ইসরায়েল এবং আমেরিকার এত বড় দুশমন হওয়ার পরও যুদ্ধচলাকালীন সে বিক্ষোভ-মিছিলে শরীক হয়েছে এবং তার টিভি-ষ্টেশনও যথারীতি চালু ছিল। ঠিক তেমনটি হয়েছে ইরানের সহযোগীতাপ্রাপ্ত ইরাকে অবস্থানকারী মুকতাদা আল-সদরের ক্ষেত্রেও। যখনই আবূ মুসআ'ব যারকাভী শহীদ রহ. রণাঙ্গনে আমেরিকাকে সম্পূর্ণরূপে ব্যর্থ ও পরাজিত করছিল এবং আমেরিকার সকল অত্যাধুনিক টেকনোলোজীকে পর্যুদস্ত করে পৃথিবীবাসীর সামনে রেখে দিয়েছিল, তখনই মুকতাদা আলসদরকে দাড় করানো হয় এবং মিডিয়ার সকল সুবিধা ব্যবহার করে তাকে পৃথিবীবাসীর সামনে হিরো বানিয়ে পেশ করা হয়।

চিন্তার বিষয়- সে আমেরিকাকে হুমকি-ধমকিও দিচ্ছে এবং আমেরিকার বিরুদ্ধে যুদ্ধের অপারেশান চালানোর জন্য লোকদেরকে আহবানও করছে, আমেরিকার দুশমন হওয়া সত্তেও বড় বড় সভা-সম্মেলন এবং সাংবাদিক প্রেসে কি করে সে ওপেন বিবৃতি দিতে পারে ?? পক্ষান্তরে ইরাকেই আল-কায়েদা নেতার ব্যাপারে আপনি তাদের অবস্থান লক্ষ করুন- আবূ মুসআ'ব যারকাভী শহীদ রহ. কে গ্রেফতার বা হত্যার জন্য সিআইএ এবং 'মুসাদে'র লোকেরা পাগলা কুকুরের মত হন্যে হয়ে খুজছিল। ড্রোন বিমান, স্যাটেলাইট এবং মোবাইল বোষ্টারসহ সার্বিক অত্যাধুনিক গোয়েন্দা প্রযুক্তি যারকাভী শহীদ রহ. এর পেছনে লাগা ছিল।

এদিকে আফগানিস্তান ও ওয়াজিরিস্তানের পরিস্থিতি দেখুন- মার্কিন ড্রোন বিমান দিন-রাত এক করে আল-কায়েদা সদস্যদের পেছনে লেগে রয়েছে এবং প্রতিদিন সেখানে শাহাদাতের ঘটনা ঘটছে। কিন্তু হিযবুল্লাহ বা মুকতাদা আল-সদরের মাহদী মিলিশিয়ার ব্যাপারে কি কেউ কখনো শুনেছেন যে, তারা কখনো মার্কিন ড্রোন বিমানের বোম্বিংয়ের শিকার হয়েছে ??!! তাদের সাধারণ কর্মসমূহকে দাজ্জালী মিডিয়া অনেক সাজিয়ে গুছিয়ে বাড়িয়ে জনসমক্ষে পেশ করে। সংবাদ পড়ে মনে হয় যে, তারা আমেরিকা ও ইসরায়েলকে সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছে। পক্ষান্তরে আল-কায়েদার বড় বড় অপারেশনগুলিকে গোপন বা নাইন ইলেভেনের মত ঘোলাটে করার প্রচেষ্টা করা হয়েছে। ইহুদী সংগঠনগুলো বিষয়টিকে মিডিয়াতে এমনভাবে প্রকাশ করে, যাতে জিহাদী অপারেশানের ফলাফলসমূহকে পর্দার আড়ালে ঢেকে রাখা যায়। হাসান নাসরুল্লাহ হচ্ছে সেই ব্যক্তি; যে আল-কায়েদার জনপ্রিয়তাকে হ্রাস করার হীন প্রচেষ্টা চালিয়েছিল। যাতে আরবদের থেকে দেওয়া কোটি কোটি ডলার আল-কায়েদার কাছে না পৌছে যায়।

হিযবুল্লাহ এবং মুকতাদা আল-সদরের মাহদী মিলিশিয়ার ব্যাপারে জ্ঞাত ব্যক্তিদের অন্তরে এ সম্পর্কে কোনই সন্দেহ নেই যে, এদেরকে আমেরিকা ও ইসরায়েলের পক্ষ থেকে দাড় করানো হয়েছে। এর মাধ্যমে এ দাজ্জাল শক্তিদ্বয়ের যে উপকার হয়েছে, তা সবারই জানা। কিন্তু একজন সাধারণ মানুষের জন্য যে তথ্যটি টেনশানের কারণ, সেটি হচ্ছে এই দুই গ্রুপের প্রতি ইরানের সার্বিক সহযোগীতা।

## ইরানে অবস্থিত ইহুদীদের নিদর্শনসমূহ... নাকি অন্য কিছু...

এর উত্তরে দু'টি কথা বলা যায় :-

এক- ইরান কর্তৃক পররাষ্ট্রবিষয়ক সার্বিক পলিসি একজন ইহুদী (ইরানী) নির্ধারণ করে। দুই- নয়তবা ইরানী সরকার ইসলামী বিশ্বের ব্যাপারসমূহকে ইসলামী দৃষ্টিতে দেখার পরিবর্তে শীয়াদৃষ্টিতে দেখে থাকে। আর এ বিষয়টি সামনে রেখেই তারা পররাষ্ট্রবিষয়ক পলিসি তৈরী করে থাকে। তারা কখনোই চায়না যে,

কোন সুন্নী সংগঠন পৃথিবীর কোন অঞ্চলে শক্তিশালী হয়ে উঠুক। যদ্দরুন তাদের অধিকাংশ পলিসিই ইহুদীদের সহযোগীতার কারণ হয়ে দাড়ায়। আর এ কারণেই মনে হয়- জিয়াউল হকের শাসনকালে পাকিস্তানে আইএসআই'এর সফলতাসমূহ ইরানের কখনোই ভালো লাগেনি। বিস্তারিত জানার জন্য সৌদি আরব, ফিলিস্তীন, ইরাক, আফগানিস্তান এবং পাকিস্তানের ব্যাপারে ইরানের পলিসিগুলো অধ্যয়নই যথেষ্ট। আপনি যদি বর্তমান ইরানের দৈনন্দিন জীবন-যাপন, অর্থনীতি এবং সেনাবাহিনীর বর্তমান পরিস্থিতি লক্ষ করেন, তাহলে ইহুদী নিদর্শনগুলো তাতে স্পষ্ট লক্ষ করতে পাবেন। আপনাকে যদি বলা হয়- ইরানের বর্তমান প্রেসিডেন্ট মাহমূদ আহমাদিনেজাদ হচ্ছে ইহুদী গুপ্ত সংগঠন ফ্রেমেসনের নেতৃস্থানীয় সদস্য, তাহলে বিস্ময়ে হয়ত আপনি মাথায় হাত দিয়ে বসবেন !!!

## এছাড়াও জেনে রাখুন... আরো কিছু তথ্য...

ইরানের জাতীয় প্রতীক কি ?? আপনি ইরানের পতাকায় তাকালে দেখতে পারবেন। এরপর আপনি নিজেই এই পতাকার রহস্য তালাশ করে নিন। প্রতীকটি ইহুদীদের কাছে জাদুতে বড়ই প্রতিক্রিয়াসৃষ্টিকারী। ইরানের সরকারী এয়ারলাইন্সে "শয়তান বুযুর্গে"র ছবি সংযোজিত করা আছে; এটা তাদের সরকারী চিহ্ন, এটা হচ্ছে Dragon। নিচের অংশে মাছের ছবি আর উপরে উলঙ্গ এক বৃদ্ধের ফটো, যার মাথায় রয়েছে ইবলিসের শাহী মুকুট। এটা হচ্ছে তাদের রিযিকদাতা খোদা, যাকে ইহুদীরা খৃষ্টপূর্ব ২৫০০ সাল থেকে পূজা করে আসছে। ইরানের ব্যাপারে সাধারণত ধারনা করা হয় যে, ওখানে ইসলামী নিয়মে শাসনকার্য সম্পন্ন করা হয়। এটাও দাজ্জাল মিডিয়ারই একটি ধোকা। যে সকল মানুষ ইরানে বসবাস করে এসেছে, তাদের কাছে আপনি ইরানের দৈনন্দিন ইসলামী জীবন সম্পর্কে জিজ্ঞাসা করুন- যে পরিমাণ অন্যায়-অপরাধ ইরানে করা হয়, আমরা মনে হয়না যে, পশ্চিমা বিশ্বের কোন দেশেও এরকম অন্যায়-অপরাধ করা হয়। তবে হ্যাঁ.. প্রতিটি বস্তুতে ইসলামী লেবেল লাগিয়ে ইরানের বাজারে বিক্রি করা হয়। মদ হোক বা সুদ, পর্দা হোক কিংবা অন্য কিছু, প্রতিটি বস্তুতেই ইসলামী নাম ব্যবহার করা হয়। কথা মনে হয় লম্বা হয়ে গেল! আমার উদ্দেশ্য শুধু এতটুকুই ছিল যে, দাজ্জালের ব্যাপারে যতগুলো সহীহ হাদিস বর্ণিত হয়েছে, এর অধিকাংশের সম্পর্কই ইরানের সাথে।

## "নিউ ওয়ার্ল্ড অর্ডার".. আন্তর্জাতিক নতুন সিষ্টেম.. নাকি নতুন ধর্ম...

দাজ্জাল আত্মপ্রকাশের পূর্বেই ইহুদী ব্যাংকার পৃথিবীতে নতুন এক বিশ্বধর্ম আমদানী করার চেষ্টা করেছিল। এতদুদ্দেশ্য বাস্তবায়নের লক্ষে তারা ১৯৯২ সালে "নিউ ওয়ার্ল্ড অর্ডার" নামে একটি নতুন সিষ্টেম পৃথিবীবাসীর সামনে প্রনয়ণ করে। বস্তুত এটি আসলে একটি নতুন ধর্ম; যার মূলভীত্তিই হচ্ছে মনোবৃত্তির উপর। আর আন্তর্জাতিক সংস্থাগুলো নতুন এই ধর্মকে প্রচার করার জন্য তৎপর হয়ে উঠে। আপনি শুনলে অবাক হবেন- যে, ১৯৯২ সালের পর থেকে কত দ্রুতপর্যায়ে দৈনন্দিন জীবনের প্রতিটি স্তরে পরিবর্তন এসেছে।

বাহ্যত এই সিষ্টেমটি যদিও পৃথিবীর অর্থনৈতিক (Economical)পরিস্থিতির সাথে সম্পৃক্ত, কিন্তু একে একটি সম্পূর্ণ জীবনবিধানাকারে রূপ দেয়া হয়েছে। চারিত্রিক এবং ধর্মীয় দিক থেকে একমাত্র ইসলামই এর সামনে বাধা ছিল বিধায় ইসলামের ঐ সকল শিক্ষাকে মিটিয়ে দেবার জোর চেষ্টা চালানো হয়; যেগুলি এই নতুন পদ্ধতির সামনে বাধা হয়ে আসতে পারে। মানুষের দৈনন্দিন জীবনকে সম্পূর্ণরূপে এ নতুন সিষ্টেমের আওতাভূক্ত করাই ছিল আন্তর্জাতিক সংগঠনগুলোর প্রধান উদ্দেশ্য। আপনি দেখে থাকবেন যে, জীবনের প্রতিটি ক্ষেত্রে পরিবর্তন আনার জন্য সমাজে কিরূপ তৎপরতা চালানো হচ্ছে- মানুষের পোশাকাশাক, খানা-পিনার টাইম নির্ধারণ, শুয়া এবং ঘুম থেকে জাগা, জীবন পরিচালনা, বিবাহ কখন করা উচিৎ, সন্তান কয়জন হলেই চলবে, মনোচাহিদায় একধাপ এগিয়ে থাকা, যৌন সম্পর্কের প্রচার, কাজ-কর্মের ধাঁচ ইত্যাদি সকল ক্ষেত্রে লোকদেরকে টেনে ঐ নতুন ধর্মের প্রবেশ করানো হয়েছে। শুধু এই অনৈসলামিক জীবনবিধানকে পৃথিবীতে চালু করেই ক্ষান্ত হবে না; বরং এছাড়া অন্য যত ধর্ম পৃথিবীতে আছে, সেগুলোকে জীবনবিধানরূপে গ্রহণ করার বিরুদ্ধে যথারীতি যুদ্ধের ঘোষনা করা হয়েছে। খাদ্য আমদানী বন্ধ করে দেয়া থেকে শুরু করে অন্যান্য সকল সুবিধা থেকে তাদেরকে বঞ্চিত করা হয়েছে এবং পৃথিবীর সবকটি রাষ্ট্রকে আয়ত্বে এনে নতুন এই ধর্মকে প্রতিষ্ঠা করা হয়েছে। অতপর একে রক্ষা করার জন্য সারা পৃথিবীর সেনাবাহিনীকে ওখানে নিযুক্ত

করা হয়েছে। পৃথিবীর সকল রাষ্ট্রকেই নতুন এ ধর্মের উপর আমল করতে হবে, নতুবা তাকে মৌলবাদী বা প্রাচীণমনা সাব্যস্ত করে পাথরের যুগে পৌছে দেয়া হবে। বিষয়টি বুঝার জন্য ছোট্ট একটি উদাহরণ নিয়ে নিন :-

ইহুদী সংস্থাগুলো কর্তৃক প্রস্তুতকৃত পানীয়'র ব্যাপারেই ধরা যাক। যেমন- পেপসি, কোকাকোলা, মিনারেল ওয়াটার। এগুলোর ব্যবহার এ নতুন সিষ্টেমে বাধ্যতামূলক করা হয়েছে। সুতরাং কোন দেশের প্রেসিডেন্ট যদি ডাক্তারী পদ্ধতিতে এগুলোতে গবেষণার পর ক্ষতিগুলো চিহ্নিত করে নিষেধাজ্ঞা আরোপ করতে চায়, তারা নিষেধাজ্ঞা আরোপ করতে পারবেনা। পুরো দেশের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করা লাগলেও আরোপ করে দেবে, কিন্তু জিনিসগুলো অবশ্যই চলতে হবে। তবে তারা বিষয়টিকে ধর্ম প্রচারের বদলে "স্বাধীন আন্তর্জাতিক বিজনেস" নাম দিয়ে জবরদস্তিমূলক পরিচালনা করে থাকে।

আপনি বলতে পারেন যে, পেপসি বা মিনারেল ওয়াটার পান করা তো প্রত্যেকের ব্যক্তিগত ব্যাপার। আপনার বক্তব্য ভূল; কারণ ব্যক্তিগতভাবেও জোর করে এগুলো পান করানোর কার্যক্রম শুরু হয়েছে। আর তা হচ্ছে মিডিয়ার শক্তি, যা মানুষের মনযোগকে জাদুর মত আয়ত্ব করে রেখেছে। নতুন এ ধর্ম অন্য কোন ধর্মকে প্রশ্রয় দিতে রাজী নয়। তার অগণিত প্রমাণ জীবনের প্রতিটি স্তরে দৃশ্যমান। এমনকি যদি এ ধর্মের সংবিধানে ননইহুদী ধর্মকে বিষপানে হত্যা বা জীবাণুমূলক পানি পান করানোর কথা লেখা হয়, তবুও এ বিষজাতীয় পানীয় বাচ্চাদেরকে পান করতেই হবে। ব্যক্তিগত কোন মতামত এমনকি সরকারী কোন আইনের প্রেক্ষিতেও এর বিরুদ্ধাচারণ সহ্য করা হবে না। তার জ্বলন্ত প্রমাণ- পোলিও এর ফোটা বা পোলিও টিকা। এই বিষ প্রত্যেক পিতা-মাতা তার সন্তানকে অবশ্যই পান করাতে হবে। কোন সেনাবাহিনী বা রাজনৈতিক কোন পার্টি এর পথে বাধা হয়ে আসতে পারবেনা।

সুদি কারবারী এ ধর্মের গুরুত্বপূর্ণ একটি অংশ। সুতরাং টাকা পয়সা লেনদেনের ক্ষেত্রে পৃথিবীতে সুদি সিষ্টেম ছাড়া অন্য কোন সিষ্টেম গ্রাহ্য হবে না। তবে নামকাওয়াস্তে এক্ষেত্রে বিভিন্ন ধর্মের নাম ব্যবহার করা যেতে পারে। যেমন- "হিন্দু ব্যাংক", "খাঁটি রোমান ক্যাথলিক ব্যংক","ইসলামী ব্যংক" ইত্যাদি। তবে শর্ত হচ্ছে- সিষ্টেম অবশ্যই সুদি হতে হবে, শুধুমাত্র পরিভাষা পরিবর্তন করার অনুমতি রয়েছে।

নতুন এ ধর্মে নারীজাতিকে সম্মানের চৌকাঠ থেকে নামিয়ে ফুটপাথ, সড়কে দাড় করিয়ে পুরুষদের মনোচাহিদা পূরণের একমাত্র উৎস করা হয়েছে। পৃথিবীতে নারীজাতির সাথে এখন এমনই ইনসাফ ও আচরণ করা হবে। চায় তারা রাজী থাকুক বা না থাকুক।

নতুন এ ধর্মের স্পষ্ট ব্যাখ্যা ডক্টর "জন কোলেমান" তার Conspirators Hierarchy গ্রন্থে উল্লেখ করেছেন। আন্তর্জতিক সংস্থাগুলো বিভিন্ন ধ্বনি দিয়ে বিভিন্ন নাম ব্যবহার করে বিভিন্ন সংগঠনের মাধ্যমে এই নতুন ধর্ম মানুষের মাঝে প্রবেশ করাচ্ছে। ডক্টর কোলেমানের বক্তব্য পড়ার পর আপনি অনুধাবন করতে পারবেন যে, "নিউ ওয়ার্ল্ড অর্ডার" শুধুমাত্র অর্থনৈতিক আধুনিক পদ্ধতি নয়; বরং তা পূর্ণ একটি জীবনব্যবস্থা এবং নতুন এক ধর্ম। তিনি লেখেন:-

"এটি এমন একটি আন্তর্জাতিক শাসনব্যবস্থা; যাকে একটি মাত্র আন্তর্জাতিক সরকার শাসন করছে। এটি অনির্বাচিত স্বয়ংসম্পূর্ণ কিছু ব্যক্তিদের আয়ত্বে রয়েছে। সম্ভবত মধ্যযুগীয় জীবনব্যবস্থার আকারে নিজের চাহিদামত বিষয়গুলো নির্বাচিত করছে। নতুন এ আন্তর্জাতিক সিষ্টেমে বিশ্বজুড়ে বসবাসকারীদের সংখ্যা সীমিত থাকবে এবং প্রত্যেক বংশেই সন্তান-সংখ্যার ব্যাপারে সীমাবদ্ধতা আরোপ করা হবে। কোন অঞ্চলে বেশি থাকলে যুদ্ধ এবং মহামারী ছড়িয়ে সেখানকার জনসংখ্যা কন্ট্রোল করা হবে। শুধুমাত্র ঐ পরিমাণ বাকী থাকবে, যে পরিমাণ থাকলে ওখানকার সরকার তাদেরকে সম্পূর্ণরূপে কন্ট্রোল করতে সক্ষম হয়।

কোন মধ্যম স্তর বাকী থাকবেনা। শুধু বিচারক থাকবে এবং প্রজা থাকবে। সমস্ত বিচারকার্য সারা পৃথিবীজুড়ে একই নিয়মে পরিচালিত হবে। এগুলো বাস্তবায়নে একপক্ষীয় সরকারী পুলিশ এবং জাতিসংঘ সেনাবাহিনী পৃথিবীর সর্বস্থানে বিরাজমান থাকবে। তখন পৃথিবীর কোন রাষ্ট্র প্রদেশ ভিত্তিক বিভক্ত থাকবেনা।

সকল কার্যক্রম এক সরকারের সংবিধানমতে পরিচালিত হবে। যে সকল লোক এক সরকারী নিয়মের অনুসারী হয়ে যাবে, তাকে জীবন ধারনের সকল আসবাবপত্র সহজে দিয়ে দেয়া হবে। আর যারা এর বিরুদ্ধাচারণ করবে, তারা ক্ষুধার জ্বালায় মরে যাবে অথবা তাদেরকে দেশদ্রোহী বলে চিহ্নিত করে দেয়া হবে। যে কেউ চাইলেই তাদেরকে হত্যা করে ফেলতে পারবে। কোনরূপ অস্ত্র-সস্ত্র, হাতিয়ার বা কোন ঝুকিপূর্ণ বস্তু সাথে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ হয়ে যাবে।

শুধুমাত্র একটিই ধর্ম পালন করার অনুমতি বাকী থাকবে। আর সেটা হবে আন্তর্জাতিক আধুনিক আকৃতিতে; যার সূচনা ১৯২০ থেকে শুরু হয়েছিল। শয়তানী, ইবলিসী এবং জাদুবিদ্যাকে সরকারী অধিকার বলে মনে করা হবে। এটা করা হবে এমন এক পরিস্থিতি সৃষ্টি করার জন্য, যেখানে কাউকে ব্যক্তিগত কোন স্বাধীনতা প্রদান করা হবে না। এমনকি গণতান্ত্রিক বা রাজতন্ত্রিক বা মানবাধিকারের কোন অনুমতি সেখানে দেয়া হবে না। প্রত্যেক ব্যক্তির (চায় পুরুষ হোক বা মহিলা) অন্তরে এ বিশ্বাস গেথে দেয়া হবে যে, সে এক সরকারের সৃষ্ট ব্যক্তি। তার উপর একটি পরিচয়পত্র (নাম্বার) লাগিয়ে দেয়া হবে। এই পরিচয় নাম্বারটি ব্রাসেলস-বেলজিয়ামের নেটো কম্পিউটারে সেভ থাকবে। সর্বদায় সে আন্তর্জাতিক সরকারী এজেন্সির তদারকিতে থাকবে।

বিবাহ করাকে অসাংবিধানিক রীতি বলে আখ্যায়িত করা হবে। তখন আজকালের মত বংশীয় যিন্দেগী অবশিষ্ট থাকবেনা- বাচ্চাদেরকে শিশুকালেই পিতা-মাতা থেকে পৃথক করে দেয়া হবে (বাচ্চাদেরকে প্লে-গ্রুপে ভর্তি করা এর সূচনা)। সরকারী তদারকিতে ওয়ার্ডসে তাদের লালন পালন করা হবে। নারীদেরকে স্বাধীন নাইটক্লাবে আসা-যাওয়া করতে বাধ্য করা হবে। যুবক-যুবতীদের সম্পূর্ণ যৌন স্বাধীনতা দেয়া হবে (আমেরিকায় অনুর্ধ্ব-১৯ বৎসরের অবিবাহিত নারীরা প্রতি বৎসর দশ লাখ হারামী সন্তান জন্ম দেয়)। নারীদেরকে নিজে নিজে গর্ভপাত ঘটানোর পদ্ধতি শিক্ষা দেয়া হবে এবং দুই সন্তান হওয়ার পর নারীরা এই পদ্ধতিটি ব্যবহার করবে। প্রতিটি নারীর ব্যাপারে আন্তর্জাতিক সরকারের কম্পিউটারে বিস্তারিত তথ্য বিদ্যমান থাকবে (নাদেরা সিষ্টেম এসে দাজ্জালের এ কাজগুলিকে আরো সহজ করে দিয়েছে)। দুটি সন্তান হওয়ার পরও যদি কোন নারী গর্ভবতী হয়ে যায়, তবে তাকে জোরপূর্বক গর্ভপাত করানোর জন্য ক্লিনিকে নিয়ে চিরদিনের জন্য বাঞ্জা (গর্ভধারণের অযোগ্য) করে দেয়া হবে।

যুবক যুবতীদের যৌন মেলামেশা ব্যাপক করার জন্য ম্যাগাজিন এবং ন্যাকেড ফিল্ম তৈরী করা হবে। প্রত্যেক সিনেমায় আবশ্যিকভাবে একাংশ ওপেন ন্যাকেড সীন রাখা বাধ্যতামূলক করা হবে। মানসিক শক্তি নষ্ট করার জন্য বিভিন্ন যন্ত্রাদী ব্যাপক করে তার ব্যবহার বাধ্যতামূলক করা হবে। মানসিক শক্তি কন্ট্রোল করার জন্য এ জিনিসগুলো খাদ্য ও পানীয়র মাঝে লোকদের অজ্ঞানে মিশ্রণ করা হবে (মিনারেল ওয়াটার, পেপসি, কোক ইত্যাদিতে)। সকল শিল্পানী বিষয়সমূহ রাসায়নিক পদার্থের মাধ্যমে ধ্বংস করে দেয়া হবে। শুধুমাত্র নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ এবং বিশেষ ব্যক্তিত্বদের আন্তর্জাতিক বিষয়ে হস্তক্ষেপ করার অধিকার থাকবে। বয়োবৃদ্ধ এবং স্থায়ী রোগীদের জন্য বিষের টিকা গ্রহণ বাধ্যতামূলক করা হবে। পৃথিবী থেকে অধিকাংশ বৃদ্ধ, কর্মহীন ব্যক্তি এবং খাদ্যের শত্রুদেরকে নিঃশেষ করে দেয়া হবে (যেমন- বৃদ্ধ পিতা-মাতা)। (সূত্র- ফ্রেমেসনারী এবং দাজ্জাল-কামরান রা'দ)

গ্রন্থে যা কিছু বর্ণিত হয়েছে, এর সবই আপনি বর্তমান পরিস্থিতির দিকে তাকালে স্বচক্ষে দেখতে পাবেন। যেমন- মহিলাদেরকে স্বাধীন কর্মসংস্থানের ব্যবস্থা করে তাদের অপমান করা হচ্ছে। গর্ভপাত ব্যাপকাকার করা হচ্ছে। সকল রিপোর্ট কম্পিউটার রেকর্ডে বিদ্যমান রয়েছে। বয়স্ক পিতা-মাতাকে ঘর থেকে বের করে বৃদ্ধাশ্রমে গিয়ে একাকী মৃত্যুর প্রহর গুনতে বাধ্য করা হচ্ছে।

বর্তমান পৃথিবীকে একটি আন্তর্জাতিক গ্রাম বানানোর প্রচেষ্টা করা হচ্ছে, এর মূল উদ্দেশ্যও তাই যে, সকল নেতৃত্ব একটি মাত্র বিশ্বশক্তির হাতে থাকুক। যাতে বিভিন্ন দেশে অত্যন্ত দ্রুতগতিতে কম্পিউটার সিষ্টেম চালু করে সকলের উপর সার্বিক নজরদারী করা সহজ হয়। "নিউ ওয়ার্ল্ড অর্ডার"এর পর ইহুদী মাল্টি

ন্যাশনাল কোম্পানীও বড় বড় বানিজ্যিক সংস্থা এবং প্রসিদ্ধ কোম্পানীগুলো একে একে কিনতে শুরু করেছে। এ ব্যাপারে ১৯৯৯ সালের পর থেকে অতি দ্রুত ব্যবস্থা গ্রহণ শুরু হয়। উপরোক্ত তথ্যের ভিত্তিতে আপনি আন্দাজ করতে পারেন যে, নিউ ওয়ার্ল্ড অর্ডার হচ্ছে একটি নতুন ধর্ম, যাকে দাজ্জালের অনুসারীরা সারাবিশ্বে পরিচালিত করতে চায়।

১৯৯১ সালের পর থেকে পৃথিবীর সকল ক্ষেত্রে আপনি পরিবর্তন লক্ষ করতে পারবেন। এরপর ১৯৯৯ হচ্ছে এমন একটি সাল; যার পর থেকে এ কার্যক্রমগুলি আরো দ্রুততার সাথে পরিবর্তন হতে দেখা গেছে। অবস্থাদৃষ্টে মনে হয়- ১৯৯১ সালের পর থেকে দাজ্জাল নিজে তার ইহুদী এজেন্টদের হেদায়েত দিয়ে যাচ্ছে। আর ঐ বৎসরই দাজ্জাল তার এজেন্টদেরকে স্বীয় আত্মপ্রকাশের (অর্থাৎ খোদায়ী দাবীকরণের) সময়কাল ২০০৬-২০০৭ বলেছিল। ফ্রেমেসন এবং মাল্টি ন্যাশনাল কোম্পানীগুলোর এ্যাডগুলিতে ৬৬৬ এবং ৭৭৭ এর গাণিতিক বিবরণ খুব বেশি বেশি পরিলক্ষিত হয়। কতিপয় গবেষকদের দাবী- ৬৬৬ দ্বারা ৬/৬/২০০৬ ইং এবং ৭৭৭ দ্বারা ৭/৭/২০০৭ ইং তারিখ উদ্দেশ্য। গবেষকদের বক্তব্য- ফ্রেমেসন এ তারিখগুলোকে তাদের খোদার আগমনের তারিখ হিসেবে প্রকাশ করছিল।

এ ধারনাগুলো ঐ সকল ব্যক্তিবর্গের; যারা তাদের নিজেদের চোখে দেখা অভিজ্ঞতা এবং অধ্যয়নের মাধ্যমে প্রকাশ করেছিল। সুতরাং পূরণ হওয়া না হওয়া তো জরুরী নয়। যতদূর অনুভব করা যায় যে, ১৯৯১ সাল থেকে ১৯৯৯ সাল পর্যন্ত, অতপর ১৯৯৯ সাল থেকে পরবর্তী বৎসরসমূহে পৃথিবী কেমন যেন পরিবর্তিত পরিবর্তিত মনে হচ্ছে। ব্যাপারটি একজন সাধারণ মানুষও টের পেয়ে থাকবেন। কেউ কেউ কথায় কথায় তা প্রকাশও করে- "বর্তমান দুনিয়া অনেক চেঞ্চ হয়ে গেছে", "আগের দুনিয়া এখন আর নেই" ইত্যাদি ইত্যাদি। বরং উপরোক্ত ধারাবাহিকতায় আরো একটি বৎসর অর্থাৎ ২০০৭ সালকে আপনি যুক্ত করতে পারেন। ২০০৭ সালের পর থেকে হক্ব ও বাতিলের মধ্যকার যুদ্ধ এক নতুন মোড় নিয়েছে। গবেষকদের ব্যাখ্যাগুলো যদি সঠিক মনে হয়, তবে মনে মনে প্রশ্ন জাগে যে, তাহলে দাজ্জাল নির্ধারিত বৎসরগুলোতে কেন বের হলনা ???!!!

এর সঠিক জবাব হচ্ছে যে- কানা দাজ্জাল ঐ সময়ই বের হতে পারবে, যখন আল্লাহ পাক তা চাইবেন। কানা দাজ্জালের এই ক্ষমতা নেই যে, স্বীয় ক্ষমতায় সে বের হয়ে যাবে। তবে এতটুকু ব্যাপার অবশ্যই বুঝে আসে যে, বাস্তবেই যদি দাজ্জাল নিজে সকল প্রকার রাজনৈতিক ও আন্তর্জাতিক সিষ্টেমকে মনিটরিং করে থাকে এবং এর কন্ট্রোলও তার হাতে থাকে, তবে অবশ্যই তার আত্মপ্রকাশের বৎসরটি অনুসারীদের কাছে বলে থাকবে। সুতরাং হতে পারে ১৯৯১ সালের পর থেকে সে তার আত্মপ্রকাশকে সর্বশেষ প্রস্তুতি হিসেবে নিয়েছে। কিন্তু এই মিথ্যা খোদা কেন প্রকাশ হয়নি ??!! তার সামনে বাধা হয়ে থাকা বাহ্যিক উপকরণটি কি??!! অথচ "শয়তানী মডার্নাইযেশান" এর অনুসারীরা তাকে স্বাগতম জানানোর জন্য গায়ের চাদর পর্যন্ত বিছিয়ে রেখেছিল। এই প্রশ্নের উত্তর জানার জন্য আমাদের জানতে হবে যে, দাজ্জাল তার আত্মপ্রকাশের পূর্বে দুনিয়াকে কোন অবস্থায় দেখতে চায়!!!

## দাজ্জাল কেমন দুনিয়া চায়...

মুহাম্মদ মুস্তফা সা. এর উম্মতের বিরুদ্ধে দাজ্জাল হচ্ছে ইবলিস শয়তানের সর্বশেষ ভরসা। ইবলিস তার মাধ্যমে দ্বীনে মুহাম্মদীকে মিটিয়ে বিশ্বময় ইবলীসি ধর্ম প্রতিষ্ঠা করতে চায়। যেহেতু দাজ্জাল নিরাশ্রয় শক্তিসত্তেও সন্দেহ এবং শংকার দুলাচলে দুদোল্যমান; তাই সে তার আত্মপ্রকাশের পূর্বে এমন সকল শক্তিকে নিঃশেষ করে দিয়ে চায়, যারা পরবর্তীতে তার পথে কাঁটা হয়ে দাড়াতে পারে। সমগ্র পৃথিবীর খনিজ সম্পদ, খাদ্যসম্পদ, পানীয়সম্পদ এবং সেনাশক্তিসহ সকল ক্ষেত্রে সে তার কন্ট্রোল প্রতিষ্ঠা করতে চায়। সেনাবাহিনীর দিক দিয়ে কোনরাষ্ট্রই তার প্রতিপক্ষ হবে না। সকল দেশের সরকারই তার তৈরীকৃত "নিউ ওয়ার্ল্ড অর্ডার" সিষ্টেমকে সম্পূর্ণরূপে বাস্তবায়িত করে থাকবে। সমস্ত সরকারই তার কল্পিত বানিজ্যিক পদ্ধতি

এবং তার নিজস্ব সংস্থা বিশ্বব্যাংক এবং বিশ্ব বানিজ্যিক সংস্থার সাথে সম্পূর্ণরূপে লেনদেন করে থাকবে। আক্বীদাগত দিক থেকে সারাবিশ্ব তার গণতান্ত্রিক সরকারী পদ্ধতির উপর পূর্ণ আস্থাশীল থাকবে। বিশেষত মুসলমানগণ তাদের অন্তর থেকে ইসলামী খেলাফতের আকাংখা সম্পূর্ণরূপে বর্জন করবে। তারপরও যদি মুষ্টিমেয় কিছু লোকের অন্তরে এর আকাংখা থাকে, তবে তারা তা বাস্তবায়নের অক্ষম থাকবে।

পশ্চিমা বিশ্ব হচ্ছে দাজ্জালের জন্য নিজের বাড়ীর মত। ইবলিসী শাসনব্যবস্থা যাই হোক- (Socialism)বা (Capitalism)হোক। বিশ্ব একপ্রান্তশীল হোক বা ভিন্নপ্রান্তশীল। তাতে কিছুই যায় আসেনা। মোটকথা- সিষ্টেম তার দেয়া হওয়া চাই। দাজ্জালের মূল এন্টি হচ্ছে- ইসলামী জীবনব্যবস্থা এবং জিহাদী শক্তি। ১৯৯১ সালের পর পৃথিবীর বুকে এমন একটি বিপ্লবী ইতিহাস সৃষ্টি হয়েছে, যার উপস্থিতিতে দাজ্জাল কখনই পৃথিবীর বুকে আত্মপ্রকাশ করার দুঃসাহস দেখাবেনা। দুনিয়ার যে কোন প্রান্তরে ইসলামী জীবনব্যবস্থার কথা হয়, তার মাধ্যমে ইবলিস এবং দাজ্জালের আত্মা ফেটে পড়ার উপক্রম হয়। পক্ষান্তরে যদি কোথাও ইসলামী শাসনব্যবস্থা বাস্তবায়িত হয়ে যায়, তবে তো তাদের সকল আশা-আকাংখা, কার্যক্রম এবং সার্বিক প্রচেষ্টা বাঞ্চাল হয়ে যাবে।

১৯৯৬ সালে তালেবানরা রক্তের বন্যা ঝরিয়ে জিহাদ ফি সাবীলিল্লাহর মাধ্যমে আল্লাহর যমিনে আল্লাহর বিধানকে প্রতিষ্ঠিত করেছিল। তালেবানদের ইসলামী শাসনব্যবস্থা বিশ্বজুড়ে দাজ্জালের সিষ্টেম পূজাকারীদের জন্য মৃত্যুর পয়গাম ছিল। দাজ্জাল জানত- যে, ইসলামী ব্যনিজ্যিক ব্যবস্থার উপকারিতা সুদের জঘন্য কারবারীতে নিমজ্জিত ব্যক্তিরা যদি দেখে ফেলে, তাহলে তারাও নিজেদের এলাকায় ইসলামী সিষ্টেম চালু করার আন্দোলন শুরু করে বসবে। স্বাধীনতা এবং সমাধিকারের কথা বলে নারীজাতিকে লাঞ্ছিত অপদস্থ করা হয়েছিল অতপর তালেবানরা নারীদেরকে সম্মানের পালংকে বসিয়েছিল। এমনকি ব্রিটিশ নারীরাও তা স্বতস্ফূর্তভাবে মেনে নিয়েছিল এবং তালেবানদের আচরণ দেখে তারা ইসলাম গ্রহণ করেছিল। ইবলিস শয়তান এবং দাজ্জালের সাজানো ষ্টেজগুলি তা দেখে কাঁপতে শুরু করেছিল। শুরুতে ইবলিসের আশা ছিল যে, অন্যান্য মুসলিম সরকারদের মত তাদেরকেও স্বীয় তেলেস্মাতির বোতলে আবদ্ধ করে ফেলবে। তাই প্রাথমিক পর্যায়ে দাজ্জাল তার আন্তর্জাতিক সংস্থাগুলোকে দিয়ে আমীরুল মুমিনীন মোল্লা মোহাম্মদ উমর (আল্লাহ তাকে হেফাজত করুন)কে বশ করার চেষ্টা করেছিল। সার্বিক সহযোগীতার লোভ, যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তানকে নতুন করে নির্মান এবং সরকারী ভবনসমূহের পূণর্নির্মানের জন্য অনেক কাকুতি-মিনতি করেছিল। জাতিসংঘের দূতগণ একের পর এক শহীদদের ভূমিতে অপমান, লাঞ্ছিত ও বিতাড়িত হয়ে কুকুরের মত ঘুরাঘুরি করছিল- ঠিকযেমনভাবে মুসলিম রাষ্ট্রের সরকারী কর্মকর্তাগণ ইউরোপ-আমেরিকায় গিয়ে করে থাকে। পশ্চিমাবিশ্বের পুরুষজাতি যে নারীদেরকে কখনো সম্মানের চোখে দেখেনি, তালেবান তাদেরকে আপন বোনের মত মনে করে পবিত্র হিজাবের দুপাট্টা দিয়ে স্বীয় পবিত্র ভূমিতে নামিয়েছিল। জাতিসংঘের কতিপয় অহংকারী নেতৃবর্গ সেখানেও তাদের নারীদেরকে উলঙ্গ রাখার জন্য বাধ্য করলে তালেবানরা তাদের ভাই হিসেবে এ অপমান মুখ বুঝে সহ্য করেছিল।

আলোচনা-পর্যালোচনার পর দাজ্জালী শক্তিরা নিজেদের উত্তর সংঘের মাধ্যমে কাবুলের উপর চড়াও হওয়ার জন্য প্রচেষ্টা করেছিল। কিন্তু এখানেও তাদের সকল তদবীর ব্যর্থতার পরিচয় দিয়েছিল এবং ব্যর্থ হয়েই তারা ওখান থেকে প্রস্থান করেছিল।

দাজ্জালী শক্তির তদবীর সমূহ ১৯৯৮ সালে এসে একত্রিত হয়। তারপরও তাদের প্রচেষ্টা একে একে ব্যর্থ হতে দেখা যায়। পক্ষান্তরে ইসলামী শাসনব্যবস্থার সুফলসমূহ আস্তে আস্তে পৃথিবীবাসীর সামনে প্রকাশ হতে শুরু করে। উলামায়ে কেরাম কিতাবের পাতায় বন্দি থাকা ইসলামী শাসনব্যবস্থা স্বচক্ষে প্রত্যক্ষ করার জন্য পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে ছুটে আসছিল। পৃথিবীর বড় বড় ব্যবসায়ীবৃন্দ ইসলামী জীবনব্যবস্থায় অংশগ্রহণ করার জন্য আফগানিস্তানের পথে পাড়ি জমাচ্ছিল। দ্বীনে মুহাম্মদীর উম্মতগণ দলে দলে হক্বের রাস্তায় চলার জন্য আফগানের মাটিতে হিজরত করছিল। প্রকৃত বাস্তবতা ধীরে ধীরে মানুষের অনুধাবন হচ্ছিল। আর এদিকে ইবলিস শয়তান নিরাশমনে তার সর্বশেষ চক্রান্তটি ১৯৯৯ সালে সম্পন্ন করে এবং

পৃথিবীর জাগায় জাগায় তার অনুসারীদের পূণরায় ফিট করতে শুরু করে। তন্মধ্যে তার সর্বপ্রথম পদক্ষেপ ছিল পারভেজ মুশাররফের হাতে পাকিস্তানের নেতৃত্ব তুলে দেয়া। তালেবানকে খতম করে তার শাসনব্যবস্থা প্রতিষ্ঠার পরিকল্পনাটি সে ১৯৯৮ সালেই সম্পন্ন করেছিল। কিন্তু তার আসল চেষ্টা ছিল- প্রথমে আরব মুজাহিদীনকে আফগান ভূখন্ড থেকে কৌশলে বহিস্কার করা। তা না হলে তার দ্বিতীয় পরিকল্পনাটিও প্রথমটির মত আরব মুজাহিদীনের বীরত্বগাথা অপারেশান আর তালেবানদের সর্বাত্মক সহযোগীতার মাধ্যমে পূণরায় বাঞ্চাল হয়ে যাবে। ১১ সেপ্টেম্বরে আমেরিকার টুইন টাওয়ারে হামলা মূলত দাজ্জালের সকল স্বপ্নকে মাটির সাথে মিশিয়ে দেয়।

সাবেক মার্কিন প্রেসিডেন্ট নিক্সন' তার (Victory without War)গ্রন্থে উল্লেখ করেন- "১৯৯৯ সালের মধ্যে আমেরিকা সারাবিশ্বের শাসক হবে। এ মহা বিজয় কোন যুদ্ধ ছাড়াই তাদের অর্জিত হবে। এরপর নেতৃত্বের বিষয়টি "মাছীহ" (দাজ্জাল) নিজে এসে সামলিয়ে নেবেন। মনে হয়- উপরোক্ত সাল পর্যন্ত মাছীহের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন ছিল। মার্কিনীদের দায়িত্ব শুধু ব্যবস্থাপনাগুলো সম্পন্ন করা। এরপরের নেতৃত্ব মাছীহ নিজেই চালাবেন। (ভিকটোরী উইদাউট ওয়ার)

আমেরিকা ও ইউরোপে অজস্র টিভি-চ্যানেল ও রেডিও ষ্টেশান এমন রয়েছে- যারা দিন-রাত মাছীহ (কানা দাজ্জালের) আগমণের ব্যাপারে তাওরাত ও ইঞ্জীলে বর্ণিত ভবিষ্যদ্বাণীগুলো শুনিয়ে জনসাধারণকে মুসলমানদের বিরোদ্ধে যুদ্ধের জন্য মানসিকভাবে প্রস্তুত করছে। এমনকি সকল মার্কিন প্রেসিডেন্ট পর্যন্ত ব্যাপারটি নিয়ে খুবই আশাবাদী যে, তাদের সামনে প্রতিশ্রুত মাছীহ (কানা দাজ্জাল) আসবেন এবং ইসলাম ধর্মকে নিঃশেষ করে বিশ্বময় শাসন প্রতিষ্ঠা করবেন।

উল্লেখিত বিষয়টি সামনে রেখে মার্কিন সেনা অফিসারগণও তাদের কার্যক্রমগুলো সাজাচ্ছেন। একবার আমেরিকা প্রবাসী একজন পাকিস্তানী মার্কিন সেনাবাহিনীতে ভর্তি হতে যায়। সমস্ত বিভাগে সফলতার সাথে উত্তীর্ণ হওয়ার পর যখন সে ইন্টারভিউয়ের জন্য যায়। তখন ইন্টারভিউ অফিসারগণ তাকে জিজ্ঞাসা করে যে, ইমাম মাহদীর ব্যাপারে তোমার মতামত কি ? চিন্তা করেন- মার্কিন সেনাবাহিনীতে ভর্তি হতে ইচ্ছুক একজন মুসলমানকে কি ধরনের প্রশ্ন করা হচ্ছে !! বর্তমান যুগে প্রায় সকল ধর্মাবলম্বীগণই কোন একজন মাছীহের আগমনের ব্যাপারে অত্যন্ত আগ্রহের সাথে প্রতীক্ষার প্রহর গুনছে। পাশাপাশি ধর্মীয় গুরুগণও তাদের অনুসারীদেরকে ভয়ানক যুদ্ধসমূহের জন্য প্রস্তুত করছে। আর এদিকে মুসলমানদের অযোগ্য নেতৃবর্গ তাদেরকে যুদ্ধের ভয় দেখিয়ে ঘরে সারাদিন টিভির সামনে বসে বসে সময় কাটানোর তালীম দিচ্ছে।

বাস্তবতা সকলের চোখের সামনে। কাফেরদের জোটবদ্ধ সেনাবাহিনী ইরাক ও আফগানিস্তানে মুসলামনদের উপর আগ্রাসী হয়েছে। বিপরীতে তালেবান এবং মুজাহিদীন মুসলমানদের পক্ষথেকে ইসলাম-প্রতিরক্ষার দায়িত্ব পালন করছে। দাজ্জালের বিশ্বময় শাসন ও খোদায়ী প্রতিষ্ঠার পথে এখন শুধু একটিই বাধা। জিহাদের এ শক্তিকে খতম করে দাজ্জালের জোটবদ্ধ সৈনিকদল দাজ্জালের জন্য নতুন ধর্মকে বিশ্বজুড়ে বাস্তবায়িত করে দেখাতে চায়।

নতুন এ ধর্মের জন্য কিভাবে রাস্তা প্রশস্ত করা হয়েছে! এবং দাজ্জালের আগমনের জন্য কিরূপ প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে! মনযোগ দিয়ে একটু চিন্তা করুন:-

"আমেরিকার চাওয়া-পাওয়া হচ্ছে- জাতিসংঘের তত্বাবধানে এমন বাহিনী গঠন করতে সাহায্য দেয়া হোক, যারা দ্রুত এ্যাকশান নিতে সক্ষম। এ বাহিনীর সংখ্যা প্রাথমিক পর্যায়ে বারটি দেশ কর্তৃক ষাট হাজার ঘোষনা করা হয়েছে।" (রচনা- নেগার জোসেফ নায়ে, সাবেক মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী, নিউয়োর্ক টাইমস-২ ফেব্রুয়ারী-১৯৯২ ইং)

"বাস্তবেই যদি তারা বিশ্বময় শান্তি প্রতিষ্ঠা করতে চায়, তবে না লালবাহিনী লাগবে, না মার্কিন সেনাবাহিনীর দরকার পড়বে। বরং আমাদের নীল রঙ্গের হেলমেট পরিহিত একাধিক রাষ্ট্র কর্তৃক জোটবদ্ধ বাহিনীর শক্তি দরকার। তারাই একমাত্র বিশ্বব্যাপী শান্তি প্রতিষ্ঠা করতে সক্ষম হবে।" (নিউয়োর্ক টাইমস-১১

ফেব্রুয়ারী-১৯৯২ ইং)

উল্লেখ্য যে, ইহুদীরা নীল রঙকে দাজ্জালের উর্ধ্বশাসনের প্রতীক মনে করে থাকে।

## "ব্লেক ওয়াটার" বাহিনী...

এটি একটি প্রাইভেট সেনাদল। মার্কিন সরকার আফগানিস্তান ও ইরাক ছাড়াও পৃথিবীর বহু রাষ্ট্রেই এর সফল অভিযান ও দক্ষতা প্রত্যক্ষ করেছে। ১৯৬৬ সালে মার্কিন এক শিল্পপতি এবং নেভি গ্রুপের সাবেক সেল 'আর্ক প্রিন্সের যৌথউদ্যোগে বাহিনীটি প্রতিষ্ঠা লাভ করে। জনসাধারণের ধারনা- এ বাহিনীর মূল ডাইরেক্টর হচ্ছে ডিক চেনি এবং ডোনাল্ড রামসফেল্ড।

আর্ক প্রিন্সের এ ব্যক্তিগত সেনাক্যাম্পটি পৃথিবীর সর্ববৃহৎ প্রাইভেট সেনাকেন্দ্র। স্থানটি আমেরিকা শাসিত "কেরোলিনা" অঞ্চলের ৭০০০ হেক্টর যমি নিয়ে বিস্তৃত বিশাল এলাকা। বর্তমানে ব্লেক ওয়াটারের ২৩০০ আর্মি সদস্য পৃথিবীর বিভিন্ন প্রান্তরে দায়িত্ব পালন করছে। পক্ষান্তরে আরো বিশহাজার সদস্য তাদের হাতে এখনো অবশিষ্ট রয়েছে। ব্লেক ওয়াটার বাহিনীর কাছে বিশটিরও অধিক রণতরী বিদ্যমান রয়েছে, যারমধ্যে "গানশপ হেলিকপ্টার" উল্লেখযোগ্য। "জন নিগ্রো পান্ডে এবং খলীল যাদের প্রাইভেট সিকিউরিটির দায়িত্বও ব্লেক ওয়াটার সদস্যরা পালন করে থাকে। এছাড়াও অধিকাংশ দূতাবাসের নিরাপত্তার বিষয়টিও এদের দায়িত্বে। ৩১ মার্চ ২০০৪ ইং তারিখের পূর্বে ব্লেক ওয়াটারকে সম্পূর্ণ গোপন মনে করা হত। এমনকি আমেরিকার উচ্চপদস্থ নেতৃবর্গের কাছেও এর কোন জ্ঞান ছিলনা যে, মার্কিন সরকার সন্ত্রাসের বিরোদ্ধে যুদ্ধের জন্য সকল দায়িত্ব ডলারের বিনিময়ে এক প্রাইভেট সেনাদলের কাছে হস্তান্তর করেছে। কিন্তু ৩১ মার্চ ২০০৪ ইং তারিখে ইরাকের ফাল্লুজা শহরের একটি ঘটনার মাধ্যমে এ সম্পর্কে মানুষের জ্ঞান হয়।

ব্লেক ওয়াটারের চার সদস্যকে ফাল্লুজাবাসী বোমা মেরে হত্যা করে ফেলে। এরপর এলাকাবাসী লাশগুলি নিয়ে মহল্লায় মহল্লায় আনন্দ মিছিল শেষ করে ফুরাত নদীর একটি ব্রীজের উপর এগুলোকে ঝুলিয়ে রাখে। ব্লেক ওয়াটারের সদস্যগণ মার্কিন সরকারের কাছ থেকে পয়সার বিনিময়ে কোন অভিযানের কন্ট্রাক্ট নেয় এবং পরে তারা নিজেরা এখান থেকে ফায়দা লুটে। এর একটি পদ্ধতি এমন- পয়সার বিনিময়ে সৈনিককে আমেরিকায় ভর্তি করা হয়। অতপর যুদ্ধের এলাকাগুলোতে এদেরকে মার্কিন সেনাবাহিনীর সাথে পাঠিয়ে দেয়া হয়। কিন্তু এদের সার্বিক নিয়ম-কানূন মার্কিন সেনবাহিনী থেকে সম্পূর্ণ ভিন্ন ধরনের হয়। তারা এতই সতর্ক যে, মার্কিন সরকারকে পর্যন্ত তারা স্বীয় বাহিনীর নিহতের সংখ্যার ব্যাপারে জ্ঞাত করেনা।

দ্বিতীয় পদ্ধতি- আমেরিকার বাইরের কোন রাষ্ট্র থেকে কোন সৈনিককে তারা পয়সার বিনিময়ে কিনে নিয়ে তাদের উদ্দেশ্যকে তার সামনে ব্যক্ত করে। যেমন- আফগানিস্তানে তারা আফগান ন্যাশনাল আর্মিকে পয়সার বিনিময়ে নিয়ে নিয়েছে। রোজ হিসেবে তাদেরকে পারিশ্রমিক দিয়ে দেয়া হয়। ব্লেক ওয়াটার পাকিস্তানে কয়েক বৎসর যাবত কাজ করছে এবং স্থানীয় পাকিস্তানীদেরকে ভাড়ার বিনিময়ে কিনে নিয়ে তাদের দিয়ে এলাকায় কাজ করাচ্ছে।

## মিডিয়া... দাজ্জালের বড় হাতিয়ার...

عن حذيفة رضي الله عنه قال: إن أخوف ما أتخوف عليكم أن تؤثروا ما ترون على ما تعلمون ، وأن تضلوا وأنتم لا تشعرون. (ابن أبي شيبة:7\503) وفي إسناده من لم يسم.

"হযরত হুযায়ফা রা. বলেন- তোমাদের ব্যাপারে আমি সবচে' বেশি যে জিনিসের ভয় করছি তা হচ্ছে যে, তোমাদের জানা থাকা সত্তেও তোমরা ঐ বস্তুকে প্রাধান্য দেবে যা তোমরা প্রত্যক্ষ করবে এবং তোমরা পথভ্রষ্ট হয়ে যাবে এমতাবস্থায় যে তোমরা টেরও পাবেনা। (ইবনে আবী শাইবা- ৭/৫০৩)

১৮৯৭ সালে সুইজারল্যান্ডের বিখ্যাত শহর "ব্যাল"এ তিনশত ইহুদী (বৈজ্ঞানিক, দার্শনিক ও গবেষক) হির্টযেলের নেতৃত্বে একত্রিত হয়ে সারাবিশ্বের উপর কর্তৃত প্রতিষ্ঠা করতে একমত হয়। সিদ্ধান্তটি ঊনিশটি প্রোটোকোলের সমন্বয়ে পৃথিবীবাসীর সামনে আত্মপ্রকাশ করে। ওখানে যে সকল স্থান এবং বস্তুর উপর করায়ত্ব প্রতিষ্ঠার ব্যাপারে জোর দেয়া হয়, মিডিয়ার মাধ্যমে সেগুলি নিম্নোক্ত ধাচে জনসমক্ষে প্রকাশ করা হয়:-

"আমরা মিডিয়ার ঘাড়ে আরোহন করে তার লাগামকে সর্বদায় আমাদের শাসনে রাখবো। আমাদের শত্রুদের আয়ত্বে এমন কোন শক্তি বা সংবাদকে থাকতে দিবনা; যার মাধ্যমে তারা সিদ্ধান্তের ভিত্তিতে কোন পদক্ষেপ গ্রহণ করতে পারে। পাশাপাশি শত্রুদেরকে আমরা এমন কোন অবস্থানে ছেড়ে দিবনা যে, আমাদের নিরীক্ষা ব্যতিতই তারা কোন তথ্য লোকদের কাছে পৌছাতে পারবে। আমরা এমন সংবিধান সৃষ্টি করব যে, কোন প্রকাশক বা প্রেসকর্তাদের জন্য আমাদের সম্যক অনুমতি ব্যতিত কোন তথ্য ছাপাতে অপারগ হয়ে যায়। আমাদের অধীনে এমন সব তথ্য ও সংবাদ থাকবে, যার মাধ্যমে আমরা শত্রুদের থেকে সর্বদায় নিরাপদ স্থানে অবস্থান করব। চায় শত্রুদের এ দলগুলি গণতান্ত্রিক পার্টি হোক কিংবা কোন সংগ্রামী দল হোক। এমনকি আমরা এমন সব সংবাদের বাহক হব, যার মাধ্যমে আমরা পৃথিবীর সব দেশের সকল স্তরের (সরকারী বেসরকারী) লোকদের আক্রমনের শিকার হবনা। আমর এমন সব সংবাদ মানুষের সামনে পেশ করব; যার মাধ্যমে জাতিগত, গোত্রীয় এবং সকল স্তরের সর্বসাধারণ তা গ্রহণ করতে বাধ্য হবে। আমরা এমন সব বৈজ্ঞানিক, এডিটর এবং প্রসিদ্ধ ব্যক্তিদেরকে আয়ত্বে রাখব, যারা মানুষকে পথভ্রষ্ট করার জন্য এগিয়ে থাকবে (আমেরিকা ও ভারতের প্রতিরক্ষায় বিবৃতি প্রদানকারীগণ আপনার চোখের সামনেই বিদ্যমান) এবং তারা ভয়ানক সব অপরাধের রেকর্ডধারী হবে। সংবাদ মাধ্যমগুলোকে আমরা এজেন্সিদের দ্বারা কন্ট্রোলে রাখব। যারফলে পৃথিবীবাসীকে আমরা যে রঙ দেখাতে চাইব, তাই পৃথিবীবাসী দেখতে পারবে।"

ইহুদীরা যে সকল প্ল্যান ওখানে করেছিল, তার সবগুলোই বাস্তবায়ন করে ছেড়েছে। পৃথিবীর কোন তথ্য বা ছোট্ট কোন সংবাদও ইহুদীদের অনুমতি ব্যতিত মিডিয়ায় প্রকাশ বা সংবাদের অংশ হতে পারেনা। বিশ্বময় সংবাদমাধ্যম, ইমেইল, টিভি চ্যানেল তাদেরই প্রতিপালিত এজেন্সিদের থেকে সংবাদ গ্রহণ করে থাকে। পৃথিবীর বিখ্যাত সংবাদ মাধ্যম রয়টার্স, এপি এবং এএফপি হচ্ছে ইহুদীদের মালিকানায়। এদের মধ্যে প্রসিদ্ধ হচ্ছে রয়টার্স। মূল প্রতিষ্ঠাতা হচ্ছে "জোলিস রয়টার্স"। ১৮১৬ সালে সে জার্মানীর এক ইহুদী পরিবারে জন্ম গ্রহণ করে। আপনি একটু ন্যায়সঙ্গত বিচার করুন- যে ইহুদীদের ব্যাপারে বিশ্বের দু'টি বড় ধর্ম (খৃষ্টধর্ম এবং ইসলাম) মিথ্যাচার, ধোকা, প্রবঞ্চনা, তুহমত এবং নবীদের মত পবিত্র ব্যক্তিদেরকে নির্মমভাবে হত্যার বিষয়ে একমত পোষন করেছে, আজ সারাবিশ্বের শিক্ষিত শ্রেনীর লোকেরা পর্যন্ত সেই ইহুদী কর্তৃক রয়টার্সের সংবাদকে ওহীতুল্য মনে করে থাকে। মিডিয়ার মাধ্যমে যেভাবে তথ্য প্রচার করা হয়, সারাবিশ্বের মানুষ বিনাদ্বিধায় তাই গ্রহণ করে নেয়।

ধর্মীয় লোকদের ব্যাপারে প্রোপাগান্ডা হোক বা মুজাহিদীনের বিরুদ্ধে অপপ্রচার, ইহুদীদের বড়ত্ব বর্ণনা করা হোক বা মুসলামানদেরকে মুর্খ ও অপরিমার্জিত সাব্যস্ত করা হোক- শিক্ষিত মুসলমানগণ ঐ সংবাদগুলোকেই সত্য বলে মনে করে এবং ওটাই তাদের মতামত হয়ে যায়। বিবিসি-ও রয়টার্স থেকেই সংবাদ গ্রহণ করে থাকে। এই রয়টার্সই মুসলমানদেরকে ঈমান এবং বিশ্বাসের স্তর থেকে বের করে সন্দেহ ও দুদোল্যতার অভ্যাসী বানিয়েছে। ইসলাম ও মুসলিম সংগঠনগুলোর ব্যাপারে মনের ভেতরে সন্দেহের স্থান দেয়া বিবিসির পক্ষ থেকে বিশেষ এক তুহফা, যা শ্রবণকারীদেরকে কাছে প্রতিনিয়ত সরবরাহ করে থাকে।

## সন্দেহের কিছু নমুনা...

"ইসলামাবাদে ব্লোম ব্লাষ্ট হয়েছে..."। এখন পর্যন্ত কোন সংগঠন এর দায় স্বীকার করে নেয়নি, তারপরও মিডিয়ায় প্রচার করে দেয়া হয় যে, "ইসলামপন্থীদের পক্ষ থেকে এটি ঘটানো হয়েছে বলে ধারণা করা হচ্ছে"। "সোয়াতে নিরাপত্তাচুক্তি সম্পাদিত হয়েছে, যার মাধ্যমে সর্বসাধারণের মনে শান্তির অনুভূতি বিরাজ করছে। কিন্তু কতিপয় সরকারী ব্যক্তিবর্গ এটিকে সরকারের ব্যর্থতা বলে মত প্রকাশ করেছেন। সন্দেহ করা হচ্ছে- এর মাধ্যমে তালেবানদের শক্তি অর্জিত হবে এবং পাঞ্জাবে অবস্থিত চরমপন্থীরা-ও পরবর্তীতে এ ধরনের দাবী তুলতে পারে।"

"একজন মহিলার লাশ সড়কের কিনারা থেকে উদ্ধার হয়েছে। হত্যার ব্যাপারে এখন পর্যন্ত কোন হদিস পাওয়া যায়নি। সন্দেহ করা হচ্ছে- যারা মহিলাদেরকে ঘর থেকে বের হওয়ার জন্য সবসময় নিষেধ করে থাকে, ঘটনাটি তাদের পক্ষ থেকে ঘটানো হয়েছে।"

"মনে করা হচ্ছে"-"সন্দেহ করা হচ্ছে"-"ধারণা করা হচ্ছে" কথা গুলো বলে তারা যার উপরই থুথু নিক্ষেপ করতে চাইছে, সহজেই নিক্ষেপ করে দিচ্ছে। আর যারা সংবাদ দেখে এগুলো শুনছে, তাদের মনও চাইছে যে, সংবাদটিকে অপরের কাছেও প্রচার করা হোক। তাই সে বন্ধুবান্ধবদের কাছে, সহকর্মীদের কাছে এবং লোকদের মাঝে এগুলো বলে বেড়াতে থাকে। অথচ উচিত ছিল- এগুলো নিয়ে আরো গবেষণা, নিরীক্ষা ও যাচাই অব্যাহত রাখা। কিন্তু তা না করে ঐ ইহুদী সংস্থার সংবাদ মাধ্যমগুলো থেকে যাই শুনে, সত্য হোক কিংবা মিথ্যা, মস্তিস্ক সেটাকেই সত্য বলে মেনে নেয় এবং সেটাই তার সারাদিনের মুখের খোরাক হয়ে যায়।

## ওয়ার্ল্ড ট্রেড সেন্টার" ধ্বংস... বাস্তবতা কি ??

যে সকল লোক ১১ সেপ্টেম্বরের হামলাকে ইহুদীদের ষড়যন্ত্র বলে বিশ্বাস করে থাকে, এরও মূল কারণ হচ্ছে- মিডিয়া। সংবাদ মাধ্যমগুলো বিশ্বের সকল অনিষ্টকর বিষয়, অশ্লীল কাজকর্ম, কাপুরুষতা এবং অপরাধ প্রচারের বিষয়টি পাকিস্তান এবং অন্যান্য মুসলিম দেশগুলোর ঘাড়ে চাপিয়ে ইসলামপন্থীদেরকে খাদের

কিনারায় নিক্ষেপ করেছে। পক্ষান্তরে সর্বপ্রকার কল্যাণকর বিষয়, বড়ত্ব এবং বাহাদুরী- পশ্চিমা বিশ্ব এবং হিন্দু-সমাজে বিদ্যমান বলে প্রচার করছে। মনে হয়, কোন মুসলমানের দুঃসাহসই নেই যে, এ জাতিয় কোন অপারেশান তারা চালাতে পারবে। চিন্তাটি আপনি মিডিয়ার রোগে আক্রান্ত সকল ব্যক্তিদের মুখে সচরাচর শুনে থাকবেন। যে সকল লোক ১১ সেপ্টেম্বরের হামলাকে মুসলমান মুজাহিদীনের হামলা বলে মেনে নেয়না, তাদের প্রকৃত অভ্যাসই হচ্ছে এটা- যে, তাদের ব্রেইনের ভেতরে এ চেতনা ঢুকিয়ে দেয়া হয়েছে যে, কোন মুসলমান এ ধরনের বিশাল আক্রমনের কোন যোগ্যতাই রাখেনা। এ সকল ব্যক্তিবর্গ দুনিয়াকে এখনও আশি বৎসরের দৈওয়ালী দুনিয়া মনে করে থাকে। এ ব্যাপারে তাদের কোন জ্ঞানই নেই যে, উম্মতে মুহাম্মদী এখনও জাগ্রত, বাজী এখন তাদের হাতে।

আরেকটি কারণ হচ্ছে- এসকল লোকেরা রণাঙ্গন থেকে বহুদূর। জিহাদের ময়দান থেকে তাদের কাছে কোন সংবাদ পৌছতে পারেনা। বরং তাদের জ্ঞানের সকল মাধ্যম হচ্ছে টিভি রিপোর্ট, পত্রপত্রিকা, রেডিও খবর ও সংবাদমাধ্যম। পাশাপাশি তাদের কাছে না ওয়ার্ল্ড ট্রেড সেন্টার সম্পর্কে কোন তথ্য আছে, না পেন্টাগনের কোন গোপন খবর আছে। শুধু এতটুকুই জানে যে, এগুলো শুধু দু'টি বিল্ডিং ছিল। প্রকৃতপক্ষে এগুলি ছিল দু'টি বিশাল মূর্তি, যাকে পুরোবিশ্ব "রিযিকদাতা" মেনে পূজা করে আসছিল, এগুলি ছিল ইবলিসের কোটি বৎসরের মেহনতের ফসল, যাকে বিগত যুগে সে বাস্তবতায় রূপ দিতে সক্ষম হয়েছিল। কিন্তু কতিপয় আল্লাহর বান্দাগণ এগুলিকে মুহুর্তের মধ্যে মাটির সাথে মিশিয়ে দিয়েছে। তথ্যগুলি স্বয়ং ইহুদী নেতৃস্থানীয় ব্যক্তিদের বরাতে পশ্চিমা মিডিয়ার মাধ্যমে ছড়ানো হয়েছে। অতপর মুসলিম সংবাদকর্মীগণ একে গভীর পর্যায়ের গবেষণা মনে করে প্রচার করতে থাকে। পাশাপাশি জিহাদী দুশমনদের মনোবাসনার অনুকুলে থাকায় তারাও সংবাদটি নির্দ্বিধায় গ্রহণ করে নিয়েছে।

আল্লাহ তা'লার পক্ষ থেকে প্রকাশ্য এ সাহায্যকে ইহুদী কর্তৃক খাদের কিনারায় নিক্ষেপের মাধ্যমে তাদের উদ্দেশ্য একে তো ছিল- মুসলমানদের সাহস যাতে বেড়ে না যায় যে, জিহাদী শক্তির মাধ্যমে আমেরিকাকে পরাজিত করা সম্ভব। দ্বিতীয় উদ্দেশ্য ছিল- স্বয়ং ইহুদীদেরকে এ কথার ভরসা দেয়া যে, ঘাবড়ানোর কোন কারণ নেই। ইহুদীদেরকে যদি এ কথা না বলা হত- তবে বিশ্বের সকল প্রান্ত থেকে ইহুদীরা ইসরায়েলে গমন করতে অস্বীকার করে দিত। তারা বলতে পারত- যে, তোমরা নিজেরা স্বয়ং আমেরিকাতেই নিরাপদ নও, তাহলে আমাদেরকে কোন ভরসায় ইসরায়েল গমনে বাধ্য করছ ???!!!

আর এক্ষেত্রে যতগুলো প্রমাণ সাব্যস্ত করা হয়েছে, সবগুলোই ইহুদীদের বানানো তথ্য ছিল, যা তারা সর্বদায় সত্যকে ঘোলাটে করার জন্য সৃষ্টি করে থাকে। তাদের সাব্যস্তকৃত প্রমানগুলো নিয়ে যদি চিন্তাশীল ব্যক্তি গবেষণা করে, তবে সকল প্রমাণাদী একটি অপরটির বিপরীত দেখতে পাবে। সকল প্রশ্নের স্পষ্ট জবাব ও সমাধান হাতে আছে, কিন্তু বিস্তারিতভাবে পেশ করার সময় হাতে নেই।

## মুসলমান... মিডিয়ার দৃষ্টিতে...

আমাদের মিডিয়াগুলো পশ্চিমাবিশ্বের সাথে সম্পর্কিত সংবাদগুলো খুবই মার্জিত আন্দাজে মানুষের সামনে প্রকাশ করে থাকে। তাদের ওখানে দৈনন্দিন যতই অশালীন ও অমানবীয় ঘটনা ঘটে থাকুক, তাদের সংবাগুলোকে এমনভাবে প্রকাশ করা হয় যে, শ্রবণকারীদের কাছে তারা আদর্শ বলে মনে হতে থাকে। পক্ষান্তরে মুসলিমদের ব্যাপারে তাদের ধারণা সম্পূর্ণই নেতিবাচক। মুসলিম সম্পর্কিত সংবাদগুলো শুনলে মনে হয় যে, মুসলমান সমাজ হচ্ছে অপরিমার্জিত, চরমপন্থী, হত্যাযজ্ঞ এবং অশালীনতার কেন্দ্রস্থল।

পাকিস্তানের সকল টিভি-চ্যানেল এবং পত্র-পত্রিকাগুলো আপনি হাতিয়ে দেখুন- মনে হবে যে, এ সমাজে কল্যাণের কোন চিহ্নই বাকী নেই। এ সমাজের লোকেরা শুধুমাত্র অনিষ্টতার দিকেই সবসময় দৌড়তে থাকে। পক্ষান্তরে হিন্দুস্তানের ব্যাপারে পত্র-পত্রিকার সংবাদগুলো এমনভাবে তৈরী করা হয় যে, হিন্দু-সমাজ মুসলমানদের তুলনায় অনেক ভদ্র, পরিমার্জনশীল এবং সম্মানের অধিকারী। ইন্ডিয়া'র ব্যাপারে যতসব

গুণগাণ আপনি শুনে থাকবেন, সবই হচ্ছে মিডিয়ার প্রকাশিত সাফাই। অন্যথায় পাকিস্তান এবং ভারতের দুই সমাজের তুলনা করলে আপনি এমনই পার্থক্য দেখতে পাবেন, যেমন জাহিলিয়্যাত ও নবুওয়তপ্রাপ্তির পূর্ববর্তী এবং পরবর্তী যুগের মধ্যে পেয়েছেন।

ইন্ডিয়ার সমাজের চারিত্রিক অবনতি এতটাই নিম্নমুখী যে, ঐ পর্যন্ত পৌছতে পাকিস্তানের কয়েকজন পারভেজ মুশাররফ দরকার লাগবে। পাকিস্তানের মুসলমানগণ (সরকারী স্তর বাদে) যে মহান চারিত্রিক গুণাবলীর অধিকারী, তা বহির্বিশ্ব থেকে আসা একজন মুসলমান (মুনাফিক নয়) খুব ভাল করেই লক্ষ করতে পারে। কোন একজন ব্যক্তি বা সমাজকে এ পরিচয়ের মাধ্যমেই চেনা যায়- যে, তার ভেতরে অন্যের ব্যাপারে ত্যাগ স্বীকারের আগ্রহ কতটুকু আছে, বিপদের সময় তার ভাইকে সাহায্য করার জন্য সে কতটুকু প্রস্তুত। পাকিস্তানের মধ্যেই এ গুনগুলো বেশি পরিমাণে পাওয়া যায়। যে সকল বুদ্ধিজীবী, সাহিত্যিক ও কলামিষ্টকে আপনি ভারতের প্রশংসায় পঞ্চমুখ হতে দেখবেন, তারা তো হচ্ছে ঐ সকল ব্যক্তি- যারা এক বোতল ভারতীয় মদ্য পানের আশায় জাতিগত অহংকারকে বিক্রি করে দিতে দ্বিধাবোধ করেনা। যারা কিছুদিন ভারতে থাকার পর "র"য়ের মেজবানদের মেজবানীতে এতটাই আবেগাপ্লুত যে, নিজেকেই সে মুসলিম হিসেবে ধীরে ধীরে খারাপ ভাবতে থাকে।

দৃষ্টিভঙ্গির এ পরিবর্তনসমূহ একমাত্র মিডিয়ার মাধ্যমেই করা হয়েছে। অন্যথায় ভারতের ব্যাপারে মানুষের ব্যক্তিগত অভিজ্ঞতা এবং জ্ঞান খুবই প্রসিদ্ধ, তা বর্ণনার অপেক্ষা রাখেনা।

## দেমাগ পবিত্রকরণ... নাকি ব্রেইন ওয়াশিং...

ব্রেইন ওয়াশিংয়ের উপর লেখা গ্রন্থগুলির মধ্যে "গুস্তাওলী বান" এর রচনা "সাইকোলোজী গেদারিং" প্রসিদ্ধ একটি গ্রন্থ। জনসাধারণের উপর মানসিক গবেষণা করতে গিয়ে তিনি বলেন- "মানুষ যতই মার্জিত, ভদ্র এবং শিক্ষিত হোক না কেন, যদি সে কোন গ্রুপের সাথে বসবাস করে, তাহলে সেও ঐ গ্রুপের মানসিক রূপ এবং তার আচরণের অনুসারী হয়ে যায়।"

টেলিভিশনের কুপ্রতিক্রিয়ার উপর গবেষণা করতে গিয়ে ব্রেইন ওয়াশিং বিষয়ে সুদক্ষ "থিউড রাইড ওয়ার্ড" বলেন- টেলিভিশানের ছবির মাধ্যমে মানুষের দিল, দেমাগ ও দৃষ্টিভঙ্গির উপর সম্পূর্ণ কন্ট্রোল করার এক শক্তিশালী হাতিয়ার আমাদের হাতে এসে গেছে, যার কল্পনাও আমরা কোনদিন করতে পারিনি।

টেলিভিশন আপনার সামনে এমন জিনিস পেশ করে যে, -আপনি চান বা না চান- আপনার মন জোরপূর্বকভাবে তা পছন্দ করে ফেলে। সে বিষয়টিকে আপনার সামনে এমনভাবে পেশ করবে যে, এটাকে গ্রহণ করা ছাড়া আপনার আর কোন গত্যন্তর নেই।

ব্রেইন ওয়াশিং বিষয়ে অপর এক সুদক্ষ ব্যক্তি "ফেড্রিক আইমার" টেলিভিশনের ছবির গভীর প্রতিক্রিয়াগুলো গবেষণা করতে গিয়ে লেখেন- টেলিভিশন এত পরিমাণ প্রতিক্রিয়াশীল এবং জাদুময়ী যে, দর্শকের সকল মনযোগ তার দিকে টেনে নিয়ে যায়। টেলিভিশন চোখ এবং ব্রেইনকে অস্বাভাবিক পর্যায়ে কাবু

উপরোক্ত হাদিসদ্বয়ের প্রেক্ষিতে আমরা যে যুগের মধ্য দিয়ে অতিক্রম করছি, তা হচ্ছে অন্যায়-অবিচার ও ফেতনা ফ্যাসাদ ছড়িয়ে পড়ার যুগ। আল্লাহ তা'লার যমিনের সর্বোচ্চ শাসনব্যবস্থা (Sovereignty)একমাত্র আল্লাহ পাকেরই হওয়া উচিত। যদি আল্লাহর সৃষ্টিকৃত যমিনে আল্লাহর কানূন ছাড়া মানুষের সৃষ্ট কোন কানূন বাস্তবায়নের অপচেষ্টা করা হয়, তবে অবশ্যই যমিন অন্যায়-অবিচার ও ফেতনা ফ্যাসাদে ভরে যাবে।

উসমানী খেলাফত ভেঙ্গে যাওয়ার পরবর্তী যুগ ফেতনা ফ্যাসাদের যুগ। কিন্তু এরপরও উম্মত হিম্মত না হারিয়ে পূণরায় খেলাফত কায়েমের দিকে এগিয়ে যাচ্ছে, ঐ খেলাফত- যা নববী আদর্শে সজ্জিত হবে। আলহামদুলিল্লাহ!! এর বহু নমুনা ও নিদর্শন এখন থেকেই প্রকাশ হতে শুরু করেছে। মুহাম্মদে আরাবী সা. এর গোলামগণ খেলাফতের গুরুত্ব অনুধাবন করতে শুরু করেছে, ইহুদীদের পেট থেকে জন্ম নেয়া "গণতান্ত্রিক" পদ্ধতির প্রকৃত চেহারা তাদের সামনে উন্মোচিত হয়ে গেছে। সুতরাং ঈমানওয়ালাদেরকে নৈরাশ্যতার অন্ধকার থেকে বের হয়ে আসা উচিত, বিশেষত ঐ সকল মুসলমান- যাদের বয়স পঞ্চাশ বৎসরের উর্ধ্বে হয়ে গেছে। কেননা, তারাই নৈরাশ্যময় এক লম্বা যুগ নিজ চোখে প্রত্যক্ষ করেছে। কিন্তু এখন

আর নিরাশ হওয়ার কোন কারণ নেই। আল্লাহ পাক রাব্বুল আলামীন এই উম্মতের মধ্যে এমন হিম্মত তৈরী করে দিয়েছেন, যা সকল জাতির যৌথমূর্তি "জাতিসংঘ"কে মাটির সাথে মিশিয়ে দিয়ে পূণরায় নববী আদর্শে পূর্ণ ইসলামী শাসন প্রতিষ্ঠায় সংকল্পবদ্ধ হয়েছে।

عن ابن عباس رضي الله عنهما قال: قال رسول الله صلى الله عليه وسلم: أول هذا الأمر نبوة ورحمة ، ثم يكون خلافة ورحمة ، ثم يكون ملكا ورحمة ، ثم يكون إمارة ورحمة ، ثم يتكادمون عليها تكادم الحمير ، فعليكم بالجهاد ، وإن أفضل جهادكم الرباط ، وإن أفضل رباطكم عسقلان.(المعجم الكبير: 11138)..... قال الهيثمي: رواه الطبراني ورجاله ثقات.

অনুবাদ- হযরত আব্দুল্লাহ বিন আব্বাস রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- ইসলামের সূচনা নবুওয়ত (নবীর শাসন) ও রহমত। তারপর হবে খেলাফত ও রহমত। তারপর হবে বাদশাহী ও রহমত। তারপর হবে নেতৃত্ব ও রহমত, নেতৃত্ব অর্জনের জন্য মানুষ একে অপরকে এমন ভাবে কামড়াবে, যেমন গাঁধা একে অপরকে কামড়িয়ে থাকে। তোমাদের উপর আবশ্যক হচ্ছে জিহাদ করা। আর সর্বোত্তম জিহাদ হচ্ছে (জিহাদের রাস্তায়) পাহারাদারী করা। আর সর্বোত্তম পাহারাদারী হচ্ছে "আসকালান" এলাকায়।

(আল্লামা হাইছামী রহ. বলেন- হাদিসের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য)।

## খোরাসান থেকে আসা কালো ঝান্ডাবাহী দল...

عن ابن مسعود رضي الله عنه ، قال: بينما نحن عند رسول الله صلى الله عليه وسلم إذ قال: يجئ قوم من ههنا ، وأشار بيده نحو المشرق ، أصحاب رايات سود ، يسألون الحق فلا يعطون ، مرتين أو ثلاثا ، فيقاتلون ، فينصرون فيعطون ما سألوا ، فلا يقبلونه حتى يدفعوه إلى رجل من أهل بيتي ، فيملؤها عدلا كما ملؤوها ظلما ، فمن أدرك ذلك منكم ، فليأتهم ولو حبوا على الثلج. (أبو عمرو الداني: 547)

অনুবাদ- হযরত আবদুল্লাহ ইবনে মাসঊদ রা. বলেন- একদা আমরা নবী করীম সা. এর খেদমতে উপস্থিত ছিলাম, উনি বলতেছিলেন- ঐ দিক থেকে একটি দল আসবে -হাত দিয়ে তিনি পূর্ব দিকে ইশারা করলেন- তারা কালো ঝান্ডাবাহী হবে। তারা সত্যের (পূর্ণ ইসলামী শাসনের) দাবী জানাবে, কিন্তু তাদেরকে দেয়া হবেনা। দুইবার বা তিনবার এভাবে দাবী জানাবে, কিন্তু তখনকার শাসকগণ তা গ্রহণ করবেনা। অতপর তারা যুদ্ধ করে জয়ী হবে এবং তাদেরকে সত্য প্রদান করা হবে। কিন্তু তারা তা গ্রহণ করবেনা। শেষপর্যন্ত তারা (ইসলামী শাসনব্যবস্থার দায়িত্ব) আমার পরিবারস্থ (সৈয়দ বংশীয়) একজন লোকের হাতে সোপর্দ করে দেবে। সে যমিনকে ন্যায় এবং নিষ্ঠার মাধ্যমে ভরে দেবে, ঠিক যেমন ইতিপূর্বে অন্যায়-অত্যাচারের মাধ্যমে ভরে দেয়া হয়েছিল। সুতরাং তোমাদের মধ্যে যদি কেউ ঐ সময় জীবিত থাকো, তবে অবশ্যই তাদের দলে এসে শরীক হয়ে যেয়ো -যদিও (দূরদুরান্ত এলাকা থেকে) বরফের উপর কনুইয়ে ভর দিয়ে আসতে হয়-।

(মুহাক্কিক আবূ আব্দুল্লাহ শাফেঈ হাদিসটিকে সহীহ বলেছেন)

হযরত হাসান রা. হতে বর্ণিত যে, নবী করীম সা. তার পরিবারস্থ (আহলে বাইত) লোকদের উপর আশু বিপদাপদের বর্ণনা দিচ্ছিলেন- শেষপর্যন্ত আল্লাহ পাক পূর্ব দিক থেকে কালো ঝান্ডাবাহী লোকদেরকে পাঠাবেন। যারা ঐ কালো ঝান্ডাবাহী লোকদেরকে সাহায্য করল, আল্লাহ তা'লাও তাকে সাহায্য করবেন। আর যে তাদেরকে ছেড়ে দিল (সাহায্য করলনা), আল্লাহ তা'লাও তাকে ছেড়ে দেবেন। অতপর ঐ কালো ঝান্ডাবাহী দল এমন এক ব্যক্তির কাছে আসবে- যার নাম আমার নামের মত হবে। তারা ঐ ব্যক্তির উপর শাসনব্যবস্থার দায়িত্ব সোপর্দ করবে। সুতরাং আল্লাহ তা'লাও তাদেরকে সহযোগীতা করবেন।

(আলফিতান- নুআইম বিন হামাদ : ৮৬০) - হাদিসটি মুরসাল।

عن عبد الله بن مسعود رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم : تجئ رايات سود من قبل المشرق وتخوض الخيل في الدماء إلى ثندوتها.وفيه يزيد بن أبي زياد وهو لين وبقية رجاله ثقات. (مجمع الزوائد)

হযরত আব্দুল্লাহ ইবনে মাসঊদ রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- পূর্ব দিক থেকে অবশ্যই কালো পতাকাবাহী দল আসবে। ঘোড়ার সীনা পর্যন্ত রক্তে ডুবন্ত থাকবে।

খালেদ বিন মা'দান রা. বলেন- রমযান মাসে যখন তোমরা পূর্ব দিকের আকাশে আগুনের শিখা দেখতে পাবে, তখন যতটুকু খাদ্য সংগ্রহ করে রাখা দরকার, রেখে দিয়ো। কেননা, ঐ বৎসরটি ক্ষুধা এবং দুর্ভিক্ষের বৎসর হবে। (আলফিতান-নুআইম বিন হাম্মাদ : ৬২৭)

আগুনের শিখা দ্বারা কি উদ্দেশ্য ??!! অন্যান্য বর্ণনায় এমন সব শব্দ বর্ণিত হয়েছে, যা সর্বশেষ যুদ্ধগুলোতে ব্যবহৃত ভয়ানক অস্ত্র-সস্ত্রের দিকে ইঙ্গিত করে।

উমর বিন মুররাহ আল জামালী রা. (রাসূলের প্রখ্যাত সাহাবী) বলেন- অবশ্যই খোরাসানের দিক থেকে কালো ঝান্ডাবাহী দল আত্মপ্রকাশ করবে। এমনকি তাদের ঘোড়াগুলি ঐ সকল যাইতূন বৃক্ষের সাথে বাধা হবে, যেগুলি لهيا এবং حرستا এর মধ্যবর্তী এলাকায় অবস্থিত। (শ্রবণকারী) জিজ্ঞাসা করলেন- উভয় এলাকার মধ্যবর্তী স্থানে তো কোন যাইতূন বৃক্ষ নেই! উমর বলেন- ওখানে যাইতূন বৃক্ষ পরবর্তীতে রূপন করা হবে। শেষপর্যন্ত কালো ঝান্ডাবাহী দল আসবে এবং তাদের ঘোড়াগুলো যাইতূন বৃক্ষের সাথে বেঁধে রাখবে। (আলফিতান-নুআইম বিন হাম্মাদ : ৮৬১)

বর্ণনাটিতে ওলীদ বিন মুসলিম রাবী বিদ্যমান। আর সে عن দ্বারা বর্ণনা করেছে বিধায় বর্ণনাটি ضعيف ।

মুহাম্মদ বিন হানাফিয়্যা রহ. বলেন- বনূ আব্বাস থেকে ঝান্ডাবাহী দল বের হবে। অতপর খোরাসান থেকে কালো ঝান্ডাবাহী অন্য আরেকটি দল আত্মপ্রকাশ করবে। তাদের টুপি (পাগড়ী) গুলো কালো বর্ণের হবে এবং জামা সাদা বর্ণের হবে। তাদের সম্মুখভাগে এক ব্যক্তি নেতৃত্বে থাকবে, যাকে শুআইব বিন সালেহ বিন শুআইব বলে ডাকা হবে। ঐ ব্যক্তিটি বনূ তামীম গোত্রের হবে। তারা (কালো পতাকাবাহী দল) সূফয়ানী'র সেনাবাহিনীকে পরাজিত করে দেবে। শেষপর্যন্ত তারা বাইতুল মুকাদ্দাসে এসে উপস্থিত হবে এবং তাদের নেতৃত্ব ইমাম মাহদীর হাতে সোপর্দ করে দেবে। তাদের কাছে শামের দিক থেকে তিনশত ক্যামিক আসবে। এদের বের হওয়া এবং মাহদীর হাতে নেতৃত্ব সোপর্দ করার মাঝে বাহাত্তর (৭২) মাসের ব্যবধান হবে। (আলফিতান- ৮৫১)

বর্ণনাটিতে ওলীদ বিন মুসলিম عن দ্বারা রেওয়ায়েত করেছে। এছাড়াও হাদিসটিতে আব্দুল করীম বিন আবি মাখারিক বর্ণনাকারী বিদ্যমান, আর সে ضعيف ।

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللّهِ صَلّى اللّهُ عَلَيْهِ وَسَلّمَ قَالَ يَخْرُجُ مِنْ خُرَاسَانَ رَايَاتٌ سُودٌ لَا يَرُدُّهَا شَيْءٌ حَتّى تُنْصَبَ بِإِيلِيَاءَ. (المعجم الأوسط:3536 ، سنن الترمذي:2269 ، مسند أحمد بن حنبل: 8760)

"খোরাসান থেকে কালো পতাকাবাহী দল আত্মপ্রকাশ করবে। তাদেরকে কেউ বাধা দিতে পারবেনা। শেষপর্যন্ত তারা বাইতুল মুকাদ্দাসে এসে ঝান্ডা গেড়ে দেবে (খেলাফত প্রতিষ্ঠা করবে)।"

নবী করীম সা. এর যুগে খোরাসান বলতে ইরানের উত্তর-পূর্বাঞ্চল থেকে শুরু করে আফগানিস্থানের অধিকাংশ এলাকা নিয়ে তাসখন্দ সমরখন্দসহ বুখারা পর্যন্ত এবং উত্তরে তুর্কেমেনিস্তানের অর্ধেক এলাকা নিয়ে অবস্থিত বিশাল ভূমিকে বুঝানো হত। পাঠকদের বুঝার সুবিধার্থে নিম্নোক্ত ম্যাপে লাল বর্ণের সীমানা দিয়ে খোরাসান চিহ্নিত করা হল :-

বাইতুল মুকাদ্দাসে খেলাফত প্রতিষ্ঠার ব্যাপারে অপর একটি হাদিসে বর্ণিত হয়েছে-

**قال رسول الله صلى الله عليه وسلم: يا ابن حوالة إذا رأيت الخلافة نزلت الأرض المقدسة فقد دنت الزلازل والبلاء والأمور العظام والساعة يومئذ أقرب إلى الناس من هذه إلى رأسك (ابن عساكر) [كنز العمال 38221] أخرجه ابن عساكر (1/389) .**

নবী করীম সা. এরশাদ করেন- হে ইবনে হাওয়ালা! যখন তুমি দেখবে যে, বাইতুল মুকাদ্দাসে খেলাফত প্রতিষ্ঠিত হয়েছে। (জেনে রেখো) তখন অবশ্যই ভূমিকম্পন, বিপদাপদ এবং বড় বড় বিষয়গুলি নিকটে এসে গেছে। (সাহাবীর মাথার উপরে হাত নিয়ে রাসূল বললেন) তোমার মাথার থেকে আমার হাত যেমন নিকটবর্তী, কেয়ামত তখন এর চেয়ে বেশি নিকটবর্তী হয়ে গেছে মনে করবে।

ইতিহাসের গ্রন্থাদী অধ্যয়ন করার পর প্রতীয়মান হয় যে, রাসূলের যমানার পর থেকে বাইতুল মুকাদ্দাসে এ পর্যন্ত খেলাফত প্রতিষ্ঠিত হয়নি। সুতরাং রাসূলে আরাবী সা. এর গোলামদের ঘাবড়ে যাওয়ার কোন কারণ নেই। বিজয় তাদের পায়ের তলায় এসেই উপস্থিত হবে। আল্লাহর যমিনে আল্লাহর শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত হবেই হবে। আর সে সময়ও অত্যন্ত নিকটবর্তী হয়ে গেছে। এর বহু নিদর্শন এখন থেকেই প্রকাশ হতে শুরু করেছে আলহামদুলিল্লাহ!!

নোটঃ খোরাসানের কালো পতাকাবাহী দলের ব্যাপারে "তৃতীয় বিশ্বযুদ্ধ এবং দাজ্জাল" গ্রন্থে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে।

## সূফিয়ানী'র তান্ডব... বনূ কালব গোত্রের অবস্থান.. ??!!

হযরত আরতাত্ রা. বলেন- দ্বিতীয় সূফিয়ানীর যমানায় বিকট এক আওয়াজ (যা ভূপৃষ্ঠে কোন ভারী বস্তু পতিত হওয়ার ফলে) হবে। আওয়াজটি এতই বিকট হবে যে, প্রত্যেক গোত্রই মনে করবে- তাদের নিকটবর্তী লোকেরা ধ্বংস হয়ে গেছে।

হযরত আরতাত্ রা. বলেন- সূফিয়ানী কূফায় (ইরাকের একটি শহর) প্রবেশ করবে। তিনদিন পর্যন্ত সে দুশমনদের বন্দীদেরকে সেখানে আটকে রাখবে এবং সত্তর হাজার কূফাবাসীকে হত্যা করে ফেলবে। তারপর সে আঠার দিন পর্যন্ত সেখানে অবস্থান করে তাদের সম্পদগুলি বন্টন করবে। সূফিয়ানীর কূফায় প্রবেশ করার বিষয়টি তুরস্ক এবং পশ্চিমাদের সাথে কারকিসীয়্যা'র ময়দানে যুদ্ধের পর ঘটবে। তাদের মধ্যে একদল খোরাসানে ফেরত যাবে। সূফিয়ানীর সৈন্যবাহিনী আসবে এবং বিল্ডিংগুলো ধ্বংস করে কূফায় প্রবেশ করবে। সে খোরাসানবাসীকে তালাশ করবে। খোরাসানে একটি দলের আবির্ভাব ঘটবে, যারা ইমাম মাহদীর দিকে আহবান করবে। এরপর সূফিয়ানী মদীনার দিকে সৈন্য পাঠিয়ে রাসূলের বংশীয় লোকদেরকে বন্দী করবে। বন্দীদেরকে কূফায় নিয়ে যাওয়া হবে। অতপর মাহদী এবং মানসূর উভয়ে কূফা থেকে পলায়ন করবে। সূফিয়ানী উভয়ের তালাশে সৈন্য প্রেরণ করবে। অতপর যখন মাহদী ও মানসূর মক্কায় পৌছে যাবে, তখন সূফিয়ানীর সৈন্যবাহিনীকে "বাইদা" নামক স্থানে মাটির নিচে ধ্বসিয়ে দেয়া হবে। এরপর মাহদী মক্কা থেকে বের হয়ে মদীনায় যাবেন এবং ওখানকার বনী হাশেমকে মুক্ত করবেন। এমন সময় কালো পতাকাবাহী লোকেরা এসে পানির উপর অবস্থান করবে। কূফায় অবস্থিত সূফিয়ানীর লোকেরা কালো পতাকাবাহী দলের আগমনের সংবাদ শুনে পলায়ন করবে। এরপর মাহদী কূফায় এসে বনী হাশেমকেও মুক্ত করে দেবে। কূফার সম্মানিত লোকেরা বের হবে, যাদেরকে العصب বলা হয়ে থাকে, তাদের কাছে কিছু অস্ত্র-সস্ত্রও থাকবে এবং তাদের মধ্যে বসরা'বাসীদের থেকে একজন লোক থাকবে। অতপর কূফাবাসী সূফিয়ানীর লোকদেরকে ধরে ফেলবে এবং কূফার যেসকল বন্দী তাদের হাতে থাকবে তাদেরকে মুক্ত করবে। পরিশেষে কালো পতাকাবাহী দল এসে মাহদীর হাতে বায়আত গ্রহণ করবে। (আলফিতান- ৮৫০)

মুহাক্কিক আহমদ বিন শুআইব উপরোক্ত হাদিসের সনদকে لا بأس به বলেছেন।

## "বনূ কালব" গোত্র কারা ??

ইমাম মাহদীর বিরুদ্ধে সূফিয়ানীর সাথে তার মিত্র বনূ কালব গোত্রের লোক বেশি থাকবে। বনূ কালব কুযাআ গোত্রের (قبيلة قضاعة) একটি শাখা। জাহিলিয়্যাত যুগে তারা দাওমাতুল জান্দাল, তাবূক, ওয়াদিয়ে কূরা এবং শামের সীমান্তবর্তী এলাকাগুলোতে এসে আবাদ হয়েছিল। বনূ কালব বর্তমান যুগে "الشرارات" (শারারত) নামে প্রসিদ্ধ। যে সকল মুহাক্কিক "শারারত" কে বনূ কালব বলেছেন, তাদের মধ্যে শেখ মুহাম্মদ আলজাছির, শেখ মুহাম্মদ আল বাছছাম তামীমী এবং মাহমূদ শাকের অন্যতম। মাহমূদ শাকের শারারতের বসবাসকে বর্তমান সৌদি আরব সীমান্তে জর্ডানের একটি প্রদেশের নিকটবর্তী "ওয়াদিয়ে ছারহান"কে নির্ধারণ করেছেন। আল্লাম শাকিব আরছালানেরও দাবী যে, বর্তমান বনূ কালবকে "শারারত" বলে আখ্যায়িত করা হয়। এছাড়াও মুহাক্কিকীনদের তালিকায় আল্লামা রুকাস বিন যায়েদ আলআযীযী এবং উস্তায আব্দুল্লাহ বিন কাছেম আন-নাওয়াক উল্লেখযোগ্য। এলাকাটি সৌদী আরবের তাবূক অঞ্চলের নিকটবর্তী জর্ডানের সীমান্তে অবস্থিত। আমেরিকার দাবীর প্রেক্ষিতে সৌদী সরকার জর্ডানের কাছে ঐ এলাকা হস্তান্তর করতে রাজী হয়েছে।

## ইমাম মাহদী আ. এর নিদর্শনসমূহ...

أخبرني أحمد بن محمد بن سلمة العنزي ثنا عثمان بن سعيد الدارمي ثنا سعيد بن أبي مريم أنبأ نافع بن يزيد حدثني عياش بن عباس أن الحارث بن يزيد حدثه أنه سمع عبد الله بن زرير الغافقي يقول : سمعت علي بن أبي طالب رضي الله عنه يقول : ستكون فتنة يحصل الناس منها كما يحصل الذهب في المعدن فلا تسبوا أهل الشام و سبوا ظلمتهم فإن فيهم الأبدال و سيرسل الله إليهم سيبا من السماء فيغرقهم حتى لو قاتلتهم الثعالب غلبتهم ثم يبعث الله عند ذلك رجلا من عترة الرسول الله صلى الله عليه و سلم في اثني عشر ألفا إن قلوا و خمسة عشر ألفا إن كثروا إمارتهم أو علامتهم أمت أمت على ثلاث رايات يقاتلهم أهل سبع رايات ليس من صاحب راية إلا و هو يطمع بالملك فيقتتلون و يهزمون ثم يظهر الهاشمي فيرد الله إلى الناس ألفتهم و نعمتهم فيكونون على ذلك حتى يخرج الدجال

هذا حديث صحيح الإسناد و لم يخرجاه. تعليق الذهبي في التلخيص : صحيح (مستدرك حاكم: 8658)

অনুবাদ- হযরত আলী রা. হতে বর্ণিত, তিনি বলেন- শেষ যমানায় এমনভাবে ফেতনা প্রকাশ হতে থাকবে, যেমনভাবে কোন খনি থেকে স্বর্ণ প্রকাশ হতে থাকে। তোমরা শামবাসীকে দূষারোপ করিওনা; বরং তাদের অনিষ্ট ব্যক্তিদেরকে দূষারোপ কর। কেননা, তাদের মধ্যে "আবদাল" রয়েছে। অচিরেই তাদের উপর আল্লাহ পাক আসমান থেকে "সয়লাব" বর্ষন করবেন, ফলে তাদের একতা নিমজ্জিত হয়ে যাবে। (তারা এমন দুর্বল হয়ে পড়বে যে,) যদি তাদের উপর শিয়ালপালও আক্রমন করে, তবে তারাও এদের উপর বিজয়ী হবে। এমন সময় আল্লাহ পাক রাসূলে কারীম সা. এর বংশীয় একজন লোককে তিনটি পতাকাবাহী দলের সমন্বয়ে প্রেরণ করবেন। তাদের সৈন্যসংখ্যা কমছেকম- দশহাজার এবং বেশিথেকেবেশি পনের হাজার হবে। তাদের নিদর্শনমূলক ধ্বনি হবে "أمت أمت" (হত্যা কর! হত্যা কর!)। তারা সাতটি পতাকার সমন্বয়ে আসা বাহিনীর সাথে যুদ্ধে করবে। সাতটি পতাকার সমন্বয়ে গঠিত বাহিনীর সাতজন কমান্ডারই নেতৃত্বের লোভে যুদ্ধে করবে। আল্লাহ তা'লা এদের সবাইকে ধ্বংস করে দেবেন। অতপর হাশেমী (মাহদী) প্রকাশ করবে। এরপর আল্লাহ পাক মুসলমানদের পারস্পরিক প্রীতি-ভালাবাসাকে পূণরায় ফিরিয়ে দেবেন। তাদেরকে স্বচ্ছলতা এবং সার্বিক নেয়ামতের মাধ্যমে ভূষিত করবেন। তারা এভাবে জীবপযাপন করতে থাকবে, শেষপর্যন্ত দাজ্জাল আত্মপ্রকাশ করবে।

হাকিম রহ. উপরোক্ত হাদিসের সনদকে সহীহ বলেছেন এবং হাফেয যাহাবী রহ.-ও উনার সাথে একমত পোষন করেছেন।

আলী বিন আব্দুল্লাহ ইবনে আব্বাস রা. বলেন- মাহদী ততক্ষণ পর্যন্ত প্রকাশ হবেনা, যতক্ষণ না সূর্যের সাথে একটি চিহ্ন প্রকাশ হবে।

(مصنف عبد الرزاق، ج:11 ص:373- جامع معمر ابن راشد، ج:4 ص:132-الفتن نعيم بن حماد:905)

মুহাক্কিক আহমদ বিন শুআইব হাদিসটির সনদকে لا بأس به বলেছেন।

হাকাম বিন নাফে' - জাররাহ রহ. হতে, জাররাহ - আরতাত্ রহ. হতে বর্ণনা করেন। আরতাত্ রহ. বলেন- লোকেরা যখন মীনা ও আরাফা'তে অবস্থান করবে এবং মানুষ গোত্রে গোত্রে বিভক্ত হয়ে পড়বে। তখন একজন ঘোষকের ঘোষনা ভেসে আসবে- "শোন! তোমাদের আমীর হচ্ছেন অমুক ব্যক্তি।" অতপর দ্বিতীয় আরেকটি কন্ঠ ভেসে আসবে- " না! বরং সে (প্রথম ঘোষক) মিথ্যা বলেছে।" অতপর পূণরায় আরেকটি ঘোষনা আসবে- "খবরদার! অবশ্যই সে সত্য বলেছে।" অতপর উভয় দলের মধ্যে প্রচন্ড লড়াই হবে। তারা (যুদ্ধের মধ্যে) ঘোড়ার যীনকে অস্ত্র হিসেবে ব্যবহার করবে। এরাই হচ্ছে যীনধারি লস্কর। এসময় তোমরা আকাশে কিছু চিহ্নিত নিদর্শন প্রত্যক্ষ করবে। মারাত্মক যুদ্ধ হবে- শেষপর্যন্ত হকপন্থীদের মধ্যে শুধু বদর যুদ্ধের সেনাসংখ্যা (৩১৩) পরিমাণ লোক অবশিষ্ট থাকবে এবং তারা সেখান থেকে ফিরে এসে ইমাম মাহদীর কাছে এসে বায়আত হয়ে যাবে।

মুহাক্কিক আহমদ বিন শুআইব হাদিসটির সনদকে لا بأس به বলেছেন।

হযরত আলী রা. বলেন যে, নবী করীম সা. বলেছেন- মাহদীর ভেতরে আল্লাহ পাক একরাতের মধ্যেই (নেতৃত্বের) যোগ্যতা প্রদান করে দেবেন। (আল্লাম আলবানী রহ. একে সহীহ বলেছেন, দ্রষ্টব্য- সহীহুল জামে':- ৬৭৩৫)

নবী করীম সা. বলেন- হিরাকল (হারকিউলিস) এর সন্তানদের পঞ্চম স্তরের যুগে মারাত্মক সব যুদ্ধ সংঘটিত হবে। রোমে হিরাকলের শাসন ছিল। এরপর তার পূত্র কুস্তা বিন হিরাকল, এরপর তার পূত্র কুস্তানতীন (Constantine) বিন কুস্তা, এরপর তার ছেলে ইস্তাফান বিন কুস্তানতীন শাসক হবে। অতপর রোমের বাদশাহী হিরাকলের সন্তানদের থেকে বের হয়ে "লিয়ন" (Lyon) পরিবারের কাছে চলে যাবে। পরিশেষে হিরাকলের পঞ্চম সন্তানদের মাঝে পূণরায় নেতৃত্ব ফিরে আসবে। আর তখনই বিশ্বযুদ্ধ সংঘটিত হবে। (আলফিতান- নুআইম বিন হাম্মাদ-১২২৩)

হাদিসটির সনদ মুরসাল।

রোমে হারকিউলিসের (Hercules) শাসনকাল ৬১০ থেকে ৬৪১ খৃষ্টাব্দ পর্যন্ত ছিল।

নবী করীম করীম সা. বলেন- আমার উম্মতের মধ্যে একটি দল বসরা (ইরাকের শহর) নামক স্থানে এসে উপনীত হবে। ওখানে তাদের সংখ্যা এবং বিদ্রোহ প্রচুর পরিমাণে হতে থাকবে। এরপর বনূ কানতূরা আসবে। ঐ সময় মুসলমান তিনটি দলে বিভক্ত হয়ে যাবে :- একদল উটের লেজ ধরে মরুভূমিতে চলে যাবে এবং ধ্বংস হয়ে যাবে। দ্বিতীয় দল নিজেদের জান বাঁচাতে গিয়ে বসে যাবে এবং কাফের হয়ে যাবে। এই দল এবং প্রথম দল সমান শাস্তির যোগ্য হবে। আর তৃতীয় দল পরিবারকে পেছনে ফেলে ময়দানে চলে আসবে।

সুতরাং তাদের নিহতরাই জান্নাতে যাবে এবং এদের অবশিষ্টদের হাতেই আল্লাহ তা'লা মুসলমানদের বিজয় দান করবেন। (মুসনাদে আহমদ-২০৪৭৫)

বর্তমান ইরাক যুদ্ধেও বসরার অবস্থান খুবই গুরুত্বপূর্ণ পর্যায়ে রয়েছে।

নবী করীম সা. বলেন- যখন বিশ্বযুদ্ধ শুরু হয়ে যাবে, তখন দামেস্ক থেকে আযাদ করা গোলামদের একটি সৈন্য বের হবে। তারা সমস্ত আরবের মধ্যে সুদক্ষ অশ্বারোহী এবং শক্তিশালী অস্ত্রের অধিকারী হবে। আল্লাহ তা'লা তাদের মাধ্যমে দ্বীনকে মজবুত করবেন। (আলফিতান- নুআইম বিন হাম্মাদ-১২৩৩)

হাদিস নং-২৭৭৭ এ "হাসান" বলেছেন। السلسلة الصحيحة আল্লামা নাসিরুদ্দীন আলবানী রহ. হাদিসটিকে

عن أبي ثعلبة الخشني رضي الله عنه رجل من أصحاب النبي صلى الله عليه وسلم قال: إذا رأيت الشام مأدبة أو مائدة رجل من أهل بيته ، فعند ذلك فتح القسطنطينية. وأظن ابن وهب قال: مائدة . (الفتن ، لنعيم بن حماد:1249 ، رواه أحمد والطبراني في المعجم الكبير ، والحاكم في المستدرك. وقال الهيثمي في مجمع الزوائد: رواه أبو داود منه طرفا ، ورواه أحمد ورجاله رجال الصحيح.

হযরত আবূ ছা'লাবা রা. (নবী করীম সা. এর প্রসিদ্ধ সাহাবী) হতে বর্ণিত, তিনি বলেন- যখন তোমরা দেখবে যে, শামে নবী করীম সা. এর বংশীয় একজন ব্যক্তির জন্য দস্তরখানা তৈরী হয়েছে (মাহদীর নেতৃত্বে মুসলমানগণ সেখানে একত্রিত হয়েছে) তখনই কুস্তানতীনিয়্যা বিজয় হবে। (বর্ণনাকারী বলেন) আমার ধারনা যে, ইবনে ওয়াহব "দস্তরখানা" শব্দই ব্যবহার করেছেন।

নবী করীম সা. বলেন- হিরাকল (হারকিউলিস) এর সন্তানদের পঞ্চম স্তরের যুগে মারাত্মক সব যুদ্ধ সংঘটিত হবে। যার নাম হবে "طبر" অর্থাৎ তাবারাহ। (আলফিতান- নুআইম বিন হাম্মাদ-১২৮০)

হাদিসটির সনদ মুরসাল।

হাছছান বিন আতিয়্যাহ রা. বলেন- ছোট যুদ্ধের সময় (الملحمة الصغرى) রোমক বাহিনী জর্ডানের সীমান্তবর্তী এলাকা এবং বাইতুল মুকাদ্দাস আয়ত্ব করে নেবে। (আলফিতান- নুআইম বিন হাম্মাদ-)

মুহাক্কিক আহমদ বিন শুআইব হাদিসের সনদকে لا بأس به বলেছেন।

# দাজ্জাল কোনই ক্ষতি করতে পারবেনা

বিগত অধ্যায়ে আপনি দাজ্জাল এবং তার শক্তি-সামর্থ্যের ব্যাপারে পড়ে এসেছেন। অবশ্যই তার ফেতনাটি পৃথিবীর ইতিহাসে মারাত্মক ও ভয়ানক এক ফেতনা। সুতরাং প্রতিটি মুসলমানের এথেকে বাঁচার ফিকির করা উচিত। যে মুসলমান নবী করীম সা.এর বাতানো পন্থায় আমল করে যাবে, দাজ্জাল তার কোনই ক্ষতি করতে সক্ষম হবেনা। ঐ সকল পন্থাসমূহের মধ্যে- সূরায়ে কাহফের প্রাথমিক আয়াতসমূহ (নিয়মিত) তেলাওয়াত করা, দাজ্জাল আত্মপ্রকাশ করে ফেললে তার বিদ্রোহ করা, তার বিরুদ্ধে যুদ্ধকারীদের দলে শরীক হয়ে যাওয়া, সামনে এসে গেলে তার মুখে থুথু মেরে দেয়া... ইত্যাদি ইত্যাদি।

عن أبي قلابة عن رجل من أصحاب النبي صلى الله عليه وسلم ، عن النبي صلى الله عليه وسلم قال: إن من بعدكم أو من ورائكم الكذاب المضل ، وإن رأسه من ورائه حبكا حبكا ، وإنه سيقول : أنا ربكم ، فمن قال كذبت ! لست بربنا ، ولكن الله ربنا ، عليه توكلنا ، وإليه أنبنا ، ونعوذ بالله منك ، فلا سبيل له عليه.

(مسند أحمد بن حنبل : 23534 ) قال المحقق شعيب الأرنؤوط : إسناده صحيح ، رجاله ثقات ، رجال الشيخين غير صحابيه.

হযরত আবূ ক্বিলাবা রা. (রাসূলে কারীম সা. এর প্রখ্যাত সাহাবী) হতে বর্ণিত, নবী করীম সা. বলেন- অবশ্যই তোমাদের পেছনে (পরে) একজন পথভ্রষ্টকারী মিথ্যুক আত্মপ্রকাশ করবে। তার (নিদর্শন) মাথার পেছন দিকের চুল বাধা বাধা হবে। সে দাবী করবে যে, "আমি তোমাদের প্রভু!"। সুতরাং যে ব্যক্তি তার দাবী শুনে বলল যে, "তুই মিথ্যা দাবী করছিস!! তুই আমাদের প্রভূ নস!! বরং আমাদের প্রভূ হচ্ছেন মহান আল্লাহ পাক রাব্বুল আলামীন। আল্লাহর উপরই আমরা ভরসা করি। আল্লাহর দিকেই আমরা ফিরে যাব। আল্লাহর কাছেই তোর অনিষ্টতা থেকে আশ্রয় প্রার্থণা করি। (রাসূল) বলেন- যে একথা বলে দেবে, দাজ্জাল তাকে কিছুই করতে পারবেনা।

এই হচ্ছে ইহুদীদের মিথ্যা কানা খোদা, যে আল্লাহর উপর ভরসাকারীদেরকে কোনই ক্ষতি করতে পারবেনা। মানবতার জন্য কুলক্ষণ এ দাজ্জালকে প্রকাশ করার জন্য অভিশপ্ত ইবলিস হাজারো বৎসর ধরে তাকে প্রস্তুত করছে। পৃথিবীর বুকে তার আগমনের জন্য যমিনকে ফেতনা ফ্যাসাদে ভরে দিয়েছে। নিরপরাধ শিশুকিশোরদের তরতাজা লাশগুলোকে মায়েরা স্বহস্তে দাফন করেছে। কোমলমতি বোনদের আখিঁ তার ভাইদের জন্য ক্রন্দন করেছে। ইরাকের দাজলা (টাইসিস) ও ফুরাত (ইউফ্রেটিস) নদীর পানি বন্ধ করে তাতে আবূ বরক-উমরের স্থলাভিষিক্তদের রক্ত প্রবাহিত করেছে। এই কানা দাজ্জালের পথ পরিস্কার করার জন্য আফগান জাতিকে নির্বংশ করার প্রচেষ্টা করেছে। ইবলিস পূজারীরা দাজ্জালের জন্য বিশ্বময় এক অনিষ্টকর পরিবেশ সৃষ্টি করেছে। দাজ্জালবিরোধীদের জন্য দুনিয়ার সীমানাকে সংকীর্ণ করে দিয়েছে। দাজ্জালবাহিনী এদের নির্মূল করতে পাহাড়ের গর্তে পর্যন্ত ধাওয়া করেছে। কানা দাজ্জাল, তার শক্তিশালী বাহিনী (মুনাফিকীন, ইহুদী, হিন্দু, খৃষ্টসজ্জে সজ্জিত ইহুদী গ্রুপ এবং মুসলিম মুনাফিক শাসকবর্গ) সবাই এদেরকে পৃথিবীর বুক থেকে নিশ্চিহ্ন করে দিতে চায়। কিন্তু তাদের এ প্রচেষ্টা ব্যর্থতায় পর্যবশিত হবে এবং লাঞ্ছনার যন্ত্রণাদায়ক পিলক তাদের চেহারায় ঠুকে দেয়া হবে ইনশাআল্লাহ!!

এই হচ্ছে অভিশপ্ত... মানবতার চিরশত্রু... উন্নতির পথে আহবানকারী ও মডার্নাইযেশান ইসলামপন্থীদের মিথ্যা খোদা- যে অতিসত্বর নিরাশ্রয় হয়ে পড়বে। তার সকল স্যাটেলাইট পদ্ধতি, রাসায়ণিক টেকনোলোজী, জাতিসংঘ, ন্যাটো ও নন ন্যাটো বাহিনী, আইএমএফ, বিশ্বব্যাংক, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ঐ সকল ইহুদী সম্প্রদায়- যারা যুগ যুগ ধরে এ মিথ্যা খোদার জন্য সর্বস্ব ত্যাগ স্বীকার করে যাচ্ছে- এ জাতীয়

সবকিছু ঈসা আ. ও ইমাম মাহদীর মুজাহিদীনের হাতে কুকুর-বিড়ালের মত নিহত হবে ইনশাআল্লাহ!!

দুনিয়ার মুকুটহীন বাদশা রক ফ্যালার, রথ শিল্ড, মরগান, আগাখান এবং আরবে লুকায়িত ইহুদীদের সকলকেই দৃষ্টান্তমূলকভাবে ডাষ্টবিনের ময়লায় ছটফট করতে দেখা যাবে। ভূ-পৃষ্ঠ তাদেরকে ধারণ করে নিজেকে ছোট মনে করছে। সত্য খোদার সত্য নবী বলে গেছেন- وهو أهون على الله "সে (দাজ্জাল) আল্লাহ তা'লার জন্য খুবই সামান্য বিষয়"। তিনি আরো বলেছেন-

"لا تزال طائفة من أمتي يقاتلون على الحق ظاهرين على من ناوأهم حتى يقاتل آخرهم المسيح الدجال.

"আমার উম্মতের মধ্যে একটি দল সর্বদায় সত্যের পথে যুদ্ধ করে যাবে, তারা শত্রুদের উপর সবসময় বিজয়ী থাকবে এবং তাদের সর্বশেষ দলই মাছীহুদ দাজ্জালকে হত্যা করবে।" (আবূ দাউদ)

রাসূলে কারীম সা. এ যুদ্ধের নকশাও পর্যন্ত বর্ণনা করে গেছেন- তিনি বলেন-

لا تقوم الساعة حتى يقاتل المسلمون اليهود ، فيقتلهم المسلمون ، حتى يختبي اليهود من وراء الحجر والشجر ، فيقول الحجر والشجر: يا مسلم! هذا يهودي ورائي ، فتعال! فاقتله ، إلا الغرقد ، فإنه من شجر اليهود. (صحيح المسلم:2922)

"কেয়ামত ততক্ষণ পর্যন্ত আসবেনা, যতক্ষণ না মুসলমানগণ ইহুদীদের সাথে যুদ্ধ করবে। ঐ যুদ্ধে মুসলমানগণ ইহুদীদেরকে গণহারে হত্যা করবে। এমনকি ইহুদীরা (মুসলমানদের ভয়ে) পাথর/বৃক্ষের পেছনে আত্মগোপন করবে। পাথর/বৃক্ষ মুসলমানদের ডেকে বলতে থাকবে, "হে মুসলিম! আমার পেছনে ইহুদী আত্মগোপন করেছে! এখানে এসে তাকে হত্যা কর!" একমাত্র "গারকাদ" বৃক্ষ একথা বলবেনা। কারণ, এটি হচ্ছে ইহুদীদের বৃক্ষ।

"গারকাদ" হচ্ছে কাঁটাযুক্ত ঝাড় গাছ, যা অনুর্বর ভূমিতে এমনিতেই জন্ম হয়ে থাকে। গাছটি প্রাচীন যুগ থেকেই মানবতার জন্য ক্ষতিকর হিসেবে চিহ্নিত। একে বর্তমানে ইহুদীদের পক্ষ থেকে বিশ্বব্যাপী গণহারে রোপন করা হচ্ছে। "গারকাদ" দুই প্রকারের হয়ে থাকে। একপ্রকার হচ্ছে- যাকে ইংরেজীতে লাইসিয়াম (Lycium) আর দ্বিতীয় প্রকারকে "নাইট্রেরিয়া রিটোসা" (Nitraria retusa) বলা হয়ে থাকে। ইসরায়েল কর্তৃক ভারতকে এজাতিয় বৃক্ষরোপন কর্মসূচীর প্রস্তাব করা হয়েছিল। দ্বিতীয় প্রকারটিও শক্ত খরভূমিতে উৎপন্ন হয়ে থাকে। এর দৈর্ঘ্যতা আড়াই মিটার (2.5m) পর্যন্ত হয়ে থাকে। সাধারণত তা এক মিটারের নিচে খুব কমই হয়ে থাকে।

*গারকাদ বৃক্ষের নমুনা*

বৃক্ষ বিশেষজ্ঞগণ যদিও দ্বিতীয় প্রকারটিকে "গারকাদ"ই বলেছেন। কিন্তু তাওরাত (ইহুদীদের ধর্মীয় গ্রন্থ) এর "سفر قضاة" অধ্যায়ে যে গারকাদের কথা বলা হয়েছে এবং ইহুদীরাও যেটাকে তাদের আশ্রয়স্থল মনে করে থাকে, সেটা হচ্ছে লাইসিয়াম (Lycium) । আরবী ভাষায় এটাকে "العوسج" বলা হয়। (ছফর আল-কুযাত, সূত্র-ইনসাইক্লোপেডিয়া/উইকেপিডিয়া)

ইহুদীরা বিশ্বজুড়ে এ বৃক্ষটিকে রোপন করার জন্য বিরাট কর্মসূচী হাতে নিয়েছে। যাতে মূলসময়ে তারা এজাতিয় বৃক্ষের পেছনে আশ্রয় নিয়ে নিজেদেরকে মৃত্যুর হাত থেকে রক্ষা করতে পারে। কিন্তু তারা যতই বাঁচার চেষ্টা করুক, যতই কর্মসূচী গ্রহণ করুক... আল্লাহ তা'লার হাত থেকে তো আর বাঁচতে পারবেনা। বিশ্বকে তারা যতই ধোকায় ফেলে দিক... ঐ প্রভূকে তারা কিভাবে ধোকা দেবে- যিনি মানুষের শাহরগের থেকেও বেশি নিকটবর্তী, মানুষের অন্তরজামী, যিনি বিশ্ব সৃষ্টির পূর্বেই সার্বিক ঘটনাবলীর রিপোর্ট লিপিবদ্ধ করে রেখেছেন। পাহাড়ের গহীন অন্ধকার গর্তে, বারমুডা ট্রাইএঙ্গেলের ভেতরে, ভয়ংকর শয়তানী সমুদ্রের ঘটনাবলী এবং আসফাহানের গোপন রহস্যাবলীর পাশাপাশি পেন্টাগন, ক্যাম্প ডিয়োড ও ইসরায়েলী পার্লামেন্টে গ্রহণকৃত ষড়যন্ত্রমূলক সিদ্ধান্তসমূহের জ্ঞান রাখেন।

ঐ সর্বজ্ঞানী সর্বশ্রোতা এটাও জানেন যে, সুইডেনের মত নিরাপদ রাষ্ট্রেও ইহুদীরা দাজ্জালের জন্য কি কি প্রস্তুতি গ্রহণ করেছে!! ওখান থেকে ইসলামী বিশ্বের বিরুদ্ধে জাদুময় প্রতিক্রিয়াগুলি কিভাবে ছড়ানো হচ্ছে!! সুইজারল্যান্ডের মত মনমোগ্ধকর দেশের রক্ষীগণ নিজেদের ভেতরে কিরূপ ষড়যন্ত্র গোপন করে রাখছে!! ঐ সত্তা তাদের প্রতিটি কথা, প্রতিটি পদক্ষেপ, প্রতিটি সিদ্ধান্ত এবং প্রতিটি ষড়যন্ত্রের ব্যাপারে সম্যক জ্ঞান রাখেন। পাশাপাশি তিনি তার প্রিয় বান্দাদেরকেও হেফাজত করা থেকে বিমুখ হয়ে যাননি, যারা একমাত্র তার সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে সর্বস্ব ত্যাগ স্বীকার করেছে। যেমননাকি রাসূলে আরাবী সা. ইবনে সাইয়াদ (ابن صياد) কে উদ্দেশ্য করে বলেছিলেন- "তুই তোর নির্ধারিত সময়ের পূর্বে কিছুই করতে পারবিনা!!", ঠিক তেমনি ইহুদীদের সকল প্রচেষ্টা, সার্বিক ষড়যন্ত্র এবং মরণপণ কর্মসূচীগুলোও নির্ধারিত সময়ের আগে চলে যেতে পারবেনা।

সেদিন সকলেই ব্যর্থ হয়ে যাবে, যাকে উদ্দেশ্য করে ইহুদীরা অপেক্ষার প্রহর গুণছে। বিশ্বব্যাপী এ যুদ্ধ তাদের প্রত্যাশা এবং আফসোসকে এমনভাবে উড়িয়ে নিয়ে যাবে, যেমন প্রবল বাতাস এসে ধুলাবালিকে উড়িয়ে নিয়ে যায়। মুজাহিদীনের মাথার উপর দয়াশীল ঐ সকল পন্ডিতগণ তখন কোথায় গিয়ে আশ্রয় নেবে,

যখন মুজাহিদীনের পায়ের নিচে এসে তাদের মস্তকগুলি প্রাণ ভিক্ষা চাইতে থাকবে। সেদিন খুব বেশি দূরে নয়!! কিন্তু ইসলামের শত্রুদের এতসব প্রস্তুতি দেখেও মুসলমানদেরকে কি স্বীয় দায়িত্বের কথা ভুলে গিয়ে নিজেদের ব্যক্তিগত জীবনে ডুবে যাওয়া উচিত ????!!

ভবিষ্যতের আসান্বিত এ ভয়ানক মেঘের কালো কুন্ডলীগুলো স্বচক্ষে প্রত্যক্ষ করা সত্তেও প্রত্যেকেরই একই চিন্তা যে, আমি আমার কাজ নিয়ে ব্যস্ত থাকি। ধর্ম-ও যাতে হাত থেকে ফসকে না যায় এবং উঁচা বিল্ডিংগুলো-ও ভেঙ্গে না পড়ে। তাহলে কি এমনটি কখনো সম্ভব যে, আল্লাহ তা'লাও সন্তুষ্ট হবেন পাশাপাশি ইবলিসও অসন্তুষ্ট না হয় ??!! এটা কি সম্ভব যে, ইবলিসের বানানো জীবনব্যবস্থার বিরুদ্ধাচারণ না করেই "লা ইলাহা ইল্লাল্লাহ"এর দ্বীন বিশ্বব্যাপী বিজয় হয়ে যাবে ??!! আমাদের নফসগুলো আমাদেরকে কিরূপ ধোকায় ফেলে দিয়েছে যে, আল্লাহর শত্রুদের বিদ্রোহ করা ছাড়াই আমরা আল্লাহর নৈকট্যশীল হয়ে যাবো!! কি করে সম্ভব যে, আমরা আল্লাহ তা'লার শত্রুদের ভয়-ও করবো পাশাপাশি নিজেদেরকে মুত্তাকীন (খোদাভীরু)দের অন্তর্ভূক্ত বলে দাবী করব ??!!

বর্তমান সময়ে যদি কেউ পরিস্থিতি সম্পর্কে সম্পূর্ণই অজ্ঞ থাকে, তবে তার ব্যাপারটি ভিন্ন! কিন্তু ঐ সকল মুসলমান, যারা পরিস্থিতি সম্পর্কে অবহিত, তারা কিভাবে বসে থাকতে পারে!! পরিস্থিতি এতই নাজুক পর্যায়ে পৌছেছে যে, প্রত্যেক মুসলমানের ঈমানের সীমানায় বাঘ এসে বসে রয়েছে, মানবেতিহাসের ভয়ানক ফেতনা স্বীয় মাথা উন্মোচন করে সমস্ত মানবতাকে গিলে ফেলার প্রস্তুতি গ্রহণ করছে। এখনও যদি জাগ্রত হওয়ার সময় না এসে থাকে, তবে মনে রাখবেন- ইসরাফীলের শিঙ্গায় ফুৎকার ছাড়া অন্যকেউ আপনাদেরকে জাগাতে পারবেনা। কুরআন-হাদিসের আলোকে এ মহা ফেতনা থেকে নিজেকে সামলানোর একটিই পন্থা, আর সেটা হচ্ছে- দুনিয়ার মহব্বতকে অন্তর থেকে বের করে আল্লাহর মহব্বত সৃষ্টি এবং আল্লাহর সাথে সাক্ষাতের বিষয়টিকে হৃদয়ের মনিকোঠায় স্থান দেয়া, এ জন্য আমরণ চেষ্টা করে যাওয়া। তার জন্য আল্লাহ পাক তার হাবীব রাসূলে আরাবী সা. কে যে পন্থা বা আদর্শ প্রদান করেছেন, সেটিই অনুসরণীয়। আল্লাহ পাক একমাত্র সে আদর্শটিকেই সর্বশেষ স্থায়ী আদর্শ হিসেবে উম্মতে মুহাম্মদীর জন্য নির্ধারণ করে দিয়েছেন। কেননা, নবী করীম সা. এর উপর এ দ্বীন পূর্ণাঙ্গ জীবনাদর্শ হিসেবে পরিপূর্ণতা লাভ করেছে। সুতরাং রাসূলে আরাবী সা.এর পর যদি কোন মিথ্যা নবী এসে কোন ফরয বিষয়কে রহিত বা তাতে কোনপ্রকার অপব্যাখ্যা করে নিজের পক্ষ থেকে শর্তাবলী আরোপ করার কুপ্রচেষ্টা করে, তাহলে রাসূলে আরাবী সা. এর উম্মতগণ তার মুখে থুথু মেরে প্রত্যেক ঐ পদক্ষেপকে নির্মূল করে দেবে, যা কোরআন-হাদিসের সাথে সংঘর্ষ সৃষ্টি করে।

হে ঈমানদারগণ! বিশ্বব্যাপী দৃশ্যমান এ পরিস্থিতি -গোপনে হোক বা প্রকাশ্যে- প্রত্যেক ঐ ব্যক্তির জন্য জাগ্রত হওয়ার বার্তা বহন করছে, যারা পৃথিবীর এ চাকচিক্য ও অহংকার চিরস্থায়ীভাবে এভাবেই বাকী থাকবে বলে ধারণা করছে। অথচ কিছুই বাকী থাকবেনা। সূরায়ে কাহফের প্রাথমিক আয়াতসমূহে ঈমানদারদেরকে আল্লাহ এ শিক্ষাই প্রদান করেছেন- "নিশ্চয় বিশ্বময় আমি যে সৌন্দর্য ও চাকচিক্য সৃষ্টি করেছি, তা এজন্য যে- এর মাধ্যমে আমি পরীক্ষা করছি -কে পূণ্যের কাজে লিপ্ত হয় আর কে অনিষ্টে লিপ্ত হয়- অবশ্যই যমিনের উপর যা কিছু রয়েছে, সবগুলোকে আমি এক চাটিয়াল ময়দানে পরিবর্তন করে দেব"। (সূরায়ে কাহফ)

একারণেই নবী করীম সা. উম্মতকে দাজ্জালের সামনে এ আয়াতগুলো পাঠ করার শিক্ষা দিয়েছেন- "তোমাদের মধ্যে যার সামনেই দাজ্জাল এসে উপস্থিত হবে, তার উচিত- দাজ্জালের মুখে থুথু মারা এবং সূরায়ে কাহফের প্রাথমিক আয়াতসমূহ পাঠ করা। (তাবরানী-হাকেম)

অপর একটি বর্ণনায় দাজ্জালের সংবাদ শুনলে পলায়ন করার কথা বলা হয়েছে। রাসূল বলেন- "তোমাদের মধ্যে যদি কেউ দাজ্জাল আগমনের সংবাদ শুন, তবে তার থেকে দূরে পলায়ন করিয়। কেননা, আল্লাহ শপথ! মানুষ নিজেকে ঈমানদার ভেবে দাজ্জালের সামনে আসবে, কিন্তু এরপরও (দাজ্জালের

অলৌকিক বিষয়াবলী দেখে) তার অনুসরণ করে বসবে"। (আবূ দাউদ-তাবরানী)

দাজ্জাল থেকে কতটুকু দূরে পলায়ন করা উচিত, তাও নবী করীম সা. বলে গেছেন- "মানুষেরা দাজ্জালের ভয়ে ঈমান রক্ষায় এ পরিমাণ পলায়ন করবে যে, দূরের পাহাড়ে গিয়ে আশ্রয় নেবে। (সহীহ মুসলিম)

সুতরাং দাজ্জালের ফেতনা হতে বাঁচার দু'টিই পন্থা। এক- দাজ্জালের বিরুদ্ধে সম্মুখ বিদ্রোহ করা অর্থাৎ সামনে আসলে চুপ না থেকে তার মুখে থুথু মেরে দেয়া। যদি এমনটি করার সাহস না হয়, তবে দাজ্জালের আয়ত্বাধীন এলাকাসমূহ ছেড়ে এমন এলাকায় গিয়ে আশ্রয় নেয়া, যেখানে দাজ্জালকে খোদা বলে মেনে নেয়া হয়নি। আল্লাহর সাথে যার যে পরিমাণ মহব্বত থাকবে, সে আল্লাহর শত্রুদের ততই ঘৃণার দৃষ্টিতে দেখবে। সুতরাং যে ব্যক্তি আল্লাহর সাথে বেশি মহব্বতকারী হবে, অবশ্যই সে দাজ্জালের বিরুদ্ধে নিজের ঘরবাড়ী, ধনসম্পদ, ইজ্জত-আব্রু এমনকি জান পর্যন্ত কুরবানী করতে প্রস্তুত থাকবে। সুতরাং বর্তমান সময়েও যারা আল্লাহর জন্য জান কুরবান করতে প্রস্তুত রয়েছেন, তাদের জন্যই এ সুসংবাদ বর্ণিত হয়েছে :-

"যারা দাজ্জাল বা তার সহকারী লোকদের হাতে শহীদ হবে, তাদের কবরগুলি অমাবস্যার মত গভীর অন্ধকার রাতেও উজ্জল হয়ে চমকাতে থাকবে। তারাই আল্লাহ তা'লার কাছে শ্রেষ্ঠ শহীদ হিসেবে বিবেচিত হবে।" (আলফিতান-নুআইম বিন হাম্মাদ)

উপরে আপনি যা কিছু পড়েছেন, এসবই হচ্ছে ইবলিস এবং দাজ্জালের প্রস্তুতি। কিভাবে সে দুনিয়া থেকে হক্বকে নিশ্চিহ্ন করে বাতিলের সাম্রাজ্য প্রতিষ্ঠা করবে!! ইবলিস ও দাজ্জালের শক্তিগুলো দেখুন এবং বিপরীতে আল্লাহর সৈন্যদের দিকে তাকান...। এরপরও মাটিকামড়ে থাকা কতিপয় "আল্লাহ পাগল" বিশ্বের বিভিন্ন প্রান্তে থেকে হক্বের হয়ে লড়াই করে যাচ্ছে। নিয়মিতভাবে দাজ্জালের কর্মসূচীগুলোকে মাটির সাথে মিশিয়ে দিচ্ছে। তারা দাজ্জালী কর্মসূচীগুলোতে এমনভাবে পানি মেরে দেয়, যেমন ছোট শিশুদের বানানো খেলনা মাটির ঘরকে কোন ব্যক্তি হেটে যাওয়ার সময় মাটির সাথে মিশিয়ে দিয়ে যায়। এহেন পরিস্থিতিতে দাজ্জালী শক্তিগুলোর পক্ষ থেকে তো তাদের বিরুদ্ধে অনেক কিছু প্রচার করা হবেই, কলামিষ্টদের কলম থেকে দাজ্জালের প্রতিরক্ষায় হরেক রকমের রচনা প্রস্তুত হবেই..!! অবশ্যই দাজ্জাল এবং তার অনুসারীদের জন্য মুজাহিদীন খারাপ লাগবেই যে, তারা এখনো কাবাবের হাড্ডি হয়েই রয়েগেছে। কিন্তু আমাদের পক্ষ থেকে তাদের প্রতি কোনই অভিযোগ নেই যে, স্বীয় প্রচেষ্টাকে তারা প্রকাশ্যে দাজ্জালের অনুসরন করার জন্য বেছে নিয়েছে। সুতরাং হাশরের ময়দানে দাজ্জালের যে পরিস্থিতি হবে, তাদের-ও একই পরিস্থিতি হবে। কিন্তু হক্বপন্থীদের এখনই জাগ্রত হতে হবে। রাসূলে কারীম সা.এর উম্মতের কাতারে এখনই নিজের স্থানটি পাকা করে নিতে হবে।

যুদ্ধ চলছে... লম্বা এক যুদ্ধ... এমন যুদ্ধে লাভ-লোকসান এতটা গুরুত্বপূর্ণ হয়না; বরং আসল পরীক্ষাটি শক্তি, সাহস, সামর্থ্য ও দৃষ্টিভঙ্গির উপর বিশ্বাসকে কেন্দ্র করে হয়।

আসুন! দাজ্জালের মুকাবেলায় লড়াইকারী এ সৈন্যদলের ব্যাপারে জ্ঞাত হয়ে নিজের ঈমানকে তাজা করে নিন!! নিজেও তাদের মধ্যে শরীক হওয়ার দৃঢ় অঙ্গীকার করুন!! আপনিও মুহাম্মদ সা. এর উম্মতের একজন গুরুত্বপূর্ণ সদস্য... নিজের দায়িত্ববোধ সম্পর্কে অবগত হোন...। দাজ্জাল আমাদের সকলেরই শত্রু... দ্বীনের শত্রু... দেশের শত্রু... ঘরবাড়ীর শত্রু... ধনসম্পদ-ব্যবসা-বাণিজ্যের শত্রু... আমাদের সন্তানদের শত্রু...।

আসুন!! আসুন!! ময়দান আপনাকে আহবান করছে...। এগিয়ে যান!! চিরস্থায়ী জান্নাতের চিরসুন্দরী হুরেরা আসল ঠিকানার দিকে আপনাকে আহবান করছে...। এসো...। এগিয়ে এসো...।

# আমেরিকা এবং তালেবান... বর্তমান পরিস্থিতি

আজ থেকে প্রায় আট বৎসর পূর্বে বসন্তের প্রাথমিক দিনগুলিতে কোন মুজাহিদ কি এ ভবিষ্যদ্বাণীতে বিশ্বাস করেছিল যে, "আমেরিকার সাথে যুদ্ধ করার জন্য আমরা আমাদের মর্জিমত ময়দান নির্বাচন করব, তাদেরকে আমরা পছন্দসই ভূমিতে নিয়ে এসে হত্যা করব।"

ইলেক্ট্রনিক মিডিয়ার জাদুতে বস হওয়া চোখসমূহ, প্রিন্ট মিডিয়ার বন্যায় ভেসে যাওয়া বুদ্ধিজীবী ব্যক্তিবর্গ এমন ভবিষ্যদ্বাণী করাটাকে পাগলের প্রলাপ বা গন্ডমুর্খ ব্যক্তিদের কথা বলে উড়িয়ে দিয়েছিল। বাহ্যিক পরিস্থিতির উপর বিশ্বাসকারীদের চোখ স্বভাবতই ধোকায় পড়ে যাবে। অথচ সে নিজের ব্যাপারে এমন ধারনা পোষন করছে যে, বাস্তবতা পছন্দ করেই সে পরিস্থিতি পর্যবেক্ষন করে থাকে এবং ঐ কথার উপরই সে বিশ্বাস করে- যার ব্যাপারে "মেনে নিয়েছি"-"বিশ্বাস করে ফেলেছি" জাতিয় বাক্য বলা হয়। পাশাপাশি তাদের কথার মাধ্যমে মতানৈক্য সৃষ্টিকারী, নির্বুদ্ধিতা, কান্ডজ্ঞানহীন জাতিয় উপাধি প্রয়োগ করা যেতে পারে। অথচ এসকল গবেষকদেরই পূর্ববর্তী বক্তব্যগুলোকে যদি পূণরায় অধ্যয়ন করা হয়, তবে প্রত্যেক বুদ্ধিমান ব্যক্তিই বলতে বাধ্য হবেন যে, তাদের চেয়ে নির্বোধ, কান্ডজ্ঞানহীন এবং বাস্তবতাবিরোধী আর কেউ নেই। তাদের গবেষণাময় বক্তব্য আর কবিদের রচিত কল্পনাময় কবিতাগুলির মধ্যে কোনই তফাত নেই।

হ্যাঁ... মানুষ যখন সৃষ্টিকর্তা থেকে দূরে সরে যায় এবং অদৃশ্যের মহাজ্ঞানী প্রভূর সাথে সম্পর্ক দুর্বল হয়ে যায়, তখন তার কাছে আর প্রকৃত বাস্তবতা ধরা দেয়না। বরং এমন গবেষক আর বিবৃতি প্রদানকারীদের কাছে নিয়মিত শয়তান উদয় হয়ে অন্তরে কুমন্ত্রণা সরবরাহ করতে থাকে। ফলে তাদের চিন্তা-চেতনা আর দৃষ্টিভঙ্গিগুলো শয়তানের আয়ত্বাধীন হয়ে যায়। পক্ষান্তরে যাদের চিন্তা-চেতনা অদৃশ্যের মহাজ্ঞানী সত্তার রঙে রাঙায়িত থাকে, আল্লাহ তা'লা তাদের দৃষ্টিভঙ্গিসমূহকে সরল ও সঠিক পথে পরিচালিত করে দেন, চায় তাদের পথগুলো যতইনা অন্ধকার, কন্টকাকীর্ণ ও সংকটাপন্ন করে দেয়া হোক।

এটা আজ-কালের কোন নতুন কথা নয়; বরং মানবেতিহাস হক্ব ও বাতিলের যুদ্ধসমূহের তাজা সাক্ষী হয়ে রয়েছে। যেমনিভাবে হক্ব-বাতিলের এ যুদ্ধে বাতিলের পাল্লায় ব্যর্থতা এবং পরাজয় ছাড়া আর কিছুই অর্জিত হয়নি, তেমনি বাহ্যিক পরিস্থিতি আর আসবাবপত্রের উপর বিশ্বাসীরা সর্বদায় ধোকায় পড়ে রয়েছে।

প্রতিটি ব্যক্তির মধ্যে আল্লাহ পাক প্রকাশ্য দু'টি চক্ষু প্রদানের পাশাপাশি অন্তরের ভেতরেও দু'টি চক্ষু প্রদান করেছেন। প্রকাশ্য চোখদ্বয়ের মাধ্যমে সে বাহ্যিক পরিস্থিতি দেখতে পায়, পক্ষান্তরে অন্তর্চক্ষু ঐ সকল বস্তুর অভ্যন্তরে প্রবেশ করে তার প্রকৃত বাস্তবতাকে পরখ করে ফেলে। একারণেই নবী করীম সা. আল্লাহ তা'লার কাছে সবসময় দোয়া করতেন- اللهم أرني الأشياء كما هي। "হে আল্লাহ! আমার চোখে প্রতিটি বস্তুকে তার প্রকৃত চেহারায় দেখার তাওফীক দাও!!

প্রকাশ্য চোখদ্বয়ের অন্ধ ব্যক্তি এতটা দয়ার পাত্র নয়; যতটা অন্তর্চক্ষু অন্ধ ব্যক্তি। কেননা, আপনি অসংখ্য প্রকাশ্য চোখের অন্ধ ব্যক্তিকে দেখবেন যে, সে তার অন্তর্চক্ষুর মাধ্যমে স্বীয় সৃষ্টিকর্তা পর্যন্ত সফলভাবে পৌছে যেতে সক্ষম হয়েছে এবং বাহ্যিক চক্ষুদ্বয় দ্বারা কোন কিছু দৃশ্যমান না হওয়া সত্তেও সে যাবতীয় পাপ কাজ থেকে শুধুমাত্র এ উদ্দেশ্যে বেঁচে রয়েছে যে, তার মহান প্রভূ তো তার যাবতীয় কাজ প্রত্যক্ষ করছেন। পক্ষান্তরে আপনি অসংখ্য প্রকাশ্য চক্ষুস্মান ব্যক্তিদের দেখবেন যে, সবকিছু দেখা সত্তেও তারা নিজেদের স্রষ্টাকে চিনতে সক্ষম হয়নি, মানবতা এবং শয়তানীর মধ্যকার পার্থক্য বুঝে উঠতে পারেনি, মুর্খতা এবং জ্ঞানের মধ্যে তফাত সৃষ্টি করতে পারেনি, কোনটা অন্ধকার কোনটা আলো তারতম্য করতে পারেনি। প্রকাশ্য উজ্জল আলোকিত পথ থেকে মুখ ফিরিয়ে শয়তানের পেছনে পেছনে অন্ধকার পথের দিকে যাত্রা করেছে। তাদের মধ্যে আবার অনেক চিন্তাবীদ, প্রশিক্ষক, বিশেষজ্ঞ, ভাষনদাতা ও উপদেশদাতাকে

আপনি দেখতে পাবেন। এদের মধ্যে আবার ভালো-মন্দ যাচাইয়ে অভিজ্ঞ ব্যবসায়ীদেরকেও আপনার চোখে পড়বে। এটা শুধুমাত্র একারণেই যে, তাদের বাহ্যিক চক্ষুগুলো অক্ষত থাকা সত্তেও অন্তর্চক্ষুগুলো নষ্ট হয়ে গেছে। প্রতিটি বস্তুকে তারা বাহ্যিক রূপ দেখেই বিচার করে ফেলে।

মরুপ্রান্তেরে বসবাসকারী এক সম্প্রদায়; আশপাশে কোন সমুদ্র নেই, যেখানে বন্যা আসারও কোন সম্ভাবনা নেই। এমতাবস্থায় তাদের কোন বিশ্বস্ত ও সত্যবাদী ব্যক্তি যদি বিশালাকারের নৌকা বানানো শুরু করে দেয় আর সর্বসাধারণকে অপেক্ষামাণ মহাপ্লাবন থেকে সতর্ক করতে থাকে, এহেন পরিস্থিতিতে আপনি আন্দাজ করতে পারেন- অন্তর্চক্ষুতে অন্ধ ব্যক্তিবর্গ ঐ ব্যক্তির সাথে কিরূপ আচরণ করবে!! এটাই যে, সবাই তাকে ঠাট্টা-বিদ্রুপ করবে, পাগল বলে তাকে আখ্যায়িত করবে, সমাজের দুষ্ট ছেলেপেলেকে তার পেছনে লাগিয়ে দেবে। এটা কেন ??? শুধুমাত্র একারণেই যে, তাদের মাথায় স্থাপিত দু'টি চোখ চারিদিকে শুধু মরুভূমি প্রত্যক্ষ করছে, অদূরে কোন সমুদ্র বা আশপাশে বড় কোন নদীরও অস্তিত্ব নেই, কখনো কোন প্লাবনের আভাসও সেখানে পাওয়া যায়নি। সমাজের গন্যমান্য (Elite) ব্যক্তিবর্গও ঐ ব্যক্তির কথাকে মিথ্যা বলে উড়িয়ে দিয়েছে। সুতরাং অন্তর্চক্ষুতে অন্ধ ব্যক্তি এই নৌকার বাস্তবতা পর্যন্ত পৌছতে সক্ষম হয়নি। বিপরীতে ঐ সকল লোক যাদের মন-মস্তিস্ক উজ্জল, প্রকাশ্য চোখদ্বয়ের সাথে সাথে অন্তর্চুক্ষু-ও সঠিকভাবে পরিচালিত, পাশাপাশি (সতর্ককারী) ঐ ব্যক্তিটিকেও ভাল করেই চেনে যে, এক হাজার বৎসরের জিন্দেগীতে সে কখনো কারো সাথে মিথ্যা বলেনি, কখনো কারো সাথে বেঈমানী করেনি, প্রত্যেকের মঙ্গল কামনাই তার জীবনের একমাত্র উদ্দেশ্য। এসকল ব্যক্তিবর্গ তার কথাকে অবশ্যই সত্য বলে বিশ্বাস করব- যদিও বাহ্যিক নিদর্শনসমূহ তার বিপরীতেই থাকুক না কেন!!!

ইতিহাস বিচার করবে। সে দুধকে দুধ, আর পানিকে পানি করে পৃথিবীর সামনে তুলে ধরে। সুতরাং পৃথিবীর ইতিহাস সাক্ষী যে, অন্তর্চক্ষুতে অন্ধ ব্যক্তিবর্গ ঐ মহাপ্লাবনে ভেসে গেছে, এমনকি তাদের নাম-নিশানা পর্যন্ত অবশিষ্ট থাকেনি। পক্ষান্তরে দ্বিতীয় স্তরের ব্যক্তিবর্গ মহাবন্যা থেকে রক্ষা পেয়ে তারাই পরবর্তীতে বিশ্বময় মানব বংশ বিস্তারের মাধ্যম হয়েছে। তারা হচ্ছে ঐ স্তরের লোক, যারা (আল্লাহর নবী) হযরত নূহ আ.এর উপর ঈমান এনে নৌকায় আরোহন করে ধন্য হয়েছিল। বিপরীতে নিজেদেরকে বড় ভাবা সমাজের গন্যমান্য চিন্তাবীদ, অধিপতী এবং নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ আমূলে ধ্বংস হয়ে গেছে। তাদের জ্ঞান তাদের কোনই রক্ষা করতে পারেনি। তাদের গবেষণা আর অভিজ্ঞতাগুলো নির্ধারিত প্রতিশ্রুতিকে বিন্দুমাত্র সরাতে পারেনি।

আদ জাতির ইতিহাস লক্ষ করুন...!! এমন এক জাতি, যারা বিল্ডিং নির্মান (Architecture) জ্ঞানে উন্নতির সর্বোচ্চ শিখড়ে আরোহন করেছিল, তারা পাহাড়ের ভেতরে পাহাড় কেটে কেটে বাড়ী নির্মাণ করত। নিরাপত্তা বিষয়ে তারা এমন ব্যবস্থাপনা তৈরী করেছিল যে, না আভ্যন্তরীণ কোন শত্রু তাদের উপর ধাওয়া করার শঙ্কা ছিল, না বাইরে থেকে কেউ এসে তাদের উপর চড়াও হওয়ার সম্ভাবনা ছিল। মোটকথা নিজেদের বাসস্থান ও এলাকার সার্বিক নিরাপত্তা তৈরী করে নিশ্চিন্তে তারা তাদের ঘরবাড়ীগুলোতে জীবনযাপন করছিল। এমন সময় যদি তাদেরকে বলা হয় যে, তোমাদের এই সুউচ্চ ও পাহাড়সম ঘরবাড়ীগুলোকে ধ্বংস করে দেয়া হবে। তবে বাহ্যিক পরিস্থিতির উপর ভরসাকারী, আকাশসম এ বিশাল অট্টালিকাগুলোর উপর গবেষণাকারী, নিরাপত্তার জন্য ব্যবহৃত মেট্রিয়েলের সাইন্টিফিক নিয়ে গবেষণাকারীগণ কথাটিকে কিভাবে বিশ্বাস করে নেবে!!!

কিন্তু ইতিহাস এখানেও তাদেরকে অন্ধ সাব্যস্ত করেছে। আদ' জাতির সার্বিক উন্নয়নশীল, অত্যাধুনিক শক্তি, ভূমিকম্পনপ্রুফ এবং সর্বপ্রকার আশংকা থেকে মুক্ত এ সুউচ্চ বিল্ডিংগুলো থাকা সত্তেও তাদের গর্বের অট্রালিকাসমূহকে নিমিষে মাটির সাথে মিশিয়ে দিয়ে পরবর্তী লোকদের জন্য এক মহাদৃষ্টান্ত দাড় করিয়েছে। অথচ আল্লাহ পাক রাব্বুল আলামীন তাদেরকে নিরাপত্তামূলক ঘরবাড়ীগুলোর বাইরে এনেও ধ্বংস করতে পারতেন। কিন্তু এর মাধ্যমে কেয়ামত পর্যন্তের জন্য আগত সকল গবেষক আর বিশেষজ্ঞদেরকে এটাই শিক্ষা দিয়েছেন যে, তোমাদের গবেষণা আর উন্নতি বাস্তবতাকে কোন সময় প্রতিহত করতে পারবেনা।

হযরত ইবরাহীম আ.কে নমরূদ চল্লিশ দিন পর্যন্ত প্রজ্জলিত আগুনের বিশাল কুন্ডে নিক্ষেপ করেছিল। বাহ্যিক চক্ষুস্মান ব্যক্তিবর্গ মনে করেছিল যে, আমরা আমাদের প্রভূ বিদ্রোহকারী, মূর্তি চুর্ণকারী ইবরাহীমকে আগুনে নিক্ষেপ করে তার হাড্ডিগুলো পর্যন্ত ছাই বানিয়ে দিয়েছি!!! কিন্তু বাস্তবতা ছিল তাদের ধারনার সম্পূর্ণ বিপরীত।

আল্লাহ তা'লার দুশমন এবং আল্লাহর প্রিয়নবী হযরত ঈসা আ.কে হত্যাকারী ইহুদীরা যখন ঈসা আ.কে কাষ্ঠে চড়িয়ে মনে করেছিল যে, আমরা ঈসাকে ফাঁসিতে ঝুলিয়ে দিয়েছি। কিন্তু বাহ্যিক চক্ষুস্মানগণ এখানেও ধোকায় পড়েছিল। এখন পর্যন্ত তারা এ ধোকার মধ্যেই নিমজ্জিত। কিন্তু আল্লাহ পাক রাব্বুল আলামীন অন্তর্চক্ষুর অধিকারীদেরকে ছয়শত বৎসর পর ঠিকই জানিয়ে দিয়েছেন যে, ঈসাকে ফাঁসিতে ঝুলানো হয়নি; বরং তাকে আসমানে উঠিয়ে নেয়া হয়েছে। সুতরাং অন্তর্চক্ষুর অধিকারীরা একথায় বিশ্বাস স্থাপন করে নিয়েছে। যদিও পরিস্থিতি তারা স্বচক্ষে প্রত্যক্ষ করেনি।

মক্কার সকল কুরাইশ অধিপতী, বুদ্ধিজীবী, বিশেষজ্ঞ, চিন্তাবীদ ও বাহ্যিক চক্ষুস্মান ব্যক্তিবর্গ শুধু একারণেই ধোকায় পড়েছিল যে, তারা অন্তর্চক্ষুতে অন্ধ ছিল। কখনো অন্তর্চক্ষুকে উজ্জল বা জীবিত করার আগ্রহ অন্তরে পয়দা করেনি। পক্ষান্তরে একজন হাবশী (কালো) গোলাম; শুধু গোলামই না, বরং তার মনিব তার চিন্তাচেতনাকেও পর্যন্ত কন্ট্রোল করার ষড়যন্ত্র করেছিল। কিন্তু তার অন্তর ঠিকই উজ্জল ছিল এবং এ উজ্জলতা পর্যায়ক্রমে বেড়েই চলছিল।

আবূ জেহেল, যার মাথা-ও ছিল বড়। পরিপক্ক বুদ্ধিদীপ্ত, চিন্তাবীদ এবং সুস্থ্য মস্তিস্কের অধিকারী এক বলিষ্ঠ ব্যক্তি। সে মুহাম্মদে আরাবী সা.এর রাত্রিকালীন সাত আসমান ভ্রমণে সৃষ্টিকর্তার সাথে সাক্ষাত করে আসার সংবাদটিকে বিশ্বাস করতে পারেনি। কেননা, মানুষের জ্ঞান সংবাদটিকে কিভাবে বিশ্বাস করবে যে, এত দীর্ঘ ভ্রমণ কোন আরোহী ছাড়াই কি করে একজন মানুষ এত অল্প সময়ের মধ্যে ভ্রমণ করে ফেলল!!! তাই সে সংবাদটিকে অস্বীকার করে মুহাম্মদে আরাবী সা. কে ঠাট্টা-বিদ্রুপ করেছিল। মনে করেছিল যে, মুহাম্মদের বিরুদ্ধে মানুষকে উস্কিয়ে দেয়ার এবং তার বাতানো পথ থেকে সর্বসাধারণকে বাধা দেয়ার জন্য সে একটি মহামাধ্যম আবিস্কার করে ফেলেছে। তাই সে একজনের কাছে গিয়ে বলেছিল- ঐ ব্যক্তি সম্পর্কে তোমার কি মত- যে দাবী করেছে যে, সে একরাত্রিতে সাত আসমান ভ্রমণ করে স্বীয় প্রভূর সাথে সাক্ষাত করে এসেছে ??!!! তখন ঐ ব্যক্তিটি জিজ্ঞাসা করেছিল যে, এ কথা কে দাবী করেছে ?? আবূ জেহেল বলেছিল- তোমারই বন্ধু মুহাম্মদ!! তখন সাথে সাথে উনি বিশ্বাস করে ফেলেছিলেন। সম্পর্ক অন্তরের সাথে ছিল, বুদ্ধির সাথে নয়!! এবং বলেছিলেন যে, মুহাম্মদ কখনো মিথ্যা বলতে পারেনা। বাস্তবেই যদি বলে থাকে, তবে সত্যই বলেছে...এতে বিন্দুমাত্র সন্দেহ নেই...। অন্তরান্ধ ব্যক্তি এ উত্তর শুনে আরো গভীর অন্ধকারে নিমজ্জিত হয়ে গেল। পক্ষান্তরে সত্যায়নকারী "সিদ্দীকে আকবর" উপাধিতে ভূষিত হয়ে কেয়ামত পর্যন্তের জন্য এমন উজ্জল হয়ে গেল যে, তার সাথে যেই সম্পর্ক স্থাপন করবে, সেও উজ্জল হয়ে যাবে। যারা তার সাথে ঘৃণার আচরণ করেছিল, তাদের চেহারাকেও কলঙ্কের ইতিহাস দিয়ে ঢেকে দেয়া হয়েছে।

এর কিছুদিন পর যখন সূরায়ে রূমের প্রাথমিক কিছু আয়াত নাযিল হল, যেখানে পারস্য কর্তৃক রূম সাম্রাজ্যের উপর পূর্ণ বিজয়ার্জন উল্লেখের পর বর্ণিত হয়েছে যে, "রূম সাম্রাজ্য পরাজিত হয়েছে, কিন্তু অল্পকয়েক বৎসরের ভেতরেই রূম পূণরায় বিজয়ী হবে।" আয়াতটি এমন পরিস্থিতিতে অবতীর্ণ হয়েছিল- যখন পারস্যসৈনিকেরা রূমদেরকে সম্পূর্ণরূপে পরাজিত করে সিরিয়ার সমস্ত এলাকা তাদের হাত থেকে কেড়ে নিয়েছিল এবং রূমীদের রাজকীয় অঞ্চল "কুস্তানতীনিয়্যা" পারস্যসৈনিকদের মাধ্যমে বেষ্টিত ছিল।

ঠিক এমনসময় কুরআনে কারীমের এ ঘোষনা যে, "অচিরেই রূম সাম্রাজ্য পারস্যের উপর বিজয়ী হবে" বিশ্বের বাহ্যিক পরিস্থিতি বিবেচনাকারীদের চোখে অবিশ্বাস্য ছিল। কিন্তু যাদের অন্তর্চক্ষু উজ্জল ছিল, যারা শুধু দুনিয়ার বাহ্যিক অবস্থা দেখে সিদ্ধান্ত নেয়ার পরিবর্তে অন্তরদৃষ্টি দিয়ে পরিস্থিতিকে পরখ করে থাকে, এ আয়াতের উপর তাদের এতই বিশ্বাস ছিল যে- কাফের সরদার উবাই বিন খালাফের সাথে দশ উটনির

বিনিময়ে বাজী ধরে ফেলেছিল যে, আগামী সাত বৎসরের ভেতরে রূমীগণ পূণরায় পারস্যের উপর বিজয়ী হবে। (উল্লেখ্য- ঐ সময় বাজী ধরা হারাম ছিলনা) উনি ছিলেন সেই সিদ্দীকে আকবর রা.। ফিরে এসে নবী করীম সা.কে বিষয়টি অবহিত করলে তিনি বললেন- "আয়াতে "بضع" শব্দ ব্যবহৃত হয়েছে, যার ব্যবহার দশের নিচের বেজুড় সংখ্যাগুলির জন্য হয়ে থাকে। সুতরাং তুমি সাত বৎসরের পরিবর্তে বাজীতে আরো দুই বৎসর (টোটাল নয় বৎসর) বাড়িয়ে নাও!" সুতরাং সিদ্দীকে আকবর রা. উবাই বিন খালাফের কাছে গিয়ে আরো দুই বৎসর বাড়িয়ে নিলেন। পাশাপাশি দশ উটের পরিবর্তে একশত উটের শর্তারোপ করলেন। আর উবাই বিন খালাফের চোখে বিশ্বের পরিস্থিতি এমনভাবে পরিলক্ষিত হচ্ছিল যে, রূমীদের বর্তমান যে অবস্থা, তাতে দশ বছর কি! একশ বছরের ভেতরেও পারস্যের উপর বিজয়ী হওয়ার কোন সম্ভাবনা দেখা যাচ্ছেনা। বরং বিজয়ী হওয়া তো দূরের কথা; রূমীদের জান বাঁচানোই তখন কঠিন হয়ে পড়েছিল। ফলে সে শর্তগুলো মেনে নিয়েছিল। পক্ষান্তরে সিদ্দীকে আকবর রা. সম্পূর্ণ নিশ্চিন্ত ছিলেন, যে কথা নবী করীম সা. এর মুখ থেকে বের হয়েছে, তা কখনো ভূল হতে পারেনা। বিশ্বের পরিস্থিতি যতই নাজুক আর বিপরীতে থাকুক না কেন!!!

অতপর দুনিয়া দেখেছে (ইতিহাস সাক্ষী) যে, এখানেও অন্তর্চোকের অধিকারী ব্যক্তির কথাটিই সঠিক বলে প্রমাণিত হয়েছে এবং বাহ্যিক পরিস্থিতিতে বিশ্বাসকারীর ভাগ্যে ব্যর্থতা, অপমান এবং লাঞ্ছনা ধরা পড়েছে। বাহ্যিক ও আভ্যন্তরীনের পারস্পরিক টানাপোড়নের ইতিহাস ততটুকুই লম্বা, যতটুকু হক্ব আর বাতিলের ইতিহাস। চৌদ্দশত বৎসর পূর্বে মদীনা মুনাওয়ারার পাড় ঘেষা পাহাড়, যাকে "جبل سلع" বলা হয়ে থাকে- ছোট্ট একটি ইসলামী শাসনব্যবস্থার সর্বশেষ প্রতিরক্ষার জন্য খন্দক খুদা হচ্ছে। অভাব-অনটন ও দুর্ভিক্ষের বৎসর সেনাপ্রধান এবং মুজাহিদীন মিলে পাথরের মত শক্ত যমিনের বক্ষ কেটে নিজেদের জন্য প্রতিরক্ষার হাতিয়ার তৈরী করছে। শত্রুসেনারা একতাবদ্ধ হয়ে চারপাশ থেকে ঘিরে এ শাসনব্যবস্থার উপর আক্রমণে বদ্ধপরিকর। দুশমনেরা শপথ করেছে, পরস্পরে প্রতিশ্রুতি নিয়েছে যে, নতুন এ ধর্ম ও তার সকল অনুসারীকে তাদেরই ভূমিতে জিন্দা দাফন করে চিরদিনের জন্য ভবলীলা সাঙ্গ করে দেবে। মদীনার অভ্যন্তরে থাকা মুনাফিকীন-ও তাদেরকে অভ্যর্থণা জানানোর সার্বিক প্রস্তুতি নিয়ে রেখেছিল যে, এখন মুসলমানদের বারটা বাজবে। আমরা তাদেরকে কত বুঝিয়েছি যে, এত বিশাল সৈন্যদের বিরুদ্ধে যাওয়াটা বুদ্ধিমানের কাজ হবেনা!! মুসলমানগণ জযবায় বশ হয়ে বাস্তব পরিস্থিতির দিকে লক্ষ করেনি!! তাদের এ নতুন ধর্ম তাদেরকে পাগল বানিয়ে দিয়েছে!! তাদের লিডার তাদেরকে জাদু করে ফেলেছে!!! এখন তাদেরকে কে বাঁচাব ???!!!

একদিকে অভাব-অনটন, দুর্ভিক্ষ, ক্ষুদার যন্ত্রণা, পিপাসা, ক্লান্তি, মুনাফিকীন কর্তৃক তীরের আঘাতের মত বিষাক্ত সমালোচনা অপরদিকে শত্রুদের একতাবদ্ধ বিশাল সেনাবাহিনী। সেনাপ্রধান, পথপ্রদর্শক ও মহান রাহবর মুহাম্মদে আরাবী সা. ক্ষুধার যন্ত্রণায় পেটে পাথর বেধে কুঠার হাতে খন্দক খননে ব্যস্ত। কুঠারের একটি আঘাত পাথরের উপর পতিত হয়, সাথে সাথে যবানে মুবারক থেকে রূম সাম্রাজ্য বিজয়ের সুসংবাদ ভেসে আসে। দ্বিতীয় আঘাত পতিত হয়, পাথর থেকে আলো বেরিয়ে আসে, যবানে মুবারক থেকে পারস্য সাম্রাজ্য বিজয়ের ভবিষ্যদ্বাণী ভেসে আসে। তাদের বাস্তব পরিস্থিতি কি !! আর যবানে মুবারক থেকে কিরূপ ভবিষ্যদ্বাণী ভেসে আসছে!! যাদের পায়ের তলায় মাটি নেই, তারাই কিনা বিশ্বজয়ের স্বপ্নে বিভোর!!

বাস্তব পরিস্থিতির পূজারীগণ এখানেও গবেষণা আর অভিজ্ঞতার বর্ণনা দিয়ে যাবতীয় বক্তব্য উপস্থাপন করেছিল। কিন্তু অন্তরদৃষ্টির অধিকারীগণ এভবিষ্যদ্বাণীর উপর এতটাই বিশ্বাস স্থাপন করেছিল যে, মনে হয়- বাস্তবে রূম ও পারস্যের বিজয় সামনে প্রত্যক্ষ করছে। রূম এবং পারস্য সাম্রাজ্য মুহাম্মাদে আরাবী সা.এর গোলামদের পায়ে চুমু খেয়েছে। মুর্খতার অন্ধকারে ছটফট করতে থাকা এসকল এলাকাগুলো ইসলামের আলোয় আলোকিত হয়ে নিজেকে সৌভাগ্যশীল মনে করছে।

সুতরাং বর্তমান সময়েও যদি অন্তরদৃষ্টির অধিকারী, রাসূলে আরাবী সা. এর গোলাম, রাসূলের মহব্বতে সর্বস্ব ত্যাগ স্বীকারে প্রস্তুত, রাসূলের উম্মতকে অত্যচার-বিপদাপদের হাত থেকে রক্ষায় স্বীয় আরামায়েশকে ত্যাগকারীদের এমনসব কথা, যা বাস্তব পরিস্থিতি পর্যবেক্ষকদের কাছে দিবাস্বপ্নের মত মনে হয়- তা অন্তর্চক্ষুর অধিকারীগণ এজন্য বিশ্বাস করবেনা যে, বাহ্যিক পরিস্থিতি এবং প্রমাণাদী সবকিছুই এর

বিপরীতে। যাদের অন্তরগুলো নূরে নবুওয়তের দ্বারা আলোকিত, তারাও এ কথাগুলো মেনে নেবেনা। শুধু এ কারণে যে, পরিস্থিতি বিশ্লেষকদের মুখগুলো অনেক লম্বা !!! তাদের বাহ্যিক শক্তি-সামর্থ্য অত্যাধিক বেশি!!! এসকল ব্যক্তিই মহান দ্বীনে ইসলামকে মুখের কথার মাধ্যমে নিভিয়ে দিতে চায়!!!

তাহলে এখনও কি এ জাতি নৈরাশ্য আর ভয়ের ছায়ায় লম্বা শ্বাস টানতে থাকবে ??!! দাজ্জালী মিডিয়ায় প্রচারকৃত ঠাট্টা-বিদ্রুপ আর গবেষকদের কলমনিস্রিত মিথ্যা ও ইহুদীদের মনগড়া রিপোর্টগুলোর মাধ্যমে কি মুজাহিদীনের সকল কার্যক্রম লুকিয়ে রাখা যাবে, যা তারা অগ্নিসাগর এবং রক্তসমুদ্রে ডুব দিয়ে আল্লাহর উপর ভরসা রেখে পূর্ণ করতে সক্ষম হয়েছে ??!! তাহলে কি ইহুদীদের পা-চাটা বেতনভুক্ত ঐ সকল টিভি-চ্যানেল এবং বুদ্ধিজীবীদের কথাগুলোর উপর বিশ্বাস করে ফেলা হবে ??!! তারা তো মুজাহিদীনের ব্যাপারে "অ-আ-ক-খ"রও জ্ঞানও রাখেনা। পাশাপাশি ঐ সকল পরিপক্ক লোকদের বিবৃতিগুলো কি প্রত্যাখ্যান করে দেয়া হবে, যারা বিশ্বব্যাপী ঘোষনা করে যে, কাজটি মুহাম্মদে আরাবী সা. এর গোলামেরা বাস্তবায়ন করে দেখিয়েছে ??!!

ওহে ঈমানদারগণ! এমনটি কেন হচ্ছে ??!! তাহলে কি আপনারা একজন মুমিনের কথাগুলোকে মিথ্যারোপ করে কাফেরদের মিথ্যা ও মনগড়া গবেষণার চক্করে ফেসে গেছেন ??!! অন্তর্চক্ষু খোলে দেখুন...!! পৃথিবী বদলে যাচ্ছে...। বিশ্বশক্তিসমূহ দুর্বল হয়ে পড়ছে...। যুগের ফেরাউনেরা কাল পর্যন্ত -যারা মুজাহিদীনকে আমলেই নিত না- আজ তারাও এ যুদ্ধে মুজাহিদীনকে লক্ষনির্ধারণকারী মানতে বাধ্য হয়েছে।

ওহে দ্বীনের যুবক সম্প্রদায়! সময় বদলাতে শুরু করেছে...। কাল পর্যন্ত যেসকল মজলুমান অত্যাচারকে নিজের ভাগ্য বলে মেনে নিয়েছিল, আজ তাদের হাতগুলিও জালেমদের গরদানে উঠে বসেছে...। প্রতিদিনই তারা জালেমদের জবাই করে যাচ্ছে...।

